Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পূজা-মন্ত্র

শ্রীকৃষ্ণসংঘ লাইব্রেরী

১৬, লেক ভিউ রোড, কলিকাতা-৭০০ ০২৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

LIBRARY
SHREE SHREE MA ANANDAMAYEE ASHRAM
BHADAINI, VARANASI-1

No. 3/55

Book should be returned by date (last) noted below or re-issue arranged. Otherwise a fine of 10 Paise daily shall have to be paid.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

3/55

পূজামন্ত্রের এই নূতন সংস্করণ
শ্রীমায়ের শ্রীকরে করিয়া সমর্পণ;
ধন্য হলো আজি সদানন্দের জীবন।
প্রতি কাজে করি- যেন মায়েরি পূজন॥

বিন্ধ্যাচল — ৪ঠা চৈত্র ১৩৮৬
১৮ই মার্চ ১৯৮০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

3/55

পূজা-মন্ত্র

(বিভিন্ন স্তোত্র ও সঙ্গীতাদি সহ নব সংস্করণ)

ওঁ

শ্রীকৃষ্ণসংঘ লাইব্রেরী,
১৬ লেক ভিউ রোড,
কলিকাতা-৭০০০২৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রকাশক :—
শ্রীমৎ সদানন্দ ব্রহ্মচারী
শ্রীকৃষ্ণ সঙ্ঘ
১৬, লেকভিউ রোড, কলিকাতা ৭০০০২৯

প্রাপ্তিস্থান :—

১। শ্রীকৃষ্ণসঙ্ঘ লাইব্রেরী।
২। শ্রীকৃষ্ণ গ্রন্থাগার
গুরুধাম-অকাল নিবাস, সরোজিনী পল্লী, বারাসত।
৩। শ্রীরামকৃষ্ণ আশ্রম, নাটশাল, মেদিনীপুর।
৪। শ্রীকৃষ্ণ সঙ্ঘ
ডি ৫২।৪৬, লক্ষীকুণ্ড, বারাণসী ২২১০০১।

মূল্য : ৪ টাকা
(সভ্যদের জন্য অর্ধমূল্য)

মুদ্রাকর :—
শ্রীশচীন্দ্র নাথ বেরা
ইজি প্রেস
১৫ এ, ছিদাম মুদি লেন
কলিকাতা-৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রকাশকের নিবেদন

ওঁ

'পূজামন্ত্রের' পুস্তিকাটি প্রকাশ করিতে যাইয়া যিনি এই পূজার প্রবর্ত্তক ও প্রেরক ছিলেন তাঁহার অনুধ্যানকল্পে এখানে দু'চার কথায় তাঁহার দিব্য জীবনের সামান্য আভাস দিবার অক্ষম প্রয়াসে ব্রতী হইয়াছি।

পূণ্যদর্শন সেই মহাপুরুষের প্রতিকৃতিখানি এই পুস্তিকার অগ্রভাগে সংযোজিত হইয়াছে। তিনি (শ্রীশ্রীঠাকুর প্রেমানন্দতীর্থ স্বামীজী মহারাজ) বর্ত্তমান যুগের অগণিত সুখ্যাত ও অখ্যাত ব্যক্তির পরম শ্রদ্ধার পাত্র—হৃদয়ের ধন ছিলেন। প্রতিষ্ঠার মোহ তাহার বিন্দুমাত্রও ছিল না। জনসংঘট্ট হইতে নিজেকে তিনি দূরে রাখিতে এবং গুপ্ত থাকিতেই ভালবাসিতেন। তথাপি বঙ্গদেশ হইতে সুদূর কাশ্মীর এবং উত্তরাখণ্ডের নানাস্থানে পরিব্রজ্যাকালে যাহারাই তাঁহার সঙ্গে পরিচিত হইবার সুযোগ পাইয়াছেন তাহারা তাঁহাকে ভুলিতে পারিতেন না। সন্ন্যাস জীবনে তিনি টাকা পয়সা স্পর্শও করিতেন না। তাঁহার কোন শিষ্যমণ্ডলী, আশ্রম বা নির্দিষ্ট বাসস্থানও ছিল না।

আজ হইতে ১০৮ বৎসর পূর্বে ১২৭৮ সনের ১১ই অগ্রহায়ণ পুণ্য রাসপূর্ণিমা তিথিতে পূর্ববঙ্গে (অধুনা বাংলাদেশে) বরিশাল জেলার বাটাজোর গ্রামে এক নৈষ্ঠিক ব্রাহ্মণ পরিবারে শুভক্ষণে তাঁহার আবির্ভাব হয়। বাল্যকাল হইতেই তাঁহার দিব্যজীবনের চাল চলন একেবারে স্বতন্ত্র সর্ববিলক্ষণ মনে হইত। তাঁহার মধ্যে উচ্চনীচ ভেদভাব ছিল না, দীনদুঃখী হীনজাতি সকলকেই তিনি সমানচক্ষে দেখিতেন, মানুষে মানুষে ভেদভাব সহ্য করিতে পারিতেন না। জীবসেবা যেন তাঁহার সহজাত ছিল। তীক্ষ্ণবুদ্ধি, অদ্ভুত-স্মৃতিশক্তি, দৃঢ় অধ্যবসায় এ সমস্তই তাঁহাতে স্বাভাবিকরূপেই বর্তমান ছিল—অত্যন্ত মেধাবী ছিলেন, একবার পড়িলেই তাহা আর ভুলিতেন না। তাঁহার পিতৃদেব দেহত্যাগের পূর্বে তাঁহাকে প্রতিজ্ঞা করাইলেন তিনি যেন শিক্ষান্তে সন্ন্যাস গ্রহণ করেন। শৈশবেই তাঁহার মাতৃবিয়োগ হয়। তিনি অত্যন্ত মাতৃভক্ত ছিলেন। স্বপ্নে মা আসিয়া তাঁহাকে দেখাইয়া দেন যে সব মেয়েদের ভিতরেই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তিনি বর্তমান। সেইদিন হইতে তাঁহার কাছে সমস্ত স্ত্রীজাতিই মাতৃরূপে প্রতিভাত হয়। পাঠ্যজীবনেও দেখা যায় তিনি সর্ববিষয়ে পারদর্শী হওয়া সত্ত্বেও তাঁহার মুখ্য কাজ যেন ছিল দীনদুঃখীর সেবা—রোগীর পরিচর্যা ইত্যাদি। তাঁহার লক্ষ্য ছিল উচ্চতর, সেজন্য B. A. পরীক্ষান্তেই তিনি পিতৃদেবের আদেশমত সর্বত্যাগী সন্ন্যাস জীবনের প্রতি আকৃষ্ট হইয়া পড়িলেন। কিন্তু তিনি ছিলেন গীতার সন্ন্যাসী —অনাসক্ত ফলাকাঙ্ক্ষাবর্জিত হইয়া ভগবদ্ ইচ্ছা পূরণ, জীবের কল্যাণ সাধনই ছিল তাঁহার মতে সন্ন্যাস শব্দের অর্থ। নির্মম উদাসীন জগৎ বা জীবের প্রতি বিমুখ সন্ন্যাসী তিনি ছিলেন না।

জীবনের প্রথম ভাগে যখন তাঁহার অটুট স্বাস্থ্য ছিল তখন তিনি লোকসেবার প্রয়োজনে দেশ হইতে দেশান্তরে মহামারী মড়ক বন্যা ভূমিকম্পে ছুটিয়া গিয়া ত্রাণকার্যে নিজেকে নিয়োগ করিয়াছেন। কত অসহায় মরণাপন্ন রোগীর পরিচর্যায় কত বিনিদ্র রজনী যে কাটাইয়াছেন তাহার ইয়ত্তা নাই। শেষ বয়সে যখন বার্ধক্য ও ব্যাধির আক্রমণে শরীর অশক্ত হইয়া পড়িল, তখনও কি করিয়া লোকের হিত হয়, কি ভাবে চলিলে মানুষ প্রকৃত উন্নতি ও শান্তির পথে অগ্রসর হইয়া দিব্যজীবন লাভ করিতে পারে রাতদিন এই চিন্তাই করিতেন। শারীর সেবায় অসমর্থ হইলেও তিনি এইভাবে শেষদিন পর্যন্ত সংসার-তাপদগ্ধজীবের মানসসেবা করিয়া গিয়াছেন। তাঁহার দিব্যজীবনের আদর্শ কি ছিল তাহা নিজেই লিপিবদ্ধ করিয়া গিয়াছেন।—"জীবনের প্রথম ভাগটা আর্ত্তরোগীদের সেবার ভিতর দিয়া সামান্য ঋণশোধ করিবার চেষ্টা করা হইয়াছে। তারপর বার্ধক্য ও ব্যাধির প্রভাবে যখন এই জাতীয় সেবা করিতে অসমর্থ হইয়া পড়িলাম, তখন মনে হইল সমস্ত জীবনের অনুভূতির সার অংশ যদি আমার বন্ধুদের নিকট প্রকাশ করিয়া তাহাদের একটু কল্যাণের সহায় হইতে পারি, তবেই আমার জীবন একটু সার্থক মনে করিবার সুযোগ পাইব"। জীবনকে তিনি যজ্ঞরূপে দেখিতেন এবং এই যজ্ঞ সম্বন্ধেও লিখিয়াছেন—" সমস্ত কর্মকে যজ্ঞে ভগবদ্ আরাধনায় পরিণত করা যায়। নিষ্কাম কর্ম, ভগবদ্

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আরাধনা যজ্ঞের নামান্তর। কর্মকে কি করিয়া যজ্ঞে পরিণত করা যায় বন্ধুদের সে তত্ত্ব বুঝাইয়া দেওয়াই আমার জীবনের প্রধান কর্তব্য মনে করি। যে কোন জ্ঞানের পূর্ণ অবস্থা যে ব্রহ্মজ্ঞান, যে কোন কাজের পূর্ণতাপ্রাপ্তি যে ভগবৎপ্রাপ্তি, যে কোন ভালবাসার পূর্ণ পবিত্রতাপ্রাপ্ত অবস্থা যে ভগবৎ প্রেম তাহা আমি পূর্ণরূপে বিশ্বাস করি। Any knowledge raised to the power of infinity is the knowledge of God, any activity done in the perfect way is the real "Jnana" or "Parasadhana" any love raised to the power of infinity is the love of God."

আরও বলিয়াছেন: "সংসারের ভালবাসাকে ধীরে ধীরে শুদ্ধ করিয়া কিরূপে ভগবৎপ্রেমে পরিণত করা যায়, সেই পরিবর্তন করাই হইবে জীবনের লক্ষ্য। নিজের দেহকে সংসারকে করিয়া তুলিব ভগবদ্ধাম, প্রিয়জনকে করিয়া তুলিব ভগবদ্‌বিগ্রহ, আমাদের ভালবাসাকে করিয়া তুলিব ভগবৎপ্রেম, আমাদের কাজকে করিয়া তুলিব ভগবৎ পূজা। নিজের ভিতর এবং বন্ধুদের ভিতরে এই ভাব বদ্ধমূল করিয়া দেওয়াই আমার জীবনের সাধনা। আমার বিশ্বাস ইহাই ছিল ঋষিদের আবিষ্কৃত আর্যধর্ম।

উল্লিখিত শুভসংকল্পদ্বারা উদ্বুদ্ধ হইয়াই পরমারাধ্য ঠাকুর বৈদিক কাল হইতে আরম্ভ করিয়া বিভিন্ন সময়ের অনেক শ্লোক সংগ্রহ করিয়া প্রাচীন ভারতের সত্যকার অধ্যাত্মসাধনার ধারাকে অনুসরণ করতঃ বর্তমান কালোপযোগী করিয়া এই পূজামন্ত্রসংকলন করিয়াছেন। এই সম্বন্ধে পূজামন্ত্রের ভাষ্যকার পরম পূজ্যপাদ আচার্য মহামহোপাধ্যায় গোপীনাথ কবিরাজ মহাশয় লিখিয়াছেন,—"এই পূজামন্ত্রে যে শ্লোকগুলি সাজান হইয়াছে তাহার অন্তর্নিহিত একটি সাধনা রহিয়াছে। এগুলি ইতস্ততঃ বিক্ষিপ্ত কতকগুলি ভাল ভাল শ্লোকের সমষ্টি মাত্র নহে। যাহারা পূজাকে জীবনগত করিয়া সার্থক করিয়া তুলিতে চান তাহারা পূজার কোন অঙ্গের পর কোন অঙ্গ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কোন্ তত্ত্বের পর কোন তত্ত্ব, কেন আসিল তাহা বিশেষভাবে লক্ষ্য করিয়া হৃদয়ঙ্গম করিবেন। যাঁহারা প্রকৃত সাধক সত্যের অনিসন্ধিৎসু, তাহাদের সাধনরাজ্যে সুবিধার জন্য যথাসম্ভব আভাসে ইঙ্গিতে জিনিস-গুলি প্রকাশ করিবার চেষ্টা করা হইয়াছে। এই পূজার বিধান কিছু নূতন নহে। প্রাচীন ভারতের অধ্যাত্মসাধনার ধারাকে অনুসরণ করিয়াই প্রাচীন ধারাকে যতখানি সম্ভব যুগোপযোগী করিয়া দেওয়া হইয়াছে।”

তিনবৎসর পূর্বে পূজামন্ত্র বইখানিতে সংস্কৃত শ্লোকগুলির মর্মার্থ বাংলা কবিতায় অনুবাদসহ কাশী হইতে প্রকাশিত হইয়াছিল। সংস্কৃতে অনভিজ্ঞ পূজামন্ত্রের অনুশীলনকারী অনেক বন্ধু ও মায়েরা বাংলা অনুবাদ পাইয়া বিশেষ সন্তোষ প্রকাশ করিয়াছিলেন, তাই ইহা পুনঃ প্রকাশিত করা হইল। শ্রীশ্রী স্বামীজী মহারাজের এক বিশিষ্ট অনুরক্ত ভক্ত এই প্রাঞ্জল অনুবাদ করিয়াছেন কিন্তু তাঁহার নাম প্রকাশের অনিচ্ছায় তাহা অনুল্লিখিত রহিয়া গেল। যাঁহারা স্বামীজী মহারাজের সাক্ষাৎ দর্শনস্পর্শনের সৌভাগ্যলাভ করেন নাই, বিশেষ ভাবে তাহাদের কথা স্মরণে রাখিয়া এই সংস্করণে পূজামন্ত্র পুস্তিকায় স্বামীজী মহারাজের একখানি প্রতিকৃতি, সংক্ষিপ্ত জীবনকথা, এবং তিনি কেন এই পুস্তকসংকলন করিলেন সেই বিষয় এবং পূজা সম্বন্ধে তাঁহার একখানি পত্র ও কতিপয় সাধনসংকেত নামে কল্যাণবাণী, তাঁহার কয়েকটি প্রিয় সংগীত ও স্তোত্রাদি সংযোজিত হইয়া এই পুস্তিকা প্রকাশিত হইল।

মহামহোপাধ্যায় আচার্য গোপীনাথ কবিরাজ মহাশয় কর্তৃক পূজামন্ত্রের ব্যাখ্যাসহ বড় পূজাতত্ত্ব ও যজ্ঞ তত্ত্ব, স্বামীজী মহারাজের জীবনী ও পত্রাবলী এবং তাঁহার অনেক সুচিন্তিত রচনাবলীর পুস্তকযথা সম্ভব সুলভ মূল্যে বিতরণের জন্য শ্রীকৃষ্ণসংঘ লাইব্রেরীতে মজুত আছে।

সত্যানুসন্ধিৎসু সাধকদের নিকট পূজার যথার্থ তাৎপর্য যদি উদ্ঘাটিত হয় তাহা হইলেই শ্রীকৃষ্ণসংঘের এই প্রয়াস সার্থক হইবে বলিয়া মনে করি।

শ্রীকৃষ্ণ সঙ্ঘ, রাসপূর্ণিমা, কলিকাতা ১৩৮৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রী ভগবান দেবর্ষি নারদকে বলিতেছেন :—

নাহং বসামি বৈকুণ্ঠে যোগিনাম্ হৃদয়ে ন চ।
মদ্ভক্তা যত্র গায়ন্তি তত্র তিষ্ঠামি নারদ॥

—হে নারদ! আমি বৈকুণ্ঠে বাস করি না বা যোগীদের হৃদয়েও বাস করি না। যেখানে আমার ভক্তগণ সমবেত ভাবে সদা সর্বদা আমার নাম গান করেন নামগুণ কীর্তন করেন আমি সেখানেই থাকি।

গীতার বাণী—

তেষাং সতত যুক্তানাং ভজতাং প্রীতিপূর্বকম্।
দদামি বুদ্ধিযোগং তং যেন মামুপযান্তি তে॥

—যে সব সাধক প্রীতিপূর্বক আমারই কথা পরস্পর আলোচনা করিয়া ভজনা করেন আমিই তাহাদিগকে সেই বুদ্ধিযোগ দান করিয়া থাকি, যাহা দ্বারা তাহারা আমাকে প্রাপ্ত হইয়া থাকেন।

———

সব কাজে স্মরণই পূজা। শ্রীচৈতন্যচরিতামৃতে আছে

'খাইতে-শুইতে যথা-তথা নাম লয়।
কাল-দেশ-নিয়ম নাহি, সর্বসিদ্ধি হয়॥'

"সাধন স্মরণলীলা, ইহাতে না কর হেলা।"

"মনের স্মরণ প্রাণ।"

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সূচীপত্র

বিষয়		পৃষ্ঠা
পূজামন্ত্র সংকলনের উদ্দেশ্য	....	১
পূজা	....	৬
পূজামন্ত্র	....	১১
সঙ্গীত	....	৪৯
কবিতা	....	৮২
স্তোত্রমালা	....	৮৬
গীতায় সাধনশ্লোক	....	৯৭
সবকাজে পূজা	....	১০০
সাধন সংকেত	....	১০৬
সাধনের অধিকারী	....	১১০
সাধকের ভক্তিবিকাশের ক্রম	....	১১১

———

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS 3/55

পূজা মন্ত্র সংকলনের উদ্দেশ্য

(শ্রীশ্রীঠাকুর শ্রীমৎ প্রেমানন্দ তীর্থস্বামী মহারাজের পূজা মন্ত্র সংকলন সম্বন্ধে স্বহস্তে লিখিত অভিমত।)

পূজা মন্ত্র সংকলনের দুইটি মুখ্য কারণ,—প্রথমটি এই যে আমার বন্ধুগণ ও মায়েরা জানিতে চাহিতেন সাধন ভজন সম্বন্ধে আমার সাধারণ অভিজ্ঞতা কি! দেশে সাধন ভজন যেরূপ বিকৃত অবস্থা প্রাপ্ত হইয়াছে তাহার শোধন না হইলে ভবিষ্যতে আর কেহ সাধন ভজনের নাম করিতেও ইচ্ছা করিবেনা। সাধনভূমি ভারতবর্ষের পতন অনিবার্য হইয়া পড়িবে। তাঁহাদের সানুনয় অনুরোধ "আমরা যখন আপনার নিকট আসি তখন অনেক ভাল ভাল কথা হয়, কিন্তু সে সব পরে আর মনে থাকে না। এমন যদি কিছু লিখিয়া দেন বা এমন কতকগুলি শ্লোক সংগ্রহ করিয়া দেন যাহা পাঠ করিলে, যাহা লইয়া আলোচনা করিলে আমাদের প্রকৃত কল্যাণ সাধিত হইতে পারে, তাহা হইলে আমরা বিশেষ সুখী হইব।" তদর্থে এই শ্লোক সংগ্রহই "পূজা মন্ত্রে" পরিণত হইয়াছে।

দ্বিতীয় কারণ, আমার বন্ধুদের নিকট আমার কৃতজ্ঞতা প্রকাশ করা। আমি আমার বন্ধুদের নিকট, মাদের নিকট বিশেষভাবে ঋণী। যে ব্যক্তি গত ৫২ বৎসরের মধ্যে একটি পয়সাও ছোঁয় নাই, কখনো কাহারো নিকট কিছু চাহিতে প্রস্তুত হয় নাই, যাহার একজনও শিষ্য নাই, কোনো আশ্রম নাই তাহার পক্ষে এতটা সুখে, এতটা আরামে বাস করা, আমার বন্ধুদের ও মাদের আমার প্রতি কৃপার নিদর্শন। ইহার ভিতরে সর্বদা ভগবৎ কৃপার নিদর্শন পাইলেও যাঁহাদের ভিতর দিয়া তাঁহার কৃপা এইরূপ অযাচিত ভাবে বর্ষিত হইতেছে আমি তাঁহাদের নিকট বিশেষভাবে কৃতজ্ঞ। ইঁহাদের নিকট আমার জীবন একেবারে বিকাইয়া গিয়াছে বলিলেও অত্যুক্তি হইবে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

না মনে হয়। যদি কোনো উপায়ে তাহাদের কোনো উপকার সাধনের সহায় হইতে পারি তবে আমার জীবন সার্থক মনে করিব। এই কৃতজ্ঞতা প্রকাশের জন্যই জীবনের প্রথম ভাগটা গরীব দুঃখীর সেবার ভিতর দিয়া সামান্যভাবে ঋণ শোধ করিবার চেষ্টা করা হইয়াছে। তাহার পরেই বার্ধক্যে ব্যাধির প্রভাবে যখন এই জাতীয় সেবা করিতে অসমর্থ হইয়া পড়িলাম তখন মনে হইল আমার সমস্ত জীবনের অনুভূতির সার অংশ যদি আমার বন্ধুদের নিকট প্রকাশ করিয়া কোনো রূপে তাহাদের একটু কল্যাণ সাধন করিতে পারি তবে আমার জীবন একটু সার্থক মনে করিবার সুযোগ পাইব।

এই পূজা প্রণালী নির্ধারিত হইয়াছে প্রাচীন বৈদিক ভাবগুলি লইয়া। তাহাকে বর্তমান দেশকাল-পাত্রের উপযোগী করিতে চেষ্টা করার ফলেই এই পূজা মন্ত্রের সংকলন যাহাকে বলে, **old wine in a new botile** তিক্ত অথচ উপকারী **Quinine in capsule.** আমি বিশ্বাস করি ভাগবৎ ধর্ম সত্য ধর্ম, যে ধর্মে আমার ধর্মের যতটুকু সাদৃশ্য খুঁজিয়া পাইব সেই ধর্ম আমার ততটা হিতকারী মনে করিব। প্রাচীন ঋষিরা বিশেষ দূরদর্শী ছিলেন। সমস্ত অধিকারীর জন্য পৃথক পৃথক ব্যবস্থা অসম্ভব হইলেও সমসাময়িক লোকদের জন্য যাহা কিছু আবশ্যক তাহার প্রায় সব তাঁহাদের গ্রন্থে পাওয়া যায়। দেশকালের পরিবর্তনের সঙ্গে সঙ্গে স্মৃতিও পরিবর্তিত হইত। প্রাচীনকালে মাঝে মাঝে সব সাধকেরা পণ্ডিতেরা মিলিত হইয়া বিধান শাস্ত্রের দেশকালপাত্র অনুসারে পরিবর্তন করিতেন। ভারতের স্বাধীনতা রবি যেদিন অস্তমিত হইয়াছে সেদিন হইতে আজ পর্যন্ত আর কেহ ব্যবস্থাপত্র পরিবর্তন করিতে চেষ্টা করেন নাই, সে কাজে সক্ষম ব্যক্তিও এখন বিরল। ইহার ফলে প্রাচীন স্মৃতির মত (নির্দেশ), স্থলে স্থলে বর্তমান সমাজ স্রোতের দেশস্রোতের জগৎ স্রোতের অনুকূল না হওয়ায় লোকের শাস্ত্রের প্রতি শ্রদ্ধা ভক্তি কমিয়া যাইতে আরম্ভ করিয়াছে। এই সমাজ দেহ যখন যে ব্যাধি দ্বারা আক্রান্ত হয় তখন ঠিক সেই ব্যাধির উপযুক্ত চিকিৎসককেই সেই রোগ নাশ করিবার জন্য তদুপযোগী ঔষধ বিধিব্যবস্থা সহ পাঠানো হয়। সকল ঔষধেরই উদ্দেশ্য রোগ-নিবৃত্তি—পরমানন্দ প্রাপ্তি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভগবান জীবের জন্য কত ব্যস্ত, কতরূপে কতভাবে তিনি জীবের কল্যাণ সাধনের অভাব মোচনের চেষ্টা করিতেছেন তাহা নিজের জীবনে প্রত্যক্ষ করিয়া অবাক হইয়া গিয়াছি। বলা বাহুল্য, আমি একজন ঘোর কৃপাবাদী। আমি যেন আমার ভগবানের কৃপা সাগরে ডুবিয়া আছি। আমার সব অভাব দূর না করিলে, আমাকে তাঁহার আনন্দ সাগরে ডুবাইয়া না রাখিলে, আমাকে তাঁহার কাছে লইয়া যাইতে না পারিলে যেন আমার ভগবানের চলে না— তিনি যেন স্বস্তি পান না। আমার দৃঢ় বিশ্বাস তিনি আমাকে কোনও অন্যায় কাজ করিবার সুযোগ বা সামর্থ্য পর্যন্ত দেন নাই। তাঁহার কৃপা কিভাবে ক্ষরিত হইতেছে, তাহার একটা আভাস না দিয়া যেন থাকিতে পারিনা। উপনিষদের "যাথাতথ্যতোঽর্থান্ ব্যদধাৎ শাশ্বতীভ্যঃ সমাভ্যঃ" শ্লোকটি আমাকে খুবই আনন্দ দিয়া থাকে। গ্রহ উপগ্রহের গতি ও কার্যকলাপ, সৃষ্টিরহস্য, আমাদের দেহের নির্ম্মাণকৌশল, সব ইন্দ্রিয়ে অনন্ত শক্তি নিহিত রাখিবার ব্যবস্থা, বিষয়ের ভিতর দিয়া আকর্ষণ প্রণালী, জীবকে সব বিষয়ে পূর্ণতা দানের চেষ্টা আমাদের বাঁচাইয়া রাখিবার কৌশল সম্বন্ধে চিন্তা করাই হইয়া পড়িয়াছে আমার ধ্যানের বিষয়। আমার দৃঢ় বিশ্বাস আমাদের জীবনে তাঁহার কৃপা ঠিকভাবে অনুভবে আসিলে আমরা পূর্ণভাবে তাঁহাকে জানিতে, তাঁহার প্রিয় কার্য সাধন করিয়া তাঁহাতে তন্ময়তা লাভ করিতে যথাসাধ্য চেষ্টা না করিয়া থাকিতে পারিব না। এই চেষ্টার নামই আমার নিকট হইয়া পড়িয়াছে আমার প্রকৃত সাধনা বা পূজা।

বড়ই দুঃখের কথা, যে ভারত একদিন আত্মার চরম সারতত্ত্ব এবং সর্ব ব্যাপকত্ব প্রাণে প্রাণে অনুভব করিয়া এক অখণ্ড অদ্বয় জ্ঞানতত্ত্বকে পরম ইষ্ট বলিয়া স্থির করিয়াছিল, ভগবানকে গভীরতায় ও ব্যাপকতায় পরম বলিয়া পরমাত্মা নামে সম্বোধন করিয়াছিল, যাহার ফলে প্রাচীন ঋষিগণ তাঁহাদের পরম ইষ্টকে জগদ্ব্যাপী বিশ্বরূপ বলিয়া অনুভব করিয়া, জীবকে ভগবানের লীলা স্বীকৃত জীয়ন্ত বিগ্রহ বলিয়া প্রচার করিয়া, জীবের সেবাকে, জীবের সর্বাঙ্গীন কল্যাণ সাধনের চেষ্টাকে জীবনের সর্বশ্রেষ্ঠ সাধনা বলিয়া প্রচার করিয়া গিয়াছিলেন, 'নমস্তে জগদ্ব্যাপিকে বিশ্বমূর্ত্তে, 'বিশ্বরূপ বিশ্বনাথ বিশ্বজীব

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিগ্রহ'—ছিল যাহাদের স্তবের মন্ত্র, জীবের সেবাই ছিল যাহাদের নিকট শিবের সেবা, সেই ভারতে অস্বাভাবিক বিজাতীয় ভেদভাব আসিয়া ভারতের সর্বনাশ করিতে বসিয়াছে। পূজা এখন পরিণত হইয়াছে কতকগুলি গতানুগতিক ব্যবস্থা পালনে, অন্ধ আচার নিষ্ঠায় ছলেবলে কৌশলে স্বার্থ সিদ্ধির প্রচেষ্টায়। সাধকদের ভিতরে ভেদভাব সম্প্রদায়ের ভিতরে দলাদলি, দার্শনিকদের ভিতরে বিভিন্ন মতবাদ, রাজনৈতিকদের ভিতরে স্বার্থ ও প্রতিষ্ঠা জনিত বিবাদ বিসংবাদ আসিয়া দেশের সর্বনাশ সাধন করিতে বসিয়াছে। যাহাদের ইষ্ট ছিল সর্বব্যাপী ভগবান, সাধনা ছিল সর্বভূতে আত্মদর্শনের ফলে জীবের হিতসাধন, পরার্থ হইয়া পড়িয়াছিল প্রকৃত স্বার্থ, প্রকৃত কল্যাণ, সে দেশে আজ একটা অস্বাভাবিক ভেদভাব আসিয়া মা বাপ ছেলেমেয়ে, ভাই ভাইকে এমনকি স্বামী স্ত্রীকে আর প্রীতির চোখে দেখিতে পারিতেছে না।

আমাদের এই সমবেত পূজার উদ্দেশ্য এই অস্বাভাবিক সর্বনাশকারী ভেদভাব দূর করিয়া সকলের ভিতর একটা প্রেমের ভাব, আত্মীয়তার ভাব, প্রকৃত আর্যভাব আনয়নের চেষ্টা মাত্র। ব্যহিক ক্রিয়াকাণ্ডে হিংসামূলক আচার ব্যবহারে যে দেশকে জর্জরীভূত দেখিয়া ভগবান বুদ্ধ যে দেশে 'অহিংসা পরমোধর্ম্মঃ' মত প্রচার করিয়া গিয়াছিলেন, যে দেশে সব ভেদভাব দূর করিয়া জ্ঞানাবতার শঙ্কর ভারতের প্রাচীন অদ্বৈত মত পুনঃ প্রতিষ্ঠিত করিয়া গিয়াছিলেন, যে দেশে পরম প্রেমাবতার মহাপ্রভু জীবের সেবাকে প্রধান ধর্ম্ম বলিয়া ঘোষণা করিয়া গিয়াছেন, যে দেশে ঈশ্বরকে সমষ্টি তত্ত্বে স্থাপন করিয়া সকলের মধ্যে একটা একত্বস্থাপন, একত্ব উপলব্ধি করিবার জন্য এত ব্যবস্থা হইয়া গিয়াছে, সে দেশের আজ এই দুরবস্থা দেখিয়া আমাদের ধর্ম্মের, সাধন ভজনের প্রকৃত স্বরূপ উপলব্ধি করিবার যে একটা প্রকৃষ্ট সময় আসিয়াছে, তাহা আমরা মর্মে মর্মে অনুভব করিতে পারি।

হিন্দুর সাধন ভজন যে সর্বপ্রকার ভেদভাব দূর করিয়া অদ্বৈত জ্ঞান পুনঃ প্রতিষ্ঠা করা সর্বজীবের মধ্যে একটা প্রেমের সম্বন্ধ স্থাপন করা, জীবের সর্বাঙ্গীন কল্যাণ সাধন রূপ সেবাই যে সাধন ভজনের প্রকৃত উদ্দেশ্য তাহা দেখাইয়া দিতে পারিলে আমার মনে হয় আমার বন্ধুদের নিকট আমার ঋণ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভাবটা অতি সামান্যভাবে পরিশোধ করা হইবে। আমার বন্ধুরা আশাকরি বিশ্বাস করিবেন যে আমার এই প্রয়াস স্বার্থ সিদ্ধির বা প্রতিষ্ঠা স্থাপনের জন্য নহে, ইহা ঋণশোধের সামান্য প্রয়াস মাত্র। সকলকে ধর্মপথে চালাইয়া সংঘবদ্ধ করা ছিল ভগবান বুদ্ধের জীবনের প্রধান লক্ষ্য, ইহা ছিল বর্তমান যুগের শ্রীঅরবিন্দের প্রাণ। ঋষিদের প্রার্থনা মন্ত্রেও আমরা দেখিতে পাই, "সংগচ্ছধ্বং সংবদধ্বং সংবো মনাংসি জানতাম্। সমানো মন্ত্রঃ সমিতিঃ সমানী। সমানং মনঃ সহ চিত্তমেষাং" ইত্যাদি ভাব। সুতরাং সকলকে আপন আপন প্রকৃত স্বরূপের একটা আভাস দিয়া একত্র করা সমষ্টি ভাবাপন্ন করা ঈশ্বর কোটিতে লইয়া যাওয়াই আমাদের এই সমবেত পূজার লক্ষ্য।

বোধন শব্দের অর্থ— প্রবুদ্ধকরা—জাগাইয়া তোলা। ভগবান চির-জাগ্রত; তাঁহাকে আবার জাগ্রত করিতে হইবে কেন? জাগ্রত হইতে হইবে সাধকের নিজেকে। যেমন চোখ বন্ধ করিলে আমরা সব অন্ধকার মনে করি, ঠিক সেইরূপ আমরা নিদ্রিত বলিয়া সকলকে, এমনকি, ভগবানকে পর্যন্ত আমরা নিদ্রিত মনে করি। আমাদের দেহের জড়তা দূর করিয়া চিত্তের অজ্ঞানতা ও সংস্কার দূর করিয়া আমাদের ভিতর কার সব তত্ত্ব গুলিকে ভগবদ্ অনুভূতির যোগ্য করিয়া তোলাই প্রকৃত বোধন তত্ত্ব। তখন অনুভবে আসিবে—ভগবান আছেন, তিনি জাগ্রত, জীবের কল্যাণ সাধনে তৎপর, —ইহাই বোধন-তত্ত্ব।

———

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পূজা

(শ্রীশ্রীঠাকুর শ্রীমৎ প্রেমানন্দ তীর্থস্বামী মহারাজ লিখিত পূজা সম্বন্ধে একখানি চিঠির নকল)

পূজার নাম করিতে গেলেই পূজা কি এবং পূজার আবশ্যকতা কি এই দুইটি কথা মনে আইসে সুতরাং সে সম্বন্ধে অতি সামান্যভাবে দুই একটি কথা বলা আবশ্যক। পূজা ভগবৎপ্রাপ্তির উপায় বা সাধনা। জীবের জীবনের চরম লক্ষ্যই ভগবান। জীব যাহা কিছু কামনা করে যাহা পাইতে চায় যাহা পাইলে জীবের সকল কামনা পূর্ণ হয়। যাহা পাইলে আর কিছুই পাইতে বাকী থাকে না, জীবের জীবনের সকল কামনা-বাসনার যাহাতে পরিসমাপ্তি হয়, ভগবান ঈশ্বর বা ব্রহ্ম শব্দ দ্বারা তাঁহাকেই লক্ষ্য করা হইয়াছে। নারদ তাই বলিয়াছেন' ওঁ যৎ প্রাপ্য ন কিঞ্চিৎ বাঞ্ছতি ন শোচতি ন রমতে ন উৎসাহী ভবতি' অর্থাৎ যাহাকে পাইলে আর কিছুই পাইবার বাসনা থাকে না, আর কোনও জিনিষের জন্য শোক করিতে হয় না, আর কোনও জিনিষে চিত্তকে আসক্ত করিতে পারে না, আর কোনও জিনিষের জন্য কোনওরূপ উদ্যম করিতে হয় না অর্থাৎ যত কিছু পাইবার বা যত কিছু হইবার থাকিতে পারে তাহার সমস্তই যাঁহার অন্তর্ভূত তিনিই ভগবান। সুতরাং আমি ভগবানকে চাই না একথা বলা সম্পূর্ণ মিথ্যাকথা। আমি যত কিছু চাইতে পারি, ভাবিতে পারি তাহার সকলই ভগবান কথার মধ্যে আছে তাঁহাকে বাদ দিয়া আর কিছুই নাই, হইতে পারে না, হইবে না। সমস্ত প্রয়োজনীয় বিষয়গুলিকে ঋষিগণ সত্তা চৈতন্য ও আনন্দের অন্তর্ভূত দেখিয়াই ভগবানকে সচ্চিদানন্দময় বলিয়া সম্বোধন করিয়াছেন। আমরা আমাদের সমস্ত কাজ বা চিন্তার মধ্য দিয়া সজ্ঞানে অজ্ঞানে সেই সত্তা চৈতন্য বা আনন্দেরই অনুসন্ধান করিয়া থাকি। অর্থাৎ আমাদের শারীরিক, মানসিক ও আধ্যাত্মিক সমস্ত ক্রিয়াকলাপের মধ্যেই এই ভগবান।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ঋষিগণ এই ভগবানকে নানারূপে নানাভাবে উপলব্ধি করিয়া নানানামে অভিহিত করিয়া গিয়াছেন। জগতে যত কিছু পদার্থ দেখিতে পাই তাহার সমস্তই সেই সত্তার বিকাশ মাত্র। তিনি সত্যরূপে অনন্ত সৌন্দর্য্যের ভিতর দিয়া আমাদের চোখের সামনে আপন স্বরূপ প্রকাশ করিতেছেন। আকাশ, পুষ্প, পর্বত, সমুদ্র, মানুষ, পশু, পক্ষী প্রভৃতি নয়নমুগ্ধকর পদার্থ সেই সত্ত্বের মহিমা ঘোষণা করিতেছে। এসব সত্তার বিকার লক্ষিত হয়; কিন্তু তাঁহার সত্তা ষড়বিধ বিকার বর্জিত নিত্যরূপে বর্তমান। জগতে যত কিছু জ্ঞান দেখিতে পাই, সে সবই পরম জ্ঞানময়ের জ্ঞানের অতি সামান্য বিকাশ মাত্র। শঙ্কর প্রভৃতির ভিতর দিয়া তাঁহার জ্ঞান অতি সামান্য অংশ মাত্র ফুটিয়া বাহির হইয়াছিল। উপনিষদ বলেন, "এতস্যৈব আনন্দস্যৈব মাত্রামুপজীবন্তি।" জগতে যত কিছু জ্ঞান, যত কিছু আনন্দ দেখিতে পাই তাহা সেই অনন্ত অখণ্ড জ্ঞানানন্দের শুধু সামান্য কণা মাত্র। "তারতম্যেন বর্ত্ততে ব্রহ্মানন্দ লবাশ্রয়া" আব্রহ্মস্তম্ব পর্য্যন্ত সমস্ত জীব সেই ব্রহ্মানন্দের কণামাত্র অবলম্বন করিয়া বর্তমান রহিয়াছে। যে কোনও জ্ঞানকে অনন্ত পর্য্যন্ত প্রসারিত করিতে পারিলেই তাহা ভগবৎজ্ঞানে পরিণত হইবে। কোনও আনন্দকে অনন্ত পর্য্যন্ত প্রসারিত করিতে পারিলেই তাহা ব্রহ্মানন্দে পরিণত হইবে। পূর্ণরূপে জ্ঞান লাভ করা, পূর্ণরূপে আনন্দ লাভ করা ও ভগবানকে পাওয়া একই কথা।

পূজা বা সাধনা তাহাকেই বলে যাহা দ্বারা ক্রমে ক্রমে আমাদের সত্তা, আমাদের আনন্দ অনন্ত পর্য্যন্ত প্রসারিত হইয়া সেই অনন্তদেবে লীন হইয়া যাইতে পারে।

ভগবান সর্ব্বব্যাপী সকল পদার্থেই তিনি তপ্তায়বৎ (গরম যেমন লোহার ভিতরে প্রবেশ করে বা থাকে) সকল পদার্থের মধ্য দিয়া তিনি নিজের সত্তা, চৈতন্য ও আনন্দকে ফুটাইয়া বাহির করিতে চেষ্টা করিতেছেন, যাহাতে আমাদের ভিতর দিয়া তাঁহার সত্তা তাঁহার চৈতন্য তাঁহার আনন্দ অনন্তভাবে ফুটিয়া বাহির হইতে পারে তাহারই নাম সাধনা। পূজার জন্য আমাদের শরীর মনপ্রাণ ইন্দ্রিয়াদির দরজাগুলি এমন ভাবে খুলিয়া দিতে হইবে যাহাতে আমাদের ত্রিবিধ দেহ তাঁহার সত্তা চৈতন্য আনন্দ দ্বারা পূর্ণরূপে প্লাবিত হইয়া

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যাইতে পারে। তখন আমাদের দেহাদি শুধু তাঁহার প্রকাশের যন্ত্ররূপে পরিণত হইবে। পূজার দ্বারা আমরা অনন্ত জ্ঞানের, অনন্ত প্রেমের, অনন্ত আনন্দের অধিকারী হইতে পারি। যে যে কাজ আমাদের সত্তা আমাদের চৈতন্য আমাদের আনন্দবর্দ্ধক সে সমস্তই পূজা বলিয়া বর্ণিত হইয়াছে।

প্রত্যেক কাজেরই এক একটা কৌশল আছে যাহার দ্বারা সে কাজটি অতি সহজে অতি সুন্দর অতি স্বাভাবিকভাবে নির্ব্বাহ হইতে পারে সেইরূপ যে সকল উপায়ের দ্বারা কৌশল দ্বারা আমাদের সত্তা আমাদের চৈতন্য আমাদের আনন্দ অবাধিতভাবে সরল ও স্বাভাবিক ভাবে পরস্পর সামঞ্জস্য রক্ষাপূর্বক বর্দ্ধিত হইয়া পরমাত্মার পরম ব্রহ্মে পর্য্যবসিত হইতে পারে তাহারই নাম পূজা। প্রাচীন ঋষিগণ প্রদর্শিত সে সব কৌশল সম্বন্ধে অতি সামান্য ভাবে একটু আলোচনা করিতে চেষ্টা করা যাইতেছে।

পূজার প্রথম কাজ শৌচ, আসনশুদ্ধি, ভূতাপসারণ প্রভৃতি শাস্ত্রোক্ত ক্রিয়াগুলি। শাস্ত্রবিহিত শৌচাদি ক্রিয়া সমাপনান্তে (হস্তপদাদি ধৌত করিয়া) কোন নির্দ্দিষ্ট নির্জন স্থানে, কোন নির্দ্দিষ্ট আসনে সমংকায়শিরোগ্রীবঃ অর্থাৎ মস্তক গ্রীবা ও শরীরের মধ্যভাগ সমভাবে রাখিয়া (মেরুদণ্ডকে সোজা ও সরলভাবে রাখিয়া) স্থিরভাবে উপবেশন করিতে হইবে। আসনটি চেলাজিন কুশোত্তর (প্রথমে কুশাসন তার ওপর মৃগচর্ম বা কম্বল সর্বোপরে বস্ত্রখণ্ড) পূজার সময় দেহের কোন অংশ যেন মাটির সঙ্গে যোগ না থাকে। অভীষ্ট বিষয়ে চিন্তা ব্যতীত অপর কোনও চিন্তাকে মনে স্থান দিব না এইরূপ দৃঢ় সংকল্প হইয়া কার্য্যারম্ভ করিতে হইবে, অভীষ্ট বিষয়ে কৃতকার্য্য না হইয়া উঠিব না ইহাই শুদ্ধির উদ্দেশ্য। পৃথিবীর কোনও ভূত (প্রাণী বা পদার্থ) আমার নিকটে আসিয়া আমার মনের উপর আধিপত্য স্থাপন করিতে না পারে এজন্য স্থূল ও সূক্ষ্মভাবে পৃথিবীর চিন্তাকে যাবতীয় সংস্কারকে দূরে রাখার নামই ভূতাপসারণ।

ভগবৎপ্রাপ্তি বিষয়ে ভগবৎকৃপাই সর্বপ্রধান একথা স্মরণ করিতে হইবে। "হে ভগবান আমি তোমার পূজা করিতে পারি, আমি তোমাকে ডাকিতে পারি, আমি তোমাকে অনুভব করিতে পারি আমি সেবা দ্বারা তোমাকে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তৃপ্ত করিতে পারি এইরূপ আমার কোন শক্তি নাই। যে মানুষ একটা সামান্য বালুকণার, একটা সামান্য বেল বা নিমপাতার তত্ত্ব জানিতে অক্ষম সে আবার কি করিয়া এই বিরাট ব্রহ্মাণ্ডের সৃষ্টি স্থিতি লয়ের কারণ স্বরূপ তোমার তত্ত্ব অবগত হইবে? তবে তোমার কৃপায় সব অসম্ভব সম্ভব হয় (আর কৃপা করাই তোমার স্বভাব) তাই হে সর্বশক্তিমান পরম দয়াল প্রভু তুমি আমাকে এমন ক্ষমতা দাও যাহা দ্বারা আমি তোমার পূজা করিয়া তোমাকে সুখী করিয়া আমার জীবন সার্থক করিতে পারি। হে অন্তর্য্যামি! আমাকে তোমার মনের মতন করিয়া গড়িয়া লও আমি যেন তোমার সেবায় তোমার কাজে আমার জীবন মন সমর্পণ করিয়া ধন্য হইতে পারি। তোমার ইচ্ছা যেন আমার জীবনে পূর্ণতা লাভ করে।"

অহংকার থাকিতে তাহাকে পাওয়া যায় না তিনিই সব, আমি কিছুই নই, আমার বলিয়া যাহা কিছু সমস্তই তাঁহার। সকল অবস্থায় সকল কাজে তিনিই আমার একমাত্র আশ্রয়স্থান। তিনি না থাকিলে আমার চোখ দেখিতে পায় না, কান শুনিতে পায় না, মন চিন্তা করিতে পারেনা তাঁহার কৃপা ব্যতীত আমার কিছুই করিবার শক্তি নাই। ব্রহ্ম কৃপাহি কেবলম্। জানামি ধর্ম্মং ন চ মে প্রবৃত্তিঃ জানাম্যধর্ম্মং ন চ মে নিবৃত্তিঃ ত্বয়া হৃষীকেশ হৃদিস্থিতেন যথা নিযুক্তোঽস্মি তথা করোমি। আমি না গেলে চিত্তে তাঁহার ভাব আসিতে পারে না আর তাঁহার ভাব না আসিলে কিছুই হইতে পারে না। তবে প্রথম অবস্থায় চিত্তে ভাব না থাকিলেও প্রতিদিন নিয়মিতভাবে চিন্তা করিতে হইবে অভ্যাসদ্বারা ভগবৎ প্রতিকূল ভাবগুলি চিত্ত হইতে অপসারিত করিতে হইবে। আগাছা থাকিতে ভাল গাছের অঙ্কুর জন্মানো কষ্টকর। অনর্থ নিবৃত্তি হইলে সেই নিত্যসিদ্ধ ভগবৎতত্ত্ব বা প্রেম-পদার্থ আপনা হইতেই ফুটিয়া বাহির হইবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কলিতে সত্যই হইলে প্রবীণ [illegible] —
[illegible] হইয়া [illegible]
[illegible] ও সহজ-[illegible] ছিল। [illegible]
[illegible] নিজ-[illegible] [illegible]
[illegible] — [illegible]
নিজ-[illegible] [illegible]
[illegible] ও [illegible]
লইয়া [illegible]
[illegible]
[illegible] হইতে [illegible]
[illegible]। [illegible]
[illegible]।

[illegible]
[illegible] [illegible]/১/৪৭

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পূজামন্ত্র

(* তারকা চিহ্নিত মন্ত্রগুলি নিত্য পাঠ্য। সময়াভাব না হইলে সমস্ত মন্ত্রই পাঠ্য।)

বিষ্ণুস্মরণ ঃ—

*** ওঁ তৎসৎ**

ওঁ তৎসৎ—এই মন্ত্রটি ভগবৎ স্বরূপের দ্যোতক। ওঁ (নির্গুণ সগুণ ব্রহ্ম) যিনি তৎ (ব্রহ্ম) তিনিই সৎ (ঈশ্বর)। অর্থাৎ ওঁ তৎসৎ মন্ত্রই সগুণ ঈশ্বরের উপাসনার ভিত্তিভূমি।

*** ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং**
সদা পশ্যন্তি সূরয়ঃ
দিবীব চক্ষুরাততম্ ॥

সর্ব্বব্যাপী পরমাত্মা, বিষ্ণু ভগবান্,
তত্ত্বদর্শী ঋষি সদা করেন তাঁর ধ্যান।
দ্যুলোক-বিস্তৃত চক্ষু, ব্যাপি' মহাকাশ,
ঋষিরা দেখেন তাঁর পরম প্রকাশ ॥ ১

*** ওঁ বাঙ্ মে মনসি প্রতিষ্ঠিতা,**
মনো মে বাচি প্রতিষ্ঠিতম্ ।
ওঁ আবিরাবী র্ম এধি ওঁ আবিরাবী র্ম এধি
ওঁ আবিরাবী র্ম এধি ॥

বাক্যের প্রতিষ্ঠা হোক মনেতে আমার
প্রতিষ্ঠিত হোক মন বাক্যের মাঝার।
হে চিরপ্রকাশ তুমি এসো নিরন্তর
আবির্ভূত হও এসে আমার ভিতর ॥ ২ ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রার্থনা-প্রাতে :—

* হে বিশ্বনাথ করুণাময় রাত্রিকালে
স্থিত্বা ত্বয়া সহ সুখং বিগতশ্রমোঽহম্।
গ্লানিশ্চ দেহমনসোঽপি বিনির্গতা মে
প্রাতঃ প্রয়ামি বহিরীশ তবৈব গেহে ॥

হে বিশ্বনাথ রাত কাটানু তোমার কোলে শুয়ে,
দেহ মনের ক্লান্তি আমার শ্রান্তি গেল ধুয়ে।
রাত পোহাল প্রভাত হ'ল এল তোমার ডাক,
তোমার বিশ্বে তোমার 'পরে মনটি পড়ে থাক ॥ ৩ ॥

* সেবাব্রতং জনহিতঞ্চরিতুঞ্চ তত্র
শক্নোমি যেন ভগবংস্তব কিঙ্করোঽহম্।
মাং পশ্য চালয় বিভো সততঞ্চ রক্ষ
পূর্ণা ভবত্বনুদিনং ময়ি তে শুভেচ্ছা ॥ (৩ বার)

সেবার-ব্রতে জীবের হিতে জীবন করি দান,
সেই শক্তি দাও এ দাসে হে মোর ভগবান।
দেখে রেখো চালিয়ে নিও দিও অভয়বাণী,
আমার মাঝে পূর্ণ করো তোমার ইচ্ছাখানি ॥ ৪ ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

* লোকেশ চৈতন্যময়াধিদেব

শ্রীকান্ত বিষ্ণো ভবদাজ্ঞয়ৈব

প্রাতঃ সমুত্থায় তব প্রিয়ার্থং

সংসারযাত্রামনুবর্ত্তয়িষ্যে ॥

সর্ব্ব লোকের প্রভু ওগো চিন্ময় শ্রীহরি,
হে শ্রীকান্ত বিষ্ণু, তোমার আজ্ঞা অনুসরি।
সকাল বেলায় শয্যা ছাড়ি তোমার প্রীতি তরে;
করি আবার যাত্রা সুরু তোমার এ সংসারে ॥ ৫ ॥

* জানামি ধর্ম্মং ন চ মে প্রবৃত্তিঃ

জানাম্যধর্ম্মং ন চ মে নিবৃত্তিঃ।

ত্বয়া হৃষীকেশ হৃদি স্থিতেন

যথা নিযুক্তোঽস্মি তথা করোমি ॥

জানি আমি ধর্ম্ম কিন্তু তাহে নাই মতি,
অধর্ম্মও জানি তাহে নাহিক নিবৃত্তি।
হৃদে থেকে হৃষীকেশ যেমনটি চালাও,
করি আমি সেই মত যেমনটি করাও ॥ ৬ ॥

প্রার্থনা—(সন্ধ্যায়—সঙ্গীত ডেকেছেন প্রিয়তম পৃষ্ঠা ৬১)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

* আজ্ঞাপিতস্য চ পুরা জনসেবনায়
জাতং প্রভো ভববনে ভ্রমতঃ প্রমাদাৎ।
দেহে মনস্যপি চ মে মলিনত্বমীশ
যেনাবসীদতি মহেশ মমান্তরাত্মা ॥

আজ্ঞা ছিল আমার 'পরে - জনসেবার ব্রত,
ভবের বনে ঘুরে ফিরে ভুল করেছি কত!
ধূলি কাদায় ভরে গেছে আমার দেহ মন,
চিত্তজোড়া অবসাদের মলিন আবরণ ॥ ৭ ॥

* সন্ধ্যাসমাগমমহো মম জীবিতস্য
জ্ঞাত্বা চ মে জিগমিষাং তব সন্নিধানে।
প্রক্ষাল্য ধূলিমলিনং তনয়ং স্বকীয়ং
ক্রোড়ে নয়াশু জগদীশ কৃপানিধান ॥

জীবন সন্ধ্যা ঘনিয়ে এলো আঁধার চারিভিতে,
আকুল হ'লো পরাণ মম তোমার কাছে যেতে।
ধূলি-মলিন তনয় তোমার ধুয়ে মুছে দাও,
হে জগদীশ কৃপানিধান ত্বরায় কোলে নাও ॥ ৮ ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কৃতজ্ঞতা প্রকাশ ঃ—

* ওঁ গুরুভ্যো নমঃ ওঁ বান্ধবেভ্যো নমঃ
ওঁ জীবেভ্যো নমঃ ওঁ দেবেভ্যো নমঃ
ওঁ বিশ্বরূপায় পরমাত্মনে নমঃ ॥

গুরু পরমগুরু লহ প্রণাম আমার,
বন্ধু বান্ধব জীব দেবে মোর নমস্কার।
বিশ্বরূপ পরাত্মার বন্দি শ্রীচরণ,
সকলের আশীর্ব্বাদ যাচি অকৃপণ ॥ ৯ ॥

শুদ্ধিতত্ত্ব—সোমবার সঙ্গীত ঃ—(সাজায়ে দেমা তোর সন্তানে পৃষ্ঠা ৫৩)

* নির্ম্মানমোহা জিতসঙ্গদোষা
অধ্যাত্মনিত্যা বিনিবৃত্তকামাঃ।
দ্বন্দ্বৈর্বিমুক্তাঃ সুখদুঃখসংজ্ঞৈ-
র্গচ্ছন্ত্যমূঢ়াঃ পদমব্যয়ং তৎ ॥

প্রিয়ে বা অপ্রিয়ে যাঁর নাই রাগ দ্বেষ,
ভোগের লালসা যাঁর হ'য়েছে নিঃশেষ,
মোহ অভিমান-শূন্য যাঁহার অন্তর,
আত্মজ্ঞান-পরায়ণ যিনি নিরন্তর,
নাই হৃদে দ্বন্দ্বভাব সুখ দুঃখ নামে,
সেই জ্ঞানী যান চলি সেই নিত্য ধামে ॥ ১০ ॥

* বিহায় কামান্ যঃ সর্ব্বান্ পুমাংশ্চরতি নিঃস্পৃহঃ।
নির্ম্মমো নিরহঙ্কারঃ স শান্তিমধিগচ্ছতি ॥

কামনা ও স্পৃহা ছাড়ি' বিচরে যে ভবে।
যে মমত্ব অহং-মুক্ত সেই শান্তি লভে ॥ ১১ ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

❋ ওঁ ভূঃ ওঁ ভুবঃ ওঁ স্বঃ

ওঁ মহঃ ওঁ জনঃ ওঁ তপঃ ওঁ সত্যম্

ওঁ তৎসবিতুর্ব্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি

ধিয়ো যো নঃ প্রচোদয়াৎ ওঁ ॥

(আত্মানং তেজোময়ং বিভাবয়েৎ)

ভূর্ভুবঃ স্বঃ লোক, মহঃজনঃতপঃ লোক, সত্যলোক আর,
ধ্যান করি সেই বরণীয় জ্যোতি সবিতৃ দেবতার
পরিচালন করেন যিনি মোদের ইন্দ্রিয় নিচয়,
তাঁহার চিন্তনে আত্মা মোদের হোক তেজোময় ॥ ১২ ॥

দেবস্য সবিতুঃ (জ্যোতির্ম্ময় সবিতৃ দেবের) তৎবরেণ্যং ভর্গঃ (প্রসিদ্ধ বরণীয় ভর্গকে) [আমরা] ধীমহি (ধ্যান করি)। যঃ (যিনি) নঃ ধিয়ঃ (আমাদের বুদ্ধিবৃত্তি সমুদয়কে, জ্ঞানেন্দ্রিয় কর্ম্মেন্দ্রিয় সকলকে) প্রচোদয়াৎ (প্রকৃষ্টরূপে পরিচালিত করেন অর্থাৎ অন্তর্য্যামিরূপে নিয়মিত করেন)।

ওঁ কার পরব্রহ্মের বাচক। ইহাতে অ-উ-ম্, তিনটি বর্ণ জাগ্রৎ স্বপ্ন সুষুপ্তি অথবা স্থূল সূক্ষ্ম কারণ এই তিন অবস্থা বুঝাইবার জন্য। প্রকারান্তরে ইহা সৃষ্টি স্থিতি সংহার অথবা ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর এই তিনটি তত্ত্বের দ্যোতক। ভূঃ ভুবঃ স্বঃ এই তিনটি মহাব্যাহৃতি। ভূঃ বলিতে ভূর্লোক, ভুবঃ বলিতে ভুবর্লোক বা অন্তরীক্ষ লোক এবং স্বঃ বলিতে স্বর্গলোক ধারণা করিতে হইবে। স্বঃকে বিশ্লেষণ করিলেই ঊর্দ্ধস্থিত আরও চতুর্লোক মহঃ জনঃ তপঃ সত্যম্ পাওয়া যায়। এই হিসাবে সপ্ত ব্যাহৃতি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বস্তুতঃ ওঁকার হইতেই ভূঃ প্রভৃতি সপ্তলোকের আবির্ভাব। ওঁকারই সমগ্র সৃষ্টিকে প্রসব করিয়াছেন। ইনি জ্যোতির্ম্ময় আত্মরূপী সবিতা। প্রসব করিয়াছেন বলিয়া ইহার সবিতৃনাম সার্থক।

ধ্যান—ধ্যানতত্ত্ব : মঙ্গলবার, সঙ্গীত—সে কোন জোছনা দেশ সই রে পৃঃ ৫৪

* দ্বন্দ্বাতীতং ত্রিগুণরহিতং স্বপ্রকাশস্বরূপং
শান্তাকারং গগনসদৃশং নির্ব্বিকারং বরেণ্যম্।
ভক্তৈর্জুষ্টং বিমলনিলয়ং যোগিভির্ধ্যানগম্যং
নিত্যানন্দং পরমসুখদং চেতসা তং স্মরামি॥

দ্বন্দ্বরহিত ত্রিগুণাতীত স্বপ্রকাশ অনন্য,
শান্ত আকার গগনসদৃশ নির্বিকার বরেণ্য।
ভক্তসেবিত বিমল নিলয় যোগীদের ধ্যানগম্য,
নিত্যানন্দ চিত্তে স্মরি সে পরমধাম সুরম্য॥ ১৩॥

* অহং দেবো ন চান্যোঽস্মি
ব্রহ্মৈবাস্মি ন শোকভাক্।
সচ্চিদানন্দরূপোঽহং
নিত্যমুক্তস্বভাববান্॥

আমি দেব আমি ব্রহ্ম নহি অন্য কেহ
আমি সৎ আমি চিৎ আনন্দ-বিগ্রহ।
নাহি মোর শোক-ভোগ, আমি নিত্য মুক্ত,
আপন স্বরূপে আমি থাকি সদা যুক্ত॥ ১৪॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

* সত্যপি ভেদাপগমে নাথ তবাহং ন মামকীনস্ত্বম্।
সামুদ্রো হি তরঙ্গঃ ক্বচন সমুদ্রো ন তারঙ্গঃ ॥

বিদূরিত ভেদভাব হয়ে গেলেও তবু
তোমারই আমি, নহ তুমি মোর কভু।
সমুদ্রেরই তরঙ্গ, ইহা সবে কয়,
তরঙ্গের সমুদ্র কদাপিও নয়।॥ ১৫ ॥

গুরুতত্ত্ব :—

* ইষ্টদেবস্বরূপো যঃ সচ্চিদানন্দবিগ্রহঃ।
শুদ্ধো বুদ্ধঃ প্রমুক্তশ্চ গুরুরাদর্শমানবঃ ॥

ইষ্টদেব স্বরূপ যিনি সচ্চিদানন্দ বিগ্রহ।
শুদ্ধ বুদ্ধ মুক্ত হয় গুরুর নরদেহ ॥ ১৬ ॥

ইষ্টতত্ত্ব :—

* যদ্দৃষ্ট্বা নাপরং দৃশ্যং যদ্ভূত্বা ন পুনর্ভবঃ।
যজ্‌জ্ঞাত্বা ন পুনর্জ্ঞেয়ং তদিষ্টমবধারয় ॥

যাঁহাকে দেখিলে আর না থাকে দেখার,
যেমনটি হইলে আর না থাকে হ'বার,
যাঁহাকে জানিলে বাকী না থাকে জানার,
তাঁকেই জানিবে ইষ্ট নিশ্চয় তোমার ॥ ১৭ ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভগবত্তত্ত্ব :—

* যং ব্রহ্মা বরুণেন্দ্ররুদ্রমরুতঃ
স্তুন্বন্তি দিব্যৈঃ স্তবৈ-
র্বেদৈঃ সাঙ্গপদক্রমো পনিষদৈ-
র্গায়ন্তি যং সামগাঃ।
ধ্যানাবস্থিত-তদগতেন মনসা
পশ্যন্তি যং যোগিনো
যস্যান্তং ন বিদুঃ সুরাসুরগণা
দেবায় তস্মৈ নমঃ ॥

ব্রহ্মা বরুণ ইন্দ্র মরুৎ রুদ্র আদি দেবে,
স্তুতি যাঁর করেন সদা মধুর দিব্যস্তবে।
সামাধ্যায়ী করেন গান ষড়ঙ্গ বেদের দ্বারা
সুরাসুরবৃন্দ যাঁর কভু না পায় পারা।
তন্ময় চিত্তে মানস পটে যোগী যাঁকে ধ্যানে
সেই দেবতা প্রসন্ন হোন আমার এই প্রণামে ॥ ১৮ ॥

* দ্বে বাব ব্রহ্মণো রূপে,
মূর্ত্তঞ্চৈবামূর্ত্তঞ্চ —ক্ষরশ্চাক্ষরশ্চ,
সগুণো নির্গুণশ্চ, বিশ্বানুগো বিশ্বাতিগশ্চ ॥

মূর্ত্তামূর্ত্ত ক্ষরাক্ষর ব্রহ্মের দুটি রূপ,
সগুণ নির্গুণ বিশ্বাতিগ বিশ্বের স্বরূপ ॥ ১৯ ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

✻ সগুণঃ শক্তিযুক্তশ্চ নির্গুণঃ সুপ্তশক্তিকঃ।
লীলয়া বাপি যুঞ্জেরন্ নির্গুণস্য গুণাঃ ক্রিয়াঃ ॥

শক্তিযোগে সগুণ, নির্গুণ—শক্তি লুকাইয়া,
লীলার তরে নির্গুণেতে জাগে গুণের ক্রিয়া ॥ ২০ ॥

✻ ওঁ সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম
ওঁ আনন্দরূপমমৃতং যদ্বিভাতি
ওঁ শান্তং শিবমদ্বৈতম্ ॥

সত্য জ্ঞান অনন্ত ব্রহ্ম আনন্দরূপ-অমৃত
জ্যোতির্ম্ময় শান্ত শিব পরম অদ্বৈত ॥ ২১ ॥

✻ ওঁ যতো বা ইমানি ভূতানি জায়ন্তে
যেন জাতানি জীবন্তি।
যৎ প্রয়ন্ত্যভিসংবিশন্তি তদ্বিজিজ্ঞাসস্ব
তদ্ব্রহ্ম তদ্ব্রহ্মেতি ॥

যাঁহা হ'তে জন্ম নেয় জীবের জীবন
যাঁহার ইচ্ছাতে হয় এ বিশ্ব পালন।
যেথা জীব ফিরে যায় জীবনের শেষে
সেই ব্রহ্ম চিন তাঁরে জান নির্বিশেষে ॥ ২২ ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

একো দেবঃ সর্ব্বভূতেষু গূঢ়ঃ
সর্ব্বব্যাপী সর্ব্ব ভূতান্তরাত্মা
কর্ম্মাধ্যক্ষঃ সর্ব্বভূতাধিবাসঃ
সাক্ষী চেতা কেবলো নির্গুণশ্চ ॥

একই দেব সর্বভূতে গূঢ়রূপে রাজে,
সর্বব্যাপী অন্তরাত্মা সর্বজীব মাঝে।
সকল কর্ম্মাধ্যক্ষ তিনি সর্ব্বভূতাশ্রয়
সর্বদ্রষ্টা সাক্ষী কেবল নির্গুণ চিন্ময় ॥ ২৩ ॥

জ্ঞেয়ং যৎতৎ প্রবক্ষ্যামি
যজ্ জ্ঞাত্বাঽমৃতমশ্নুতে।
অনাদিমৎ পরং ব্রহ্ম
ন সৎ তন্নাসদুচ্যতে ॥

যাহা জানি' জীবগণ অমরতা পায়
সেই জ্ঞেয়তত্ত্ব এবে বলিহে তোমায়।
ব্রহ্ম হয় সেই বস্তু আদি নাই যাঁর
পরম অক্ষর ভাব যা হয় আমার।
সৎ কিংবা অসৎ যা কিছু বলা হয়
তাঁহার স্বরূপ তায় প্রকাশিত নয় ॥ ২৪ ॥

শক্তিতত্ত্ব :—(বুধবার—সঙ্গীত 'বিরাজ গো মা হৃদিকমলাসনে' পৃষ্ঠা ৫৩)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

* শিবঃ শক্ত্যা যুক্তো যদি
ভবতি শক্তঃ প্রভবিতুং।
ন চেদেবং দেবো ন খলু
কুশলঃ স্পন্দিতুমপি ॥

শক্তি যুক্ত হলে শিব সৃষ্টিতে সমর্থ।
অন্যথায় সেই দেব স্পন্দনেও ব্যর্থ ॥ ২৫ ॥

সর্ব্বতঃ পাণিপাদং তৎ সর্ব্বতোঽক্ষিশিরোমুখম্।
সর্ব্বতঃ শ্রুতিমল্লোকে সর্ব্বমাবৃত্য তিষ্ঠতি ॥

সর্বজীবের হস্তে গড়া তোমার দুটি হাত,
সর্বজীবের পদক্ষেপে তোমার চরণ পাত।
সর্বজীবের চোখে দেখ, মুখে বল কথা,
সর্বজীবের কানে শোন হে বিশ্ব দেবতা ॥ ২৬ ॥

সর্ব্বেন্দ্রিয়গুণাভাসং সর্ব্বেন্দ্রিয়বিবর্জিতম্।
অসক্তং সর্ব্বভৃচ্চৈব নির্গুণং গুণভোক্তৃ চ ॥

ইন্দ্রিয়হীন তুমি তবু তোমারই ইঙ্গিতে,
জীবের ইন্দ্রিয় চলে কি এক অপূর্ব ভঙ্গিতে।
অনাসক্ত তবু কর এ বিশ্ব শাসন
নির্গুণ, গুণের ভোক্তা তুমি নারায়ণ ॥ ২৭ ॥

বহিরন্তশ্চ ভূতানামচরং চরমেব চ।
সূক্ষ্মত্বাৎ তদবিজ্ঞেয়ং দূরস্থং চান্তিকে চ তৎ ॥

বাহির ভিতর জড়িয়ে আছ বিশ্বচরাচরে।
সূক্ষ্ম বলেই বুঝতে নারি কাছে কিংবা দূরে ॥ ২৮ ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অবিভক্তং চ ভূতেষু বিভক্তমিব চ স্থিতম্।
ভূতভর্ত্তৃ চ তজ্‌জ্ঞেয়ং গ্রসিষ্ণু প্রভবিষ্ণু চ॥

বহুর ভিতর একের প্রকাশ আহা মরি মরি।
সৃষ্টি স্থিতি লয়ের প্রভু তোমায় স্মরণ করি॥ ২৯ ॥

জ্যোতিষামপি তজ্জ্যোতি স্তমসঃ পরমুচ্যতে।
জ্ঞানং জ্ঞেয়ং জ্ঞানগম্যং হৃদি সর্ব্বস্য বিষ্ঠিতম॥

তোমার পরম জ্যোতির আভা অতুল বিশ্বমাঝে,
অন্ধকারের ওপার তুমি তোমায় দেখিনা যে।
জ্ঞানরূপে তুমি নিজে জীবের হৃদয় ভরা,
জ্ঞেয় তুমি, তুমি আবার জ্ঞানেই দাও ধরা॥ ৩০ ॥

* ওঁ শ্রোত্রস্য শ্রোত্রং মনসো মনো
যদ্বাচো হ বাচম্।
স উ প্রাণস্য প্রাণশ্চক্ষুষশ্চক্ষুঃ॥

কানের ভিতরে কান মনের মন যিনি।
বাক্যের বাক্, প্রাণের প্রাণ, চোখের চোখ তিনি॥ ৩১ ॥

* ওঁ তৎসবিতুর্ব্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি
ধিয়ো যো নঃ প্রচোদয়াৎ ওঁ॥

ধ্যান করি সেই বরণীয় জ্যোতি সবিতৃদেবতার।
পরিচালন করেন যিনি ইন্দ্রিয় সবাকার॥ ৩২ ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

❋ ওঁ বলমসি বলং ময়ি ধেহি।
ওঁ বীর্য্যমসি বীর্য্যং ময়ি ধেহি।
ওঁ সহোঽসি সহো ময়ি ধেহি।
ওঁ জ্ঞানমসি জ্ঞানং ময়ি ধেহি।
ওঁ আনন্দোঽসি আনন্দং ময়ি ধেহি।
ওঁ আবিরাবী র্ম এধি,
ওঁ আবিরাবী র্ম এধি,
ওঁ আবিরাবী র্ম এধি ॥

বল তুমি ওগো বলী বল দেহ মোরে
বীর্য তুমি বীর্যবান্ করো গো আমারে
সহনশক্তি ওগো প্রভু তুমি শক্তিমান।
সহিবার শক্তি তুমি কর মোরে দান।
জ্ঞানের আকর তুমি কর জ্ঞানোদয়
আনন্দ দেহ মোরে হে আনন্দময়।
হে চিরপ্রকাশ তুমি এসো নিরন্তর
আবির্ভূত হও এসে আমার ভিতর ॥ ৩৩ ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শক্তি-প্রণাম ঃ—

❋ যা দেবী সর্ব্বভূতেষু মাতৃরূপেণ সংস্থিতা।
নমস্তস্যৈ নমস্তস্যৈ নমস্তস্যৈ নমো নমঃ ॥

সর্ব্বভূতে মাতৃরূপে অধিষ্ঠান যাঁর,
সেই দেবীকে প্রণাম করি, প্রণাম শতবার ॥ ৩৪ ॥

❋ যা দেবী সর্ব্বভূতেষু শক্তিরূপেণ সংস্থিতা।
নমস্তস্যৈ নমস্তস্যৈ নমস্তস্যৈ নমো নমঃ ॥

সর্বভূতে শক্তি রূপে বিকাশ যাঁহার,
সেই দেবীকে প্রণাম করি, প্রণাম শতবার ॥ ৩৫ ॥

❋ যা দেবী সর্ব্বভূতেষু বিদ্যারূপেণ সংস্থিতা।
নমস্তস্যৈ নমস্তস্যৈ নমস্তস্যৈ নমো নমঃ ॥

সর্ব্বজীবে বিদ্যারূপে আবির্ভাব যাঁর,
সেই দেবীকে প্রণাম করি, প্রণাম শতবার ॥ ৩৬ ॥

❋ যা দেবী সর্ব্বভূতেষু কান্তিরূপেণ সংস্থিতা।
নমস্তস্যৈ নমস্তস্যৈ নমস্তস্যৈ নমো নমঃ ॥

সর্ব্বজীবে কান্তি রূপে প্রকাশ যাঁহার,
সেই দেবীকে প্রণাম করি, প্রণাম শতবার ॥ ৩৭ ॥

❋ যা দেবী সর্ব্বভূতেষু শান্তিরূপেণ সংস্থিতা।
নমস্তস্যৈ নমস্তস্যৈ নমস্তস্যৈ নমো নমঃ ॥

সবার অন্তরে যিনি শান্তির আগার,
প্রণাম তাঁরে, প্রণাম তাঁরে, প্রণাম শতবার ॥ ৩৮ ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

* সর্ব্বমঙ্গলমঙ্গল্যে শিবে সর্ব্বার্থসাধিকে।
শরণ্যে ত্র্যম্বকে গৌরি নারায়ণি নমোঽস্তুতে॥

সর্বমঙ্গলময়ী শিবা, সর্বার্থসাধিকা।
নারায়ণি তোমায় নমি শরণ্যা ত্র্যম্বকা ॥ ৩৯ ॥

* সর্ব্বস্বরূপে সর্ব্বেশে সর্ব্বশক্তিসমন্বিতে।
ভয়েভ্যস্ত্রাহি নো দেবি দুর্গে দেবি নমোঽস্তুতে॥

সর্বরূপা সর্বেশ্বরী সর্বশক্তিময়ী
দুর্গাদেবী মোদের কর সর্ববিপদ জয়ী ॥ ৪০ ॥

* সর্ব্বরূপময়ী দেবী সর্ব্বং দেবীময়ং জগৎ।
অতোঽহং বিশ্বরূপাং তাং নমামি পরমেশ্বরীম্॥

সর্বরূপময়ী দেবী দেবীময় এ ভুবন।
বিশ্বরূপা মহেশ্বরীর পূজি শ্রীচরণ ॥ ৪১

* দ্রষ্টুমিচ্ছামি তে রূপং দেহি মে দিব্যদর্শনম।
কর্ত্তুমিচ্ছামি তে প্রিয়ং ভূতানাং হিতসাধনম্॥

তোমার রূপ দেখতে ইচ্ছা দিব্যদর্শন দাও।
তোমার প্রিয় সাধন করতে জীবহিত করাও ॥ ৪২ ॥

* পরিত্রাণায় সাধূনাং বিনাশায় চ দুষ্কৃতাম্।
ধর্ম্মসংস্থাপনার্থায় করিষ্যে বচনং তব॥

ধর্মসংস্থাপন সাধুত্রাণ দুষ্কৃতের বিনাশ।
তব নির্দেশ পালিবারে করিব প্রয়াস ॥ ৪৩ ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সঙ্গীত ঃ—প্রাতে,—

আয়রে আয় জীবন-কানাই যাই গোচারণে
আমরা বিপিনে বিনোদ খেলা খেলব রে ভাই তোর সনে ।।
গগনে উঠল রে ভানু, আয়রে আয়রে নীলতনু,
ঐ দেখ ধেনু বৎস যায় না গোঠে মোহন বেণু না শুনে ।
বনে খেলব কপাটি, ও ভাই চোখ-ফুটাফুটি,
আমরা গাছে উঠে দুলব, তোরে দোলাব রে যতনে ।
ও ভাই তুমি না এলে, বেণু না বাজালে,
আমরা হেলে দুলে নেচে নেচে খেলব রে ভাই কার সনে ।
হৃদি-যমুনা-তীরে রাজা করব রে তোরে,
তোরে সাজায়ে বনফুলে খেতে দেব মিষ্ট ফল এনে ।
(তোরে সাজায়ে ভক্তিফুলে খেতে দেব প্রেমফল এনে ।)
ওরে ও চিকণ কালা, ছুটে আয়রে এই বেলা,
একবার রাখাল-বেশে দেখা দে রে দয়াল হৃদি-কাননে ।
(একবার মোহন-বেশে দেখা দে রে দয়াল হৃদি-কাননে ।)
(আমরা হেলে দুলে নেচে নেচে খেলব রে ভাই তোর সনে ।)
(আমরা মনপ্রাণ সঁপে দিয়ে বিকাইব ঐ চরণে ।)
(আমরা মনপ্রাণ ঢেলে দিয়ে বিকাইব ঐ চরণে ।)

সঙ্গীত—সন্ধ্যায়,—

যাই গো ঐ বাজায় বাঁশী প্রাণ কেমন করে ।
সে যে একলা কালা কদমতলে দাঁড়িয়ে আছে আমার তরে ।
(সে যে একলা হৃদি-কদম-তলে দাঁড়িয়ে আছে আমার তরে ।)
যত বাঁশরী বাজায়, তত পথপানে চায় ;
(কালা বাঁশরী বাজায় আবার পথপানে চায়)
ঐ শোন পাগল বাঁশী ডাকে উভরায় ।।
আমি না গেলে সে কেঁদে কেঁদে চলে যাবে মানভরে ।।
(সে যে একলা হৃদি কদমতলে দাঁড়িয়ে আছে আমার তরে ।)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পুরুষোত্তমতত্ত্ব ঃ

অনর্গলস্বাত্মময়ে পরেশে
তিষ্ঠন্তি যস্মিন্ বিভুশক্তয়স্তাঃ।
তং শক্তিমন্তং প্রণমামি দেবং
শ্রীকৃষ্ণসংজ্ঞং জগদেকসারম্ ॥

বাধাবন্ধহীন যিনি প্রভু আত্মময়
যাহাতে বিরাজ করে বিভু শক্তিচয়।
শক্তিমান তিনি দেব জগতের সার
শ্রীকৃষ্ণ চরণে নতি করি বারংবার ॥ ৪৪ ॥

ঈশ্বরঃ পরমঃ কৃষ্ণঃ সচ্চিদানন্দবিগ্রহঃ।
অনাদিরাদির্গোবিন্দঃ সর্বকারণ কারণম্ ॥

পরমেশ্বর কৃষ্ণ তুমি সৎ চিৎ আনন্দ।
আদি অনাদি কারণ তুমি হে গোবিন্দ ॥ ৪৫ ॥

* এহ্যেহি কৃষ্ণ সকৃদেব ভবাতিথির্মে
পাদাম্বুজে তব নিবেদনমেতদেব।
প্রাণেশ হে হৃদয়কোমলপদ্মতল্পে
ত্বাং শায়য়ামি সুচিরং ন বিসর্জ্জয়ামি ॥

এস এস প্রাণকৃষ্ণ চরণে মিনতি
মনের মন্দিরে এস বারেক অতিথি।
হৃদয় কমলদলে করাব শয়ন
চিরকাল রবে সেথা নাহি বিসর্জন ॥ ৪৬ ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনন্তবিশ্বাশ্রয় বীর্য্যশালিন্
বিশ্বস্থসৌন্দর্য্যনিদানভূত।
মাধুর্য্যলাবণ্যরসৈকসিন্ধো
হে সচ্চিদানন্দ নমো নমস্তে॥

তোমার আশ্রয়লভে অনন্ত ভুবন
মহাবীর্যবান তুমি ওগো জনার্দন।
তোমারই রূপের ছটা প্রকাশি গোপনে
সুন্দর করেছ প্রভু এ বিশ্বভুবনে।
মাধুর্য লাবণ্য ঘন-রস-পারাবার
সচ্চিদানন্দ লহ প্রণাম আমার॥ ৪৭ ॥

সর্ব্বজ্ঞাননিধির্গুণৈকনিলয়ো ভাবাশ্রয়ঃ সর্ব্বগঃ
ত্বং সর্ব্বত্র সদা সমঞ্জসতয়া সর্ব্বান্তরাকর্ষকঃ।
ধ্যেয়ঃ সিদ্ধজনৈর্ম্মদীয়হৃদয়ে ধৃত্বেষ্টদেবদ্যুতিং
সার্থং মে কুরু জীবনং করুণয়া দীনৈকবন্ধো
বিভো॥

গুণের নিধান তুমি জ্ঞানের আধার
ভাবের আশ্রয় প্রভু তুমি সারাৎসার॥
যেখানে সেখানে গতি যখন তখন
সঙ্গতি বিধানে কর চিত্ত আকর্ষণ।
সিদ্ধজন ধ্যানে তোমা স্মরে নিরন্তর
ইষ্টের জ্যোতিতে মোর পুরায়ে অন্তর।
সার্থক করগো মোর মানব জীবন
হে বিভু হে দীনবন্ধোকৃপানিকেতন॥ ৪৮ ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অঙ্গানি যস্য সকলেন্দ্রিয়বৃত্তিমন্তি
পশ্যন্তি পান্তি কলয়ন্তি চিরং জগন্তি।
আনন্দ চিন্ময়সদুজ্জ্বল বিগ্রহস্য
গোবিন্দমাদিপুরুষং তমহং ভজামি ॥

সকল ইন্দ্রিয় বৃত্তি সর্বঅঙ্গে যাঁহার
সৃষ্টি স্থিতি লয় যিনি করেন বারবার
সচ্চিদানন্দ ঘন উজ্জ্বল মূরতি
আদি পুরুষ গোবিন্দে আমার প্রণতি ॥ ৪৯ ॥

* বিশ্বজীবন বিমোহনচ্ছবিঃ
কোঽসি দেব যদুদেসি মে পুরঃ।
ত্বাং পিবামি হৃদয়েন নির্ভরং
তিষ্ঠ তিষ্ঠ সবিধে ক্ষণং মম ॥

বিশ্বজন বিমোহন মূরতি ধরিয়া,
কে তুমি উদিলে প্রভো সম্মুখে আসিয়া
দাঁড়াও ক্ষণেক যদি এলে কৃপা করি
আকণ্ঠ করিব পান ও রূপ মাধুরী ॥ ৫০ ॥

* গতির্ভর্ত্তা প্রভুঃ সাক্ষী নিবাসঃ শরণং সুহৃৎ।
প্রভবঃ প্রলয়ঃ স্থানং নিধানং বীজমব্যয়ম্ ॥

গতি ভর্ত্তা প্রভু সাক্ষী নিবাস শরণ সখা।
সৃষ্টি স্থিতি লয় বীজ নিধান তুমি একা ॥ ৫১ ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

* ত্বমেব মাতা চ পিতা ত্বমেব
ত্বমেব বন্ধুশ্চ সখা ত্বমেব।
ত্বমেব বিদ্যা দ্রবিণং ত্বমেব
ত্বমেব সর্ব্বং মম দেব দেব ॥
(তিনবার)

তুমি মাতা তুমি পিতা বন্ধু সখা আর
বিদ্যা ধন, দেব দেব, সর্বস্ব আমার ॥ ৫২ ॥

প্রেয়ঃ পুত্রাৎ প্রেয়ো বিত্তাৎ
প্রেয়ো ঽন্যস্মাৎ সর্ব্বস্মাৎ
যদেষো ঽন্তরতম আত্মা ॥

পুত্র বিত্ত যত কিছু প্রিয় বলে মানি,
সবার হইতে প্রিয় তুমি হে অন্তর্যামী ॥ ৫৩ ॥

ওঁ রসো বৈ সঃ, রসং হ্যেবায়ং লব্ধ্বানন্দীভবতি
তৃপ্তীভবতি অমৃতীভবতি ॥

রস তিনি, তাঁরে পেয়ে সে কি রে আনন্দ !
কি সে তৃপ্তি ! চিত্তে জাগে অমৃতের ছন্দ ॥ ৫৪ ॥

* তমীশ্বরাণাং পরমং মহেশ্বরং
তং দেবতানাংপরমঞ্চ দৈবতম্।
পতিং পতীনাং পরমং পরস্তাদ্
বিদাম দেবং ভুবনেশমীড্যম্ ॥

ঈশ্বরের 'পরে যিনি পরম মহেশ্বর
দেবতার পরে যিনি পরম দৈবত।
পতির ও পতি যিনি সর্বরূপে শ্রেষ্ঠ
সেই দেবকে জানব মোরা, তিনিই মোদের প্রেষ্ঠ ॥ ৫৫ ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তুমি একজন, হৃদয়েরি ধন।
সকলে আপনার ব'লে সঁপে তোমায় প্রাণমন।
প্রাণের ব্যথা মনের কথা যার যা মনে থাকে,
ভাবে ভুলে হৃদয় খুলে ব'লে সুখী তোমাকে ;
সকলের হৃদয়ে থেকে শোন হৃদয়রঞ্জন।
মঙ্গলস্বরূপ তুমি, তোমা ধন সকলে চায়,
দীনবন্ধু কৃপাসিন্ধু তোমার গুণ সকলে গায়।
কারু মাতা কারু পিতা কারু সুহৃদ্ সখা হও,
প্রেমে গ'লে যে যা বলে তাতেই তুমি প্রীত রও ;
কেউ বা মনে কেউ বচনে পূজে তোমার ঐ চরণ।
চর্ব্য, চোষ্য, লেহ্য পেয় চাও না চতুর্বিধ রস,
তুমি কেবল ভাবগ্রাহী ভাবের ভাবুক ভাবের বশ।
একা তুমি সকলের ভাব গ্রহণ কর নিশিদিন,
ভাব ক'রে ডাকলে এস ভাব নাক জ্ঞানহীন ;
সেই ভরসায় ভবের কূলে ব'সে আছি নিরঞ্জন।
(দয়াল হরি, হরি হে)

* দেহেন্দ্রিয়াণি চ মনো ন তু মে তবৈব
স্বাত্মীয়বান্ধবগণা ন তু মে তবৈতে।
সর্ব্বং ত্বদীয়মিতি মে প্রিয়মেব সর্ব্বং
তৎপ্রীতয়ে সততমেব নিয়োজয়ানি ॥

দেহেন্দ্রিয় নহে মোর নহে মন আমার
আত্মজন বন্ধু সখা সবই যে তোমার।
সকলি তোমার যত মম প্রিয়ধন
তব প্রীতি তরে যেন করি নিয়োজন ॥ ৫৬ ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

* দেহস্থ বীজমতিসূক্ষ্মমণুপ্রমাণং
স্পৃষ্টং ত্বয়ৈব সুবিচিত্রতয়া চ পুষ্টম্।
সর্ব্বাত্মনা পরিণতং কৃতিযোগ্যদেহে
কর্ত্তৃত্ববুদ্ধিরিহ নাস্তু কদাপি নাথ ॥

সূক্ষ্ম অণুরূপে করি দেহ বীজে সৃষ্টি,
বিচিত্র ভঙ্গীতে তারে কর তুমি পুষ্টি।
পরিণত কর তারে কৃতি যোগ্য দেহে,
কর্ত্তৃত্ব বুদ্ধি যেন নাহি জাগে তাহে ॥ ৫৭

* যন্ত্রী ত্বমেব তব যন্ত্রমিদং শরীরং
স্বয়েচ্ছয়ৈব পরিচালয়সি প্রভুত্বাৎ।
এবং মনোঽপি মম দেব মতং ত্বয়ৈব
বুদ্ধিঃ স্থিরা মম হৃষীকপতেঽত্র ভূয়াৎ ॥

যন্ত্রী তুমি, তব যন্ত্র এ শরীর আমার
স্বেচ্ছায় চালাও তারে তুমি প্রভু তার।
মনও মোর সদা পালে তোমার আদেশ
এ বুদ্ধি আমার স্থির কর হৃষীকেশ ॥ ৫৮

* ত্বং সর্ব্বভূতেষু বিরাজসে সদা
সর্ব্বেষু জীবেম্বসি জীবনং স্বয়ম্।
ত্বদ্দর্শনং সর্ব্বগ মেঽস্তু সর্ব্বত-
স্তবৈব পূজাস্তু চ কর্ম্মভির্ম্মম ॥

সর্বভূতে বিরাজিছ (তুমি) জীবের জীবন।
সর্বত্র হয় যেন তোমার দরশন
প্রতি কাজে করি যেন তোমারি পূজন ॥ ৫৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমার সকল তুমি, সকল তুমি, সকলি ত' তুমি।
যেমন কায়া ছেড়ে ছায়া নয় হে, তেমনি তুমি আমি।
আমার বল তুমি, আমার বুদ্ধি তুমি,
(আমার তোমা বই আর কেবা আছে)
(আমার তোমা বই আর কিবা আছে)
ওগো তুমি প্রাণ, (তাই) আমি প্রাণী, তুমি (ওগো) হৃদয়স্বামী।
আমায় চালাও তুমি, তাই চলি আমি,
চলে যন্ত্র যেমন যন্ত্রী করে তোমার হাতে আমি।
সকলজানাও তুমি, তাই জানি আমি,
(যেন তোমা বই আর জানি না হে)
(যেন তোমার ধ্যানে ডুবে থাকি)
ওগো তুমি জ্ঞান (তাই) আমি জ্ঞানী, তুমি (ওগো) অন্তর্য্যামী।
সুখ শান্তি তুমি, ভূমানন্দ তুমি,
আমার অক্ষয়অভয়-পদ অমৃতের খনি।
(আমার অক্ষয় আনন্দধাম অমৃতের খনি ॥)

উপচার-সমর্পণ :—(শুক্রবার)

* ত্বদ্ধ্যানতোঽন্যন্ন চ চিন্তয়ানি
ত্বৎকর্ম্মতো বা করবাণি নান্যৎ।
দ্রব্যাণি সর্ব্বাণি চ মে তবৈব
ত্বয্যেব তেষাং ভবতু প্রয়োগঃ ॥

তোমার ধ্যানে মগন ছাড়া আমার অন্য চিন্তা নাই,
তোমার কর্ম সাধন ছাড়া আমার আর কিছু না চাই,
যা কিছু মোর সবই দিলাম তোমার চরণতলে,
তোমার কাজেই লাগাও প্রভু আপন কৃপাবলে ॥ ৬০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

* আত্মানমাত্মীয়গণাংশ্চ বান্ধবান্
যাভিঃ ক্রিয়াভিঃ পরিতোষয়াম্যহম্ ।
তাভিঃ সদৈবেশ্বর তৃপ্তিরস্তু তে
তাভিস্তবৈবার্চ্চনবুদ্ধিরস্তু মে ॥

নিজের কিংবা আত্মজনের পরিতোষের লাগি,
যে সব কাজে সদাই আমি থাকি অনুরাগী ।
তাতেই তুমি তৃপ্ত হ'য়ো তোমার সেবা বলে,
তাইতে হবে তোমার পূজা যাইনা যেন ভুলে ॥ ৬১

* যৎ করোমি যদশ্নামি যজ্জুহোমি দদামি যৎ ।
যত্তপস্যামি গোবিন্দ তৎকরোমি ত্বদর্পণম্ ॥

ভোজন দান তপঃ ক্রিয়া যাহা কিছু করি ।
হোমাদি হে গোবিন্দ তোমাকেই স্মরি ॥ ৬২

সঙ্গীত :—(কি দিয়ে পূজিব বল মা তোমায় পৃষ্ঠা—৫৬)

* ময়ার্প্যতে ত্বচ্চরণে হ্যয়মাত্মা
প্রতীচ্ছ হে স্বস্য ধনং স্বয়ং ত্বম্ ।
কিঞ্চিন্নিজস্বং নহি বিদ্যতে মে
যদ্দীয়তে ত্বচ্চরণে মুকুন্দ ॥

আত্মারে মোর ঐ চরণে করি সমর্পণ,
তোমার জিনিষ তুমিই প্রভু করহ গ্রহণ ।
নিজস্ব মোর আর কিছু নাই এ মহীমণ্ডলে,
মুকুন্দ ! যা দিতে পারি তোমার চরণতলে ॥ ৬৩

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শব্দস্পর্শাদিভিস্তে প্রকৃতিরবিরতাং
যাং সপর্য্যাং বিধত্তে
তস্যা মর্ম্মগ্রহো মে ভবতু হৃদি সদা
ভক্তিভাবশ্চ দেব।
ত্বৎপূজায়াং মমাপি প্রকৃতিসহকৃতৌ
দীয়তাং মেঽধিকার-
স্ত্বল্লীলায়াঞ্চ যোগো মম ভবতু সদা
সুস্থিরস্ত্বৎপ্রসাদাৎ ॥

শব্দ স্পর্শ আদি দিয়ে প্রকৃতি নিয়ত,
তোমার পূজায় আপন মনে আছেন সদা রত।
হৃদয়ে তার মর্ম কথা বুঝতে যেন পারি,
তারই সাথে পূজায় মোরে কর অধিকারী
তোমার লীলার অঙ্গীভূত করে নাও আমারে,
তোমার পূজায় নিষ্ঠা হোক উঠুক চিত্ত ভরে ॥ ৬৪

* হৃদাসনমধিষ্ঠায় প্রসীদ মম পূজয়া।
ত্বয়ি প্রীতে হৃষীকেশ ক্লেশঃ
সংক্ষীয়তে হখিলঃ ॥

হৃদাসনে বসি পূজা লহ হৃষীকেশ।
তুমি প্রীত হলে কাটবে সকল ক্লেশ ॥ ৬৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ইষ্টমন্ত্রজপ ঃ—

প্রার্থনা ঃ—(শনিবার)

❋ অন্যাভিলাষিতাশূন্যা কৃষ্ণসুখাত্মিকা হি যা।
অহৈতুক্যব্যবহিতা ভক্তির্মে দীয়তাং প্রভো ॥

অন্য কিছু নাহি চাই শুধু এই মিনতি,
দাও কৃষ্ণ সুখাত্মিকা অহৈতুকী ভকতি ॥ ৬৬

❋ বিশ্বানি দেব সবিতর্দুরিতানি পরাসুব
যদ্ভদ্রং তন্ন আসুব ॥

বিশ্বের পাপ যত হে সবিতঃ মুহূর্ত্তে হোক নাশ।
কল্যাণ কর যাহা ভদ্র বিধান কর স্বপ্রকাশ ! ॥ ৬৭

❋ ওঁ অসতো মা সদ্গময়, তমসো মা জ্যোতির্গময়,
মৃত্যোর্ম্মামৃতং গময়। আবিরাবীর্ম্ম এধি।
রুদ্র যত্তে দক্ষিণং মুখং
তেন মাং পাহি নিত্যম্ ॥

অসৎ হইতে মোরে সতে নিয়ে যাও,
আঁধার হইতে মোরে আলোকে ফিরাও।
মৃত্যু হইতে নাও মোরে অমৃত সকাশে,
চোখের সমুখে এস পূর্ণ প্রকাশে।
অকল্যাণ মাঝে তব কল্যাণ বদন,
আমারে করুক রুদ্র সতত রক্ষণ ॥ ৬৮

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

* ভদ্রং কর্ণেভিঃ শৃণুয়াম
ভদ্রং চক্ষুর্ভিরবলোকয়াম।
ভদ্রং মনোভিশ্চিন্তয়াম
ভদ্রং বাহুভিঃ সাধয়াম ॥

মঙ্গলময় বাণী যেন শুনিগো শ্রবণে,
মঙ্গলময় দৃশ্য যেন হেরি ত্নয়নে।
মনে যেন শুভ চিন্তা জাগে নিরন্তর,
শুভ কার্যে বাহু সদা রহে গো তৎপর ॥ ৬৯

* সর্বেহত্র সুখিনঃ সন্তু সর্বে সন্তু নিরাময়াঃ।
সর্বে ভদ্রাণি পশ্যন্তু মা কশ্চিদ্দুঃখমাপ্নুয়াৎ ॥

সবাই হেথায় সুখী হোক হোক নিরাময়,
সবার দৃষ্টি শুভ হোক দুঃখ করুক জয় ॥ ৭০

* সর্ব্বস্তরতু দুর্গাণি সর্ব্বো ভদ্রাণি পশ্যতু।
সর্ব্বঃ সদ্বুদ্ধিমাপ্নোতু সর্ব্বঃ সর্ব্বত্র নন্দতু ॥

বিপদ সবাই পার হোক, দেখুক শুভ দৃশ্য।
লভুক সবাই শুভ বুদ্ধি চিত্তে জাগুক হর্ষ ॥ ৭১

* দুর্জ্জনঃ সজ্জনো ভূয়াৎ সজ্জনঃ শান্তিমাপ্নুয়াৎ।
শান্তো মুচ্যেত বন্ধেভ্যো
মুক্তশ্চান্যান্ বিমোচয়েৎ ॥

দুর্জ্জন সজ্জন হোক সৎ লভুক শান্তি,
শান্ত বন্ধমুক্ত হোক, মুক্ত ঘুচাক ভ্রান্তি ॥ ৭২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সঙ্গীত :—আমার মাথা নত করে দাও হে পৃষ্ঠা ৫৮

গুরুপ্রণাম :—

(১) ওগো বন্দি তোমারে গুরু পৃষ্ঠা ৫৭

(২) ভব সাগর তারণ পৃষ্ঠা ৫২

❋ ওঁ অখণ্ডমণ্ডলাকারং ব্যাপ্তং যেন চরাচরম্ ।
তৎপদং দর্শিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ ॥

অখণ্ডমণ্ডলাকারে ব্যাপ্ত চরাচরে পূর্ণ ব্রহ্ম হরি ।
তাঁকে যিনি দেখিয়ে দেন সেই শ্রীগুরুকে প্রণাম করি ॥ ৭৩

❋ মন্নাথঃ শ্রীজগন্নাথো মদ্‌গুরুঃ শ্রীজগদ্‌গুরুঃ ।
মমাত্মা সর্ব্বভূতাত্মা তস্মৈ শ্রীগুরবে নম ॥

আমার পতি জগৎ পতি, গুরু জগদগুরু ।
আমার আত্মা সর্ব্বজীবে নমি কল্পতরু ॥ ৭৪

❋ সচ্চিদানন্দরূপায় কৃষ্ণায় পরমাত্মনে ।
নমো বেদান্তবেদ্যায় গুরবে ব্রহ্মসাক্ষিণে ॥

পরামাত্মা কৃষ্ণচন্দ্র সচ্চিদানন্দ ধারী ।
বেদ বৈদ্য ব্রহ্ম সাক্ষী গুরুকে প্রণাম করি ॥ ৭৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

❋ কৃষ্ণং স্মরামি মমৈকবল্লভং
কৃষ্ণং ভজামি মমৈকরক্ষকম্ ।
কৃষ্ণং জপামি মমৈকসাধনং
কৃষ্ণং নমামি মমৈকজীবনম্ ॥
সর্ব্বস্বং মে কৃষ্ণচন্দ্রো দয়ালুঃ
নান্যং জানে নৈব জানে ন জানে ॥
(৩ বার)

কৃষ্ণ আমার জীবন প্রভু গতি এ সংসারে,
তাঁরে স্মরি ভজি জপি প্রণাম করি তাঁরে ।
সর্ব্বস্ব আমার কৃষ্ণ করুণা নিধান,
না জানি, না জানতে চাহি, না জানিব আন ॥ ৭৬

❋ কৃষ্ণায় বাসুদেবায় হরয়ে পরমাত্মনে ।
প্রণতক্লেশনাশায় গোবিন্দায় নমো নমঃ ॥
হে কৃষ্ণ হে বাসুদেব পরমাত্মা হরি,
হে গোবিন্দ দুঃখহারী তোমায় প্রণাম করি ॥ ৭৭

❋ হে কৃষ্ণ করুণাসিন্ধো দীনবন্ধো জগৎপতে ।
গোপেশ গোপিকাকান্ত রাধাকান্ত
নমোঽস্তুতে ॥ (৩বার)
হে কৃষ্ণ করুণাসিন্ধো জগৎ পতি ।
গোপেশ গোপিকাকান্ত রাধাকান্ত লহ নতি ॥ ৭৮

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

❋ শ্রীকৃষ্ণ গোবিন্দ হরে মুরারে

হে নাথ নারায়ণ বাসুদেব ॥ (৩বার)

শ্রীকৃষ্ণ হে গোবিন্দ হে মুরারি হরি,
হে নাথ নারায়ণ বাসুদেব স্মরি ॥ ৭৯

❋ য ত্বাং পশ্যতি সর্ব্বত্র সর্ব্বঞ্চ ত্বয়ি পশ্যতি।

বাসুদেবঃ সর্ব্বমিতি যঃ

পশ্যতি স পশ্যতি ॥ (৩বার)

তুমি আছ সব ঠাঁই যে জন নেহারে,
সব কিছু দেখে পুনঃ তোমারি মাঝারে।
বাসুদেবই সব এই যে করে দর্শন,
তারই দেখা দেখা বটে, ধন্য সেই জন ॥ ৮০

❋ ওঁ যো দেবোঽগ্নৌ যোঽপ্সু

যো বিশ্বং ভুবনমাবিবেশ।

য ওষধিষু যো বনস্পতিষু তস্মৈ দেবায়

নমো নমঃ ॥

অগ্নি জলে, ওষধিতে বনস্পতি মাঝে।
বিশ্ব জুড়ে আছেন যিনি নমি হৃদয়রাজে ॥ ৮১

❋ ওঁ যস্মিন্ সর্ব্বে যতঃ সর্ব্বে যঃ সর্ব্বঃ সর্ব্বতশ্চ যঃ।
যশ্চ সর্ব্বময়ো দেবস্তস্মৈ সর্ব্বাত্মনে নমঃ ॥

যাহাতে সব যা হ'তে সব সবাতে যে রাজে।
সর্ব ময় সে সর্বাত্মারে পূজি হৃদয় মাঝে ॥ ৮২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

❋ খং বায়ুমগ্নিং সলিলং মহীঞ্চ
জ্যোতীংষি সত্ত্বানি দিশো দ্রুমাদীন।
সরিৎসমুদ্রাংশ্চ হরেঃ শরীরং
যৎকিঞ্চ ভূতং প্রণমেদনন্যং ॥

আকাশ বায়ু অগ্নি জল সূর্য চন্দ্র তারা,
সাগর নদী বৃক্ষ লতা জীব পূর্ণ ধরা।
যাহা কিছু বিশ্বে সব তাঁরই বিভূতি,
কায়মনোবাক্যে তাঁরে সদা করি স্তুতি ॥ ৮৩

স্মরণ ঃ—(রবিবার)

❋ স্তনন্ধয়ানাং স্তনদুগ্ধপানে
মধুব্রতানাং মকরন্দপানে
দানে দয়ালোরথ ভক্তগানে
পশ্যামি মূর্ত্তিং করুণাময়ীং তে ॥

স্তন্যপায়ী শিশু যবে স্তন্য করে পান,
ফুলের বুকে মধু খেয়ে ভ্রমর মুহ্যমান।
দয়াল করে দান যখন ভক্ত করে গান,
তোমার মধুর মূর্ত্তি তখন হেরি ভগবান ॥ ৮৪

❋ বনস্পতৌ ভূভৃতি নির্ঝরে বা
কূলে সমুদ্রস্য সরিত্তটে বা।
যত্রৈব চিত্তে সমুদেতি ভক্তি-
স্তত্রৈব পশ্যামি তবৈব মূর্ত্তিম্ ॥

গহন্ বনে পাহাড় প'রে নির্ঝর কল্লোলে,
নদীর তটে সাগর কূলে তরঙ্গ হিল্লোলে।
যেথায় মোর চিত্ত ওঠে ভক্তিরসে ভরি,
আনন্দ ময় মূর্ত্তি তোমার সেথায় নেহারি ॥ ৮৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

* নমস্তে নমস্তে বিভো বিশ্বমূর্ত্তে
নমস্তে নমস্তে হরে ঽচিন্ত্যশক্তে।
নমস্তে নমস্তে ঽখিলাশ্চর্য্যসিন্ধো
মহাদেব শম্ভো নমস্তে নমস্তে॥

বার বার নমি তোমায় বিভু বিশ্বমূর্ত্তি,
বার বার নমি হরি হে অচিন্ত্যশক্তি।
বার বার নমি ওগো অখিলাশ্চর্য্য সিন্ধু,
মহাদেব শম্ভো নমি জগতের বন্ধু॥ ৮৬

[শ্রীমূর্তি দর্শন—৮৪—৮৬ নং শ্লোকের স্থানে শ্রীমূর্তিদর্শন পাঠ পৃঃ ৪৯]

(সঙ্গীত—সবরূপে রূপ মিলাইয়ে পৃঃ-৫৮
মন একবার হরি বল পৃঃ-৫৯)

* ওঁ পূর্ণমদঃ পূর্ণমিদং পূর্ণাৎ পূর্ণমুদচ্যতে।
পূর্ণস্য পূর্ণমাদায় পূর্ণমেবাবশিষ্যতে॥

পূর্ণ উহা, পূর্ণ ইহা, পূর্ণ হতে পূর্ণ হয় সৃষ্ট।
পূর্ণ হতে পূর্ণ নিলে পূর্ণ তবু থাকে অবশিষ্ট॥ ৮৭॥

* অহো নিমগ্নস্তব রূপসিন্ধৌ
পশ্যামি নান্তং ন চ মধ্যমাদিম্।
অবাক্ চ নিঃস্পন্দতরো বিমূঢ়ঃ
কুত্রাস্মি কোঽস্মীতি ন বেদ্মি দেব॥

ডুবিয়াছি প্রভু তব রূপসিন্ধু জলে,
আদি অন্ত মধ্য কোথা দৃষ্টি নাহি চলে।
অবাক্ নিস্পন্দহিয়া বিমূঢ় চেতনা,
কোথা আমি কেবা আমি কিছুই জানিনা॥ ৮৮ ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

✻ কৃষ্ণং শরণং গচ্ছামি, ধর্ম্মং শরণং গচ্ছামি,
সঙ্ঘং শরণং গচ্ছামি।
ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ ॥

কৃষ্ণের শরণ যাচি ধর্ম্মের শরণ।
সঙ্ঘের শরণে করি সার্থক জীবন ॥ ৮৯ ॥
ওঁ শান্তি ওঁ শান্তি ওঁ শান্তি।

✻ ওঁ আপ্যায়ন্তু মমাঙ্গানি বাক্‌প্রাণশ্চক্ষুশ্রোত্রমথ
বলমিন্দ্রিয়াণি চ সর্ব্বাণি।
ওঁ আবিরাবীর্ম এধি ॥ (৩বার)
হরির্ ওঁ তৎ সৎ ॥

মম অঙ্গ প্রত্যঙ্গাদি ইন্দ্রিয়াদি যত
বাক্‌প্রাণ চক্ষুকর্ণ বল হোক্ আপ্যায়িত
হে চিরপ্রকাশ, তুমি এস নিরন্তর
আবির্ভূত হও এসে আমার ভিতর ॥ ৯০ ॥

সঙ্গীত

বল শান্তি শান্তি শান্তি হরি।
শান্তি প্রদ হরিপদ হিয়ামাঝে ধরি।
হরি যার বন্ধু তার কেহ নহে অরি,
হৃদয়-মাঝারে স্বর্গ (হরি) দেখ প্রাণ ভরি।
কেহ নহে পর তবে সদা প্রাণ ভরি ;
দেখ সর্বঘটে চিদানন্দের লহরী,
ভেদাভেদ জ্ঞান অভিমান পরিহরি।
হৃদয় মাঝারে স্বর্গ (হরি) দেখ প্রাণ ভরি,
দেখ সর্বঘটে চিদানন্দের লহরী।
বল শান্তি শান্তি শান্তি হরি।

(সঙ্গীত-প্রাতে :— আজি প্রণমি তোমারে পৃষ্ঠা :-৬০)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সন্নাসী দাদা সকলের সুবিধার জন্য পূজার সমস্ত তত্ত্বগুলিকে মোটামুটি সাত ভাগে ভাগ করিয়া লইয়াছেন ;— যথা (১) শুদ্ধিতত্ত্ব (২) ধামতত্ত্ব, (৩) স্বরূপতত্ত্ব ও ভগবৎতত্ত্ব (৪) ন্যাসতত্ত্ব, (৫) উপচার-সমর্পণ, (৬) প্রার্থনা ও প্রণাম, (৭) সর্বভূতে ভগবদ্দর্শন। এই সকল তত্ত্বের পূর্ণানুভূতিতেই পূজা সর্বাঙ্গসম্পূর্ণ হয়। এই তত্ত্বগুলির পূর্ণানুভূতির জন্য প্রত্যেকটি তত্ত্ব লইয়া পৃথক্ পৃথক্ ভাবে সাধন করা দরকার। সেই জন্য সন্ন্যাসী দাদা সপ্তাহের সাতদিনের এক একটি দিনে পূর্বোল্লিখিত তত্ত্বগুলির এক একটি তত্ত্বের সাধন উপলব্ধির উপরে জোর দিতে বলেন। সেই দিনে পূজার শ্লোকের ভিতরে বিশেষ বিশেষ তত্ত্বের ভাবোদ্দীপক শ্লোকগুলির উপরে জোর দিতে হইবে এবং তদনুকূল গানের ব্যবস্থা থাকিবে। যেমন--

সোমবার—শুদ্ধিতত্ত্ব ঃ ভাবশুদ্ধিই মানসিক তপস্যা। চিত্ত হইতে প্রতিকূল ভাবগুলি তাড়াইয়া দেওয়া অথবা প্রতিকূল ভাবগুলিকে নিজের ভাবের অনুকূল করিয়া তোলা। কামনা বাসনা আসক্তি মমতা কর্তৃত্বাভিমান নিজসুখস্পৃহা প্রতিষ্টার মোহ হইতে মুক্ত হওয়ার চেষ্টা। 'নির্মমো নিরহংকারঃ' আদি শ্লোকগুলি চিত্তশুদ্ধির সহায়।

বিশেষ সঙ্গীত--- সাজায়ে দে মা তোর সন্তানে পৃঃ ৫৩

মঙ্গলবার—ধামতত্ত্ব ঃ চিত্তশুদ্ধির ফলে ভগবদ্ধামের দিব্য জ্যোতির স্ফুরণ হয়। ধামতত্ত্বে সবই অপ্রাকৃত জ্যোতির্ময়। সেই জ্যোতিতে নিজের স্বরূপ ভগবৎস্বরূপ ও উভয়ের ভিতরকার সম্বন্ধ তত্ত্বগুলি আপনা হইতে স্ফুরিত হইতে আরম্ভ করে।

বিশেষ সঙ্গীত—"সে কোন জোছনা দেশ সই রে"—পৃঃ ৫৪

বুধবার—স্বরূপতত্ত্ব, ভগবৎ-তত্ত্ব ও শক্তিতত্ত্ব ঃ ধামতত্ত্বে প্রবেশ করিয়া

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নিজের প্রকৃত স্বরূপ ভগবৎস্বরূপ এবং উভয়ের ভিতরকার সম্বন্ধ উপলব্ধিতে নিজের স্বরূপে প্রতিষ্ঠিত হইবার জন্য তীব্র জিজ্ঞাসা জন্মিলে ভগবৎকৃপাশক্তি সদ্‌গুরুর করুণা আস্বাদন লাভ হয়।

বিশেষ সঙ্গীত—"একবার বিরাজ গো মা হৃদি কমলাসনে" পৃঃ ৫৫

বৃহস্পতিবার—ন্যাসতত্ত্ব ঃ ন্যাসতত্ত্বের সাধনার প্রভাবে দেহাদিতে বৃথা আমিত্বাভিমান কর্ত্তৃত্বাভিমান দূর হয়। "নির্মমো নিরহংকারঃ" ভাব উদিত হয়। শ্রীভগবান স্বয়ং কিভাবে অনন্তরূপ ধারণ করিয়া অনন্ত লীলারস বিস্তার করিতেছেন তাহার অনুভূতি লাভই ন্যাসক্রিয়ার স্বাভাবিক ফল।

বিশেষ সঙ্গীত—"আমার সকল তুমি সকল তুমি সকলি তো তুমি।" পৃ ৩৪

শুক্রবার—উপচার সমর্পণ ঃ উপচার—যাহা আমাদের সম্মুখে বিচরণ করিয়া বেড়াইতেছে, উপচার, শব্দস্পর্শরূপরসগন্ধ আদি পঞ্চ তন্মাত্র। উপচার, যাহা আমাদের জীবনধারণের প্রধান অবলম্বন। এইগুলি যে ভগবানেরই তাহা বুঝিয়া তাঁহাকেই সমর্পন।

বিশেষ সঙ্গীত—"কি দিয়ে পূজিব বল না তোমারে" পৃঃ ৫৭

শনিবার—প্রার্থনা ও প্রণাম ঃ নিজের জন্য অনন্যা ভক্তি ও সর্বজীবের কল্যাণ ও সকলের শুভবুদ্ধি প্রার্থনা এবং প্রণাম পূর্ণভাবে নত হওয়া, সব রকমে আমিত্বকে, নিজসুখস্পৃহাকে, নিজের ইচ্ছাকে বিসর্জন দিয়া প্রণম্যের চরণে আত্মনিবেদন করা Total and Unconditional Surrender to the will of God.

বিশেষ সঙ্গীত—"আমার মাথা নত করে দাওহে তোমার চরণ ধূলার তলে।" পৃঃ ৫৮

রবিবার—ভগবদ্দর্শন সর্বভূতে ইষ্ট বা আত্মদর্শন ঃ আপন আপন ইষ্টের,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সর্ব্বব্যাপী ভাব হৃদয়ঙ্গম করা সর্বভূতে তাঁহাকে দর্শন করা সর্বভূতের ভিতর দিয়া তাঁহার উপলব্ধির চেষ্টা করা। বহুর মধ্যে এক একের মধ্যে বহু বাসুদেবঃ সর্বম্ ইতি।"

বিশেষ সঙ্গীত—"সবরূপে রূপ মিলায়ে রইলে আপনি নিরাকার।" পৃঃ৫৮

তর্পণ

হিন্দুধর্ম জীবমাত্রকেই ভগবানের জীয়ন্ত বিগ্রহ মনে করেন। সকলের ভিতর দিয়া ভগবৎদর্শন ভগবানের ধ্যান এবং ভগবানের সেবাই হিন্দুধর্মের সার কথা। কাহাকেও অসন্তুষ্ট করিয়া, কাহারও ঋণ রাখিয়া, কেহ অতৃপ্ত থাকিতে ভগবৎধামে প্রবেশ করা যায় না,—ভগবানকে পাওয়া যায় না। তাই তর্পনের দিকে এত দৃষ্টি। দেহের বিনাশ হইলেও আত্মার বিনাশ নাই সুতরাং আমাদের মৃত পিতৃগনের দেহে যে আত্মা অবস্থিত ছিলেন তিনি এখন যেই শরীরেই অবস্থান করুন সেই শরীরেই শাস্ত্রোক্ত তর্পণাদির দ্বারা তৃপ্তিলাভ করেন। তর্পণের মন্ত্রগুলির ভাবোদ্দীপন শক্তি শুধু স্থূলেই সীমাবদ্ধ এরূপ মনে করা উচিত নয়। যাহারা জন্মগ্রহণ করিয়াছেন তাহাদেরও তর্পণের দ্বারা কল্যাণ সাধিত হয়। শুভ ইচ্ছার, আশীর্বাদের ফল অস্বীকার করা যায় না। আসল কথা চিত্তের ভাব। তিলজল ইত্যাদি উপলক্ষ্য মাত্র। তবে ইহাও যে সূক্ষ্ম আত্মার তৃপ্তি সাধন করে তাহারও প্রমাণ আছে।—

দেবতর্পণ ঃ—

ওঁ ব্রহ্মা তৃপ্যতাম্ ওঁ বিষ্ণুস্তৃপ্যতাম্ ওঁ রুদ্রস্তৃপ্যতাম্ ওঁ প্রজাপতিস্তৃপ্যতাম

বিদ্যাধরা জলাধারাস্তথৈবাকাশগামিনঃ।
নিরাহারাশ্চ যে জীবাঃ পাপেধর্মারতাশ্চ যে।
তেষামাপ্যায়নায়ৈতদ্ দীয়তে সলিলং ময়া॥

মনুষ্যতর্পণ ঃ—

ওঁ সনকশ্চ সনন্দশ্চ তৃতীয়শ্চ সনাতনঃ।
কপিলশ্চাসুরিশ্চৈব বোঢ়ুঃ পঞ্চশিখস্তথা॥
সর্ব্বেতে তৃপ্তিমায়ান্তু মদ্দত্তেনাম্বুনা সদা॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ঋষিতর্পণ ঃ—

ওঁ মরীচিস্তৃপ্যতাম্ ওঁ অত্রিস্তৃপ্যতাম্ ওঁ অঙ্গিরাস্তৃপ্যতাম্ ওঁ পুলস্ত্যস্তৃপ্যতাম্ ওঁ পুলহস্তৃপ্যতাম্ ওঁ ক্রতুস্তৃপ্যতাম্ ওঁ প্রচেতাস্তৃপ্যতাম্ ওঁ বশিষ্ঠস্তৃপ্যতাম্ ওঁ ভৃগুস্তৃপ্যতাম্ ওঁ নারদস্তৃপ্যতাম্।

ওঁ আব্রহ্মভুবনাল্লোকাঃ দেবর্ষিপিতৃমানবাঃ
তৃপ্যন্তু পিতরঃ সর্ব্বে মাতৃমাতামহাদয়ঃ
অতীতকুলকোটীনাং সপ্তদ্বীপনিবাসিনাম্
ময়া দত্তেন তোয়েন তৃপ্যন্তু ভুবনত্রয়ম্ ।
ওঁ আব্রহ্ম স্তম্বপর্যন্তং জগৎ তৃপ্যতু ॥

এই মন্ত্র পাঠ করিয়া তিন অঞ্জলি জল প্রদান করিবে।

পূজা এবং যজ্ঞ বা হবন

পূজা এবং যজ্ঞ মানব জীবনের আদর্শ প্রাপ্তির পক্ষে মুখ্য উপায়, সাধনার আবশ্যিক অঙ্গ। সমস্ত জগৎ এক বিরাট যজ্ঞশালা। যে যজ্ঞের হোতা হবিঃ হবন, দৃষ্টা দৃশ্য দর্শন সমস্ত ত্রিপুটী একমাত্র ব্রহ্ম। জগদ্ব্যাপী চলিতেছে এই মহাযজ্ঞ। আমরা সজ্ঞানে অজ্ঞানে সেই মহাযজ্ঞে নির্দিষ্ট অঙ্ক পূরণ করিয় যাইতেছি। ইহা বুঝিয়া আমাদের সমস্ত কাজকে সেই মহাযাজ্ঞের তালেতালেসাধন করিতে পারিলে আমাদের সবকাজ যজ্ঞে পরিণত হইবে। এইজন্য ভগবৎতৃপ্তির ভগবৎপ্রাপ্তির অনুকূল সব কাজকেই যজ্ঞ বলা হয়।

অখণ্ড তত্ত্বকে খণ্ডিত করা শুধু কল্পনাজগতেই সম্ভবপর। তাই আমাদের অহংতত্ত্ব একটা কাল্পনিক দ্বন্দ্বভাব সৃষ্টি করিয়া জগৎকে এতটা অশান্ত করিয়া তুলিয়াছে। ফলে অহংকার বশে আমরা আত্মার নিত্যসর্বগত ভাব ভুলিয়া গিয়া "আমি তুমি" ভাবের সৃষ্টি করিয়া আমাকে সুখী করিবার জন্য তোমার অনিষ্ট করিতে দ্বিধা বোধ করিনা। এই কাল্পনিক ভেদভাব দ্বন্দ্বভাব দূর করিবার জন্যই আমাদের বৈদিক হোমক্রিয়া।

যজ্ঞের মধ্যে জ্ঞান যজ্ঞই শ্রেষ্ঠ। প্রথমতঃ ব্যষ্টিতত্ত্বগুলিকে সমষ্টিতত্ত্বে আহুতিদিয়া এক বিশিষ্টাদ্বৈত ভাব স্থাপন করা, পরে সেই বিশিষ্টাদ্বৈত ভাবগুলিকে এক অখণ্ড অদ্বয় তত্ত্বে আহুতি দিয়া 'একমেবাদ্বিতীয়ম্' তত্ত্ব আস্বাদ করাই হোমের লক্ষ্য।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীমূর্ত্তিদর্শন

বাসন্তচূতমুকুলেম্বলিঝঙ্কৃতেষু
কুঞ্জেষু মঞ্জুকলকোকিলকূজিতেষু।
সম্পূর্ণশারদসুধাকরমণ্ডলেষু
সৌন্দর্য্যসাগর হরে তব মূর্ত্তিমীক্ষে ॥ ১ ॥

প্রফুল্লপদ্মেষু সরোবরেষু
তারাবিচিত্রেষু নভঃস্থলেষু।
মাতুঃ স্তনে কারুণিকস্য চিত্তে
গোবিন্দ পশ্যামি তবৈব মূর্ত্তিম্ ॥ ২ ॥

বিচিত্রপুষ্পাসু বনস্থলীষু
সুগন্ধমন্দানিলবীজিতাসু।
বিহঙ্গসঙ্গীতনিনাদিতাসু
গোবিন্দ পশ্যামি তবৈব মূর্ত্তিম্ ॥ ৩ ॥

শিখণ্ডিকেকা নবমেঘশব্দে
ভেকালিকণ্ঠাশ্চ নবাম্বুপাতে।
ঝিল্লীরবাঃ সুপ্তজনে নিশীথে
উদ্বোধয়ন্ত্যঙ্গ তবৈব মূর্ত্তিম্ ॥ ৪ ॥

মাণিক্যখণ্ডৈরিব দীপ্যমানৈঃ
খদ্যোতপুঞ্জৈ র্নিচিতানগণ্যৈঃ।
বহুদ্রুমান্ বীক্ষ্য ঘনান্ধকারে
স্মরামি তে রূপমপূর্বরূপ ॥ ৫ ॥

প্রত্যগ্রসিন্দুররসৈরিবার্দ্রৈ
বালাতপৈর্বিচ্ছুরিতেঽন্তরিক্ষে।
পশ্যামি সন্ধ্যাম্বুদবিভ্রমেষু
প্রেমাভিরাম্য তব কৃষ্ণমূর্ত্তিম্ ॥ ৬ ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উদ্ভিন্নগারুত্মতসুপ্রকাশৈঃ
ক্ষেত্রেষু কীর্ণেষু নবীনশস্যৈঃ।
স্নিগ্ধেষু পশ্যামি চ পল্লবেষু
বিশ্বাভিরামং তব কৃষ্ণরূপম্ ॥ ৭ ॥

কঙ্কালমালাবহুলে ইতিরৌদ্রে
শ্মশানদেশে শবধূমধূম্রে।
প্রচণ্ডবাতক্ষুভিতেঽর্ণবে চ
প্রেক্ষে মহারুদ্র তবৈব মূর্ত্তিম ॥ ৮ ॥

গাঢ়ান্ধকারাসু কুহুক্ষপাসু
দিগ্ব্যাপিঘোরাভ্রঘটাসু চৈব।
দম্ভোলিভীমধ্বনিতেষু বীক্ষে
মহাবিরাজস্য তবৈব মূর্ত্তিম্ ॥ ৯ ॥

শশাঙ্কতারাপ্রতিবিম্বগর্ভান্
তোয়াশয়ান্ স্বচ্ছজলান্ সমীক্ষ্য।
উদেতি চিত্তে তব কাপি মূর্ত্তি—
রনন্তবৈচিত্র্যময়ী মুকুন্দ। ১০ ॥

পুণ্যানি তীর্থানি তপোবনানি
দৃষ্ট্বা সরিৎসাগরসঙ্গমাংশ্চ।
নামাবশেষাংশ্চ পুরার্ণদেশান
পুরাতনং ত্বাং পুরুষং স্মরামি ॥ ১১ ॥

লীলাঃ শিশূনাং গৃহচত্বরেষু
গবাং প্রচারেষু চ বৎসলীলাঃ।
জলে চ পশ্যন্ জলপক্ষিলীলাঃ
স্মরামি লীলাময়বিগ্রহং ত্বাম্ ॥ ১২ ॥

স্তনন্ধয়ানাং স্তনদুগ্ধপানে
মধুব্রতানাং মকরন্দপানে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দানে দয়ালোরথ ভক্তগানে
পশ্যামি মূর্ত্তিং করুণাময়ীং তে ॥ ১৩ ॥
সতীষু নারীষু চ সর্ব্বভূত-
প্রকামসন্তর্পণদীক্ষিতাসু ।
পূর্ণান্নপূর্ণাস্বিব লক্ষয়েঽহং
মূর্ত্তিং হরে সত্ত্বময়ীং তবৈব ॥ ১৪ ॥
বনস্পতৌ ভূভৃতি নির্ঝরে বা
কূলে সমুদ্রস্য সরিত্তটে বা ।
যত্রৈব চিত্তে সমুদেতি ভক্তি-
স্তত্রৈব পশ্যামি তবৈব মূর্ত্তিম্ ॥ ১৫ ॥
কীটে পতঙ্গে চ সরীসৃপে চ
মীনে পশৌ পক্ষিণি মানবে চ ।
স্থূলে চ সূক্ষ্মে চ জলে স্থলে খে
পশ্যামি তে রূপমনন্তরূপ ॥ ১৬ ॥
ভূতেষু সর্বেষু চরাচরেষু
দূরে সমীপে চ পুরশ্চ পশ্চাৎ ।
বিলোকয়াম্যূর্দ্ধমধশ্চ তির্য্যক্
হে কৃষ্ণ তে রূপমনন্তরূপ ॥ ১৭ ॥
অহো নিমগ্নস্তব রূপসিন্ধৌ
পশ্যামি নান্তং ন চ মধ্যমাদিম্ ।
অবাক্ চ নিঃস্পন্দতরো বিমূঢ়ঃ
কুত্রাস্মি কেঽস্মীতি ন বেদ্মি দেব ॥ ১৮ ॥
নমস্তে নমস্তে বিভো বিশ্বমূর্ত্তে
নমস্তে নমস্তে হরে ঽচিন্ত্যশক্তে ।
নমস্তে নমস্তে ঽখিলাশ্চর্য্যসিন্ধো
মহাদেব শম্ভো নমস্তে নমস্তে ॥ ১৯ ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীগুরু-বন্দনা

ভবসাগরতারণকারণ হে,
রবিনন্দন-বন্ধন-খণ্ডন হে,
শরণাগত কিঙ্কর ভীত মনে,
গুরুদেব দয়া কর দীন জনে ॥

হৃদিকন্দর-তামস-ভাস্কর হে
তুমি বিষ্ণু প্রজাপতি শঙ্কর হে,
পরব্রহ্ম পরাৎপর বেদ ভণে,
গুরুদেব দয়া কর দীন জনে ॥

মনবারণ শাসন অঙ্কুশ হে,
নরত্রাণ তরে হরি চাক্ষুষ হে,
গুণগানপরায়ণ দেবগণে,
গুরুদেব দয়া কর দীন জনে ॥

কুলকুণ্ডলিনী ঘুমভঞ্জক হে,
হৃদিগ্রন্থি-বিদারণ কারক হে,
মম মানস চঞ্চল রাত্রদিনে
গুরুদেব দয়া কর দীন জনে ॥

রিপুসূদন মঙ্গল নায়ক হে,
সুখশান্তি-বরাভয় দায়ক হে,
ত্রয় তাপ হরে তব নামগুণে,
গুরুদেব দয়া কর দীন জনে ॥

অভিমান-প্রভাব-বিমর্দ্দক হে,
গতিহীন জনে তুমি রক্ষক হে,
চিত শঙ্কিত বঞ্চিত ভক্তিধনে
গুরুদেব দয়া কর দীন জনে ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তব নাম সদা শুভ সাধক হে
পতিতাধম মানব পাবক হে,
মহিমা তব গোচর শুদ্ধ মনে,
গুরুদেব দয়া কর দীন জনে ।।
জয় সদ্‌গুরু ঈশ্বর প্রাপক হে,
ভবরোগ-বিকার-বিনাশক হে,
মন যেন রহে তব শ্রীচরণে,
গুরুদেব দয়া কর দীন জনে ।।

সঙ্গীত

(নিম্নলিখিত গানগুলি সন্নাসী দাদা যেরূপ শুনিতে অভ্যস্ত সেইরূপেই দেওয়া হইয়াছে ; তাহার জন্য প্রয়োজন মত স্থানে স্থানে ঈষৎ পরিবর্ত্তন বা পদ- বিন্যাসের কিছু অদল-বদল করা হইয়াছে।)

(১)

(সোমবারে)

সাজায়ে দে মা তোর সন্তানে।
যেন শোভে হরিনাম গানে ॥
মা তোর কোলে বসায়ে দে অঞ্চলে মুছায়ে,
পাপ তাপের ধূলি যত লেগেছে গায়ে।
(যেন) মুখ দেখে মা তোর ছেলে ব'লে সকলে চিনে ॥
পরাও বৈরাগ্য-বসন, বিনয় গাত্র আভরণ ;
সর্ব অঙ্গে মেখে দেমা ভক্তির চন্দন।
দে মা ললাটে পুণ্যের তিলক, দে গো অতি যতনে ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দে মা প্রেমের অঞ্জন, করি নয়ন-ভূষণ ;
ভাই ভাই মিলে করি প্রেম-আলিঙ্গন ।
(যেন) অসৎভাবে কুদৃষ্টিতে না চাহি কারো পানে ॥
সত্যের নিশান দাও হাতে, হরিনাম লিখে তাতে,
অটল বিশ্বাসের ঝুঁটি বেঁধে দাও মাথে ।
(দে মা) পায়ে পরায়ে জ্ঞানের নূপুর চলিতে ভববনে ॥
মাগো সন্তানবৎসলে, নামের মালা দাও গলে
হরিনামের কুণ্ডল কানে দে গো পরায়ে ।
(যেন) হরিনাম বিনে এ কান আর কিছু নাহি শোনে ॥
(হাতে) (অক্ষয় কবচ বেঁধে দে মা থাকবে না ভয় শমনে ॥)
দে মা বাহুতে শক্তি, দে মা হৃদয়ে ভক্তি,
তোমার কার্য সাধনে দাও অটল প্রবৃত্তি ।
(যেন) তোমার প্রিয় সাধন করে সফল করি জীবনে ॥
এরূপ সাজায়ে দিয়ে, মা তুই দেখ চেয়ে চেয়ে,
হরিনাম গাব মাগো তোমায় ঘেরিয়ে ।
(মা তুই) হাতে তালি দিবি মোরা নাচিব হরি বলে ॥
(আমায় এমনি ক'রে সাজা গো)
(যেন মুখ দেখে মা তোর ছেলে ব'লে সকলে চিনে ।)
(যেন অসৎভাবে কুদৃষ্টিতে না চাহি কারো পানে ।)
(আমায় এমনি ক'রে সাজা গো)
(যেন মুখ দেখে মা তোর ছেলে ব'লে সকলে চিনে)

(২)

(মঙ্গলবারে)

সে কোন্ জোছনা দেশ সই রে ।
(যেথা) অগণন চকোর মধুপানে বিভোর
নাহি জানে নিত্যসুখ বই রে ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(যেথা) পাষাণ ভেদিয়া ফুটে জীবনের ফুল রে,
সাগর অমৃতময় নাহি তার কূল রে;
প্রেম-নির্ঝরিণী যত উরধগামিনী
কই সে দেশ সই কই রে।
(যেথা) বদন সোহাগে চুমে চরণের মূল রে,
প্রাণময়ী ভাষা তথা নাহি তার ভুল রে;
যে দেশের অভিধানে দুখ মানে সুখ রে
তুমি মানে আমি বই আর কিছু নয় রে।
(যেথা) সাকার ডুবিয়া মরে নিরাকার-চুপে,
নিরাকার ভেসে উঠে সাকার রূপে,
(এক) নিরাধার মহাপ্রাণ দিবানিশি জাগে
কই সে দেশ সই কই রে।

(৩)

(বুধবারে)

বিরাজ গো মা হৃদি-কমলাসনে।
তোমার ভুবনভরা রূপটি একবার দেখে নি মা নয়নে।
তুমি অন্নপূর্ণা মা, তুমি শ্মশানে শ্যামা,
কৈলাসেতে উমা তুমি বৈকুণ্ঠে রমা।
ধর বিরিঞ্চি-শিব-বিষ্ণুরূপ সৃজন-লয় পালনে।
তুমি পুরুষ কি নারী তা ত' বুঝিতে নারি,
স্বয়ং না বুঝালে তাকি বুঝিতে পারি।
তাইত আধা রাধা আধা কৃষ্ণ সাজিলে বৃন্দাবনে।
দুখ-দৈন্যহারিণী চৈতন্যকারিণী,
আর কিছুই চাই না বিনে চরণ দু' খানি।
তোমায় প্রেমসাজে সাজাব ব'লে বাসনা মনে মনে।
তুমি জগতের মাতা, যোগিজনানুগতা,
অনুগত জনের কৃপা-কল্পলতা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তোমায় মা ব'লে ডাকিলে অমনি কোলে লও ভক্তগণে।
পরিব্রাজক ভিখারী, সাধ মনেতে ভারী,
মধুর হাসিমাখা মায়ের মুখখানি হেরি।
ব'সে মায়ের কোলে মা মা ব'লে নাচিব যোগ-ধেয়ানে।
(আমায় এমনি ক'রে সাজা গো)
(তোমার ভুবনভরা রূপটি একবার দেখে নি মা নয়নে)
(তোমায় মা বলে ডাকিলে অমনি কোলে লও মা সন্তানে)
(যেন অসৎ ভাবে কুদৃষ্টিতে না চাহি কারো পানে)
(যেন মুখ দেখে মা তোর ছেলে বলে সকলে চিনে)

(৪)

(শুক্রবারে)

কি দিয়ে পূজিব বল না তোমারে।
যেদিকে নেহারি সকলি তোমারি
কি আছে আমার এ ভব-সংসারে।
লতায় লাবণ্য কুসুমে সুবাস,
সর্বসৌরভেতে তোমারি বিকাশ,
ধূপদীপাদিতে তোমারি প্রকাশ
ফলমূল আদি তোমারি ভাণ্ডারে।
চন্দন-গন্ধ অতি সুশীতল,
তুমিই পবিত্র জাহ্নবীর জল,
তুমিই তুলসী নবদূর্বাদল
বিল্বদলে তুমি ত্রিগুণ আকারে।
আতপ-তণ্ডুল ক্ষীরসর ননী
সকলই তোমার ওহে চিন্তামণি,
কি দিয়ে পুজিব ঐ পা দু'খানি
কি আছে আমার এ ভব-সংসারে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৫)

ওগো বন্দি তোমারে গুরু।
ওগো তুমি যে আমার সুধার সিন্ধু
আমি যে তৃষিত মরু ॥
হে মোর জীবনের ধ্রুবতারা,
আমি আঁধারে আঁধারে
ঘুরিয়া ঘুরিয়া হয়েছিনু দিশেহারা।
তুমি জ্ঞানের প্রদীপ লইয়া
ভয় নাই বলে পথ দেখাইয়া
আগে আগে যাও ফিরে ফিরে চাও
বুঝিয়া আমারে ভীরু ॥
হে মোর পরম বন্ধু,
আমার শত অনাদর লও সমাদরে
অপার দয়ার সিন্ধু।
দেখেও তুমি দেখ না কো দোষ,
নাহি অভিমান নাহি কোনো রোষ ;
সদা হাসিমুখ প্রশান্ত সুমুখ
আমার আশ্রয়-তরু ॥
তুমি অন্তরে মম প্রাণ
আবার বাহিরেতে তুমি
বিশ্বরূপ ধরি রহিয়াছ দৃশ্যমান।
তুমি আবার দেহধারী হয়ে
কর অভিনয় দেহী মোরে লয়ে ;
নমি বিশ্বপ্রাণ কর পরিত্রাণ
হে মোর কল্পতরু ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৬)

(শনিবারে)

আমার মাথা নত ক'রে দাও হে তোমার
চরণ-ধূলার তলে।
সকল অহংকার হে আমার
ডুবাও চোখের জলে।
নিজেরে করিতে গৌরব দান,
নিজেরে কেবলি করি অপমান,
আপনারে শুধু ঘেরিয়া ঘেরিয়া
ঘুরে মরি পলে পলে।
আমারে না যেন করি প্রচার
আমার আপন কাজে
তোমারি ইচ্ছা করহে পূর্ণ
আমার জীবন মাঝে।
যাচি হে তোমার চরম (চরণে) শান্তি,
পরাণে তোমার পরম কান্তি,
আমারে আড়াল করিয়া দাঁড়াও
হৃদয়-পদ্মদলে।

(৭)

(রবিবারে)

সব রূপে রূপ মিলাইয়ে র'লে আপনি নিরাকার।
আমি জেনেছি হে বিশ্বরূপ,
ভবে তোমা বই রূপ আছে কার?
(আমি জেনেছি হে বিশ্বরূপ
ভবে তোমা বই রূপ নাহি আর)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তুমি ঘটে তুমি পটে, তুমি সর্ব ঘটে ঘটে—
গিরি সঙ্কটে ;
সব ঘটনা তোমার ঘটে তুমি ঘটের কুম্ভকার।
তুমি সিংহ তুমি করি, আপনি হ'লে আপনার অরি,
একি ভাব হরি।
(আমায়) মার তুমি বাঁচাও তুমি আপনি কর আপনার বিচার।

(৮)

(রবিবারে)

মন একবার হরি বল হরি বল হরি বল।
হরি হরি হরি ব'লে ভবসিন্ধু পারে চল।
হরি হরি হরি বল, পাবিরে তুই মোক্ষফল।
জলে হরি স্থলে হরি, চন্দ্রে হরি সূর্যে হরি,
অনলে অনিলে হরি হরিময় এই ভূমণ্ডল।
প্রবাসে কাননে হরি, পর্বত-পাথারে হরি,
আকাশে ভূতলে হরি, হরি ব্যাপ্ত সর্বস্থল।
গৃহে দেবালয়ে হরি, পথে কর্মক্ষেত্রে হরি,
আহারে-বিহারে হরি, হরি প্রাণের সম্বল।
অন্নে হরি বস্ত্রে হরি, গৃহ পরিবারে হরি,
দেহমনপ্রাণে হরি, হরি সঙ্গের সম্বল।
নিঃশ্বাসে প্রশ্বাসে হরি, শোণিত-প্রবাহে হরি,
নয়নঅঞ্জন হরি, হরি শক্তি হরি বল।
সুখে হরি দুঃখে হরি, বিপদে সম্পদে হরি,
জনমে মরণে হরি, হরি পরম মঙ্গল।
হরি ভক্তি হরি মুক্তি, হরি স্বর্গ হরি গতি,
হরি জগতের পতি, হরি ইহ পরকাল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হরি বেদ হরি বিধি হরি মন্ত্র হরি সিদ্ধি,
হরি বল হরি বুদ্ধি, হরি ভরসা কেবল।
দুর্বলের বল হরি, অধমতারণ হরি,
পতিত-পাবন হরি, হরি ভকত-বৎসল।
পাষণ্ড-দলন হরি, নাস্তিকের দর্পহারী,
যাঁহার পুণ্য-প্রতাপে কাঁপে পাপাসুর দল।
ভক্তিরস পান করি, যে বলে রে হরি হরি,
বাঞ্ছাকল্পতরু হরি দেন তারে মোক্ষফল।
অখণ্ড অব্যয় হরি ভক্তবাঞ্ছা-পূর্ণকারী;
দীনজনে দয়া করি দেন চরণ-কমল।
হরি পিতা হরি মাতা, হরিগুরু জ্ঞানদাতা
হরি সর্বজনত্রাতা শুদ্ধসত্ত্ব নিরমল।
ক্ষুধা তৃষ্ণা পরিহরি বল রে মন হরি হরি,
হরি তোর ক্ষুধার অন্ন, হরি তোর পিপাসার জল।
নয়নে দেখ রে হরি, রসনায় বল হরি,
হৃদয় কমলে ভজ হরিচরণ-কমল।

(৯)

(সকালে)

আজি প্রণমি তোমাবে চলিব নাথ
সংসার-কাজে।
তুমি আমার নয়নে নয়ন রেখো
অন্তর মাঝে।
হৃদয়-দেবতা রয়েছ প্রাণে
মন যেন তাহা নিয়ত জানে,
পাপের চিন্তা মরে যেন দহি'
দুঃসহ লাজে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সব কলরবে সারা দিনমান,
শুনি অনাদি সঙ্গীত গান
সবার সঙ্গে যেন অবিরত
তোমার সঙ্গ রাজে ;
নিমেষে নিমেষে নয়নে বচনে,
সকল কর্মে সকল মননে,
সকল হৃদয়-তন্ত্রে যেন
মঙ্গল বাজে।

(১০)

(সন্ধ্যায়)

ডেকেছেন প্রিয়তম কে রহিবে ঘরে ;
ডাকিতে এসেছি তাই, চল ত্বরা করে'।
তাপিত-হৃদয় যারা মুছিবি নয়ন ধারা,
ঘুচিবে বিরহ-তাপ কতদিন পরে।
আজি এ আকাশ মাঝে, কি অমৃত বীণা বাজে,
পুলকে জগৎ আজি কি মধু শোভায় সাজে।
আজি এ মধুর ভবে মধুর মিলন হবে,
তাহারি সে প্রেমমুখ জেগেছে অন্তরে ॥

(১১)

শরণ মে আয়ে হ্যায় হাম তুম্হারী
দয়া করো হে দয়ালু ভগবান্।
সুধারো বিগড়ী দশা হমারী,
দয়া করো হে দয়ালু ভগবান্ ॥
ন হমমে বল হ্যায় ন হমমে শক্তি
ন হমমে সাধন ন হমমে ভকতি
তুম্হারে দরকে হ্যায় হম ভিখারী।
দয়া করো হে দয়ালু ভগবান্ ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জো তুম হো স্বামী তো হম হ্যায় সেবক,
জো তুম পিতা হো তো হম হ্যায় বালক,
জো তুম হো ঠাকুর তো হম পূজারী।
দয়া করো হে দয়ালু ভগবান্।
বুরে জো হ্যায় তো হ্যায় হম তুম্‌হারে,
ভলে জো হ্যায় তো হ্যায় হম তুম্‌হারে,
তুম্‌হারে হোকর হো হম দুখারী।
দয়া করো হে দয়ালু ভগবান্।
প্রদান করদো মহান শকতি
ভরো হমারে মেঁ জ্ঞান ভকতি
তভী কহাওগে তাপহারী।
দয়া করো হে দয়ালু ভগবান্ ॥
অথাহ সাগর অগম হ্যায় মায়া
য়হী পুরাণো নে মিলকে গায়া
উবারো সংকট সে পাপমোচন,
দয়া করো হে দয়ালু ভগবান ॥

(১২)

স্বামী মেরা সহারা তেরে সিবা নহী হ্যায়।
আধার এক তু হ্যায় বস্ দুসরা নহী হ্যায় ॥
তূ বন্ধু তূ সখা হ্যায় তূ বাপ তুম্‌হী মাঁ হ্যায়।
তেরে সিবায় কোই মাতা-পিতা নহী হ্যায় ।।
ওহ্ কৌন বস্তু লাউঁ জিসকো তুঝে চঢ়াউঁ।
জো কুছ হ্যায় সব হ্যায় তেরী কুছভী মেরা নহী হ্যায় ॥
দীপক মে জ্যুঁ পতিংগা জব তক ন বীর কোই
তুঝমে জ্বলা নহী হ্যায় তুঝসে মিলা নহী হ্যায় ।।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১৩)

প্রেমমুদিত মনসে কহো নাম কেবলম্
হরের্নাম কেবলং হরের্নাম কেবলম্
পাপ তাপ যাবে দূরে নাম কেবলম্
নাম বিনে কলৌ নাস্তি গতিরন্তরম্
হরের্নাম কেবলং হরের্নাম কেবলং হরের্নাম কেবলম্।
পরম গুপ্ত ছিল সে সুপ্ত গোলোকে গোপন।
নিমাই চাঁদের মুখে হরের্নাম কেবলম্।
শয়নে স্বপনে ঘুম জাগরণে নাম কেবলম্
শান্তমনে যোগধ্যানে নাম কেবলম্
মহামুনি ঋষি জপে নাম কেবলম্
অন্তকালের সম্বল হরের্নাম কেবলম্।
হরের্নাম কেবলং হরের্নাম কেবলং হরের্নাম কেবলম্॥
ব্রহ্মা জপে চতুর্মুখে পঞ্চে পঞ্চানন।
নারদ বীণায় বাজায় হরের্নাম কেবলম্।
প্রহ্লাদ জপে অগ্নিকুণ্ডে নাম কেবলম্।
ধ্রুব ধ্যানে গহনবনে নাম কেবলম্।
হরের্নাম কেবলং হরের্নাম কেবলং হরের্নাম কেবলম্॥
ধর্ম অর্থ কাম মোক্ষ নাম কেবলম্।
মাতা পিতা বন্ধু সখা নাম কেবলম্।
বিদ্যাধন যশোমান নাম কেবলম্।
সারাৎসার পরাৎপর নাম কেবলম্।
হরের্নাম কেবলং হরের্নাম কেবলং হরের্নাম কেবলম্॥
কলৌ নাস্তি এব নাস্তি এব গতিরন্তরম্।
হরের্নাম কেবলং হরের্নাম কেবলং হরের্নাম্
হরের্নাম কেবলম্।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১৪)

ও কার মূরতি রে মন চিন নাকি উহারে
ওই তো করেছে এই বিশ্ব রচনা
হেন দৃশ্য আঁকিতে আর বল কে পারে।
আজি দশভূজা দেখে বুঝি ভেবেছ রূপেরি শেষ
অন্তরে হেরিলে উহার হেরিবে অনন্ত বেশ
অনন্ত প্রেম লোলুপ কদাচিৎ চিৎ-স্বরূপা
ক্বচিৎ আকাশ ক্বচিৎ প্রকাশ অনন্ত জগদাকারে ॥
ধরে রে সহস্র বাহু সহস্র প্রহরণ
সহস্র চরণে করে অজস্র বিচরণ
সহস্র বদনে খায় সহস্র নয়নে চায়
সহস্র শ্রবণে শোনে কথা রে—
সহস্র শিরা না হ'লে কে রে ওরে অবোধ প্রাণ
এতই গরবে করে জীবের সহস্রারে সদা স্নান
সহস্র ভাবে বিভোরা সহজ জ্ঞানের গোচরা
তাই ত' অহরহ বাস করে জীবের সহস্রারে ॥
অজ্ঞান ভুলাতে রে মন পাতে এমন ইন্দ্রজাল
কভু কালীরূপে ধরে করে করাল করবাল
কভু আবার সীতা হয় মূলে কিন্তু কিছু নয়
ব্রহ্মাদি ছলনা ও যে বুঝিতে নারে ॥
আজ যে গোবিন্দের কাছে দুর্গারূপে এসেছে
কাল দেখিবে রাধারূপে কৃষ্ণের বামে বসেছে
তাই ত বলি ও কায়া ও কিছু নয় শুধু মায়া
ধরলে পরে জ্ঞানের আলো লুকায় কায়া ওঙ্কারে ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১৫)

তুমি নির্মল কর মঙ্গল করে মলিন মর্ম মুছায়ে।
তব পুণ্য-কিরণ দিয়ে যাক মোর মোহকালিমা ঘুচায়ে।
লক্ষ্যশূন্য লক্ষ বাসনা ছুটিছে গভীর আঁধারে
জানি না কখন ডুবে যাবে কোন্ আকুল গরল-পাথারে
প্রভু বিশ্ব-বিপদহন্তা, তুমি দাঁড়াও রুধিয়া পন্থা
তব শ্রীচরণতলে নিয়ে এস মোর মত্ত বাসনা গুছায়ে।
আছ অনল-অনিলে চির নভোনীলে ভূধরে সলিলে গহনে
আছ বিটপীলতায় জলদের গায় শশীতারকায় তপনে ;
আমি নয়নে বসন বাঁধিয়া বসে আঁধারে মরিগো কাঁদিয়া।
আমি দেখি নাই কিছু বুঝি নাই কিছু দাও হে দেখায়ে বুঝায়ে ৷

(১৬)

ওঁ জয় জগদীশ হরে, স্বামী জয় জগদীশ হরে।
ভক্ত জনন্ কে সংকট ক্ষণমে দূর করে॥
ওঁ জয় জগদীশ হরে।
জো ধ্যাওয়ে ফল পাওয়ে দুখ বিনশে মনকা।
স্বামী দুখ বিনশে মনকা।
সুখ সম্পতি ঘর আওয়ে, কষ্ট মিটে তনকা॥
ওঁ জয় জগদীশ হরে।
মাত-পিতা তুম্ মেরে শরণ গহুঁ ম্যায় কিসকী।
তুম বিন অউর ন দুজা আস কঁরু জিসকী॥
তুম পূরণ পরমাত্মা তুম অন্তরযামী।
পরব্রহ্ম পরমেশ্বর তুম সবকে স্বামী॥
তুম করুণাকে সাগর তুম পালনকর্তা।
ম্যায় মূরখ খল কামী কৃপা করো ভর্তা॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তুম হো এক অগোচর সবকে প্রাণপতি।
কিস্‌বিধ মিলু গুঁসাই তুমকো ম্যায় কুমতি।
দীনবন্ধু দুঃখহরতা রক্ষক তুম মেরে।
আপনে হাত উঠাও দ্বার পড়া তেরে॥
বিষয়বিকার মিটাও পাপ হরো দেবা।
শ্রদ্ধা ভক্তি বঢ়াও সব সন্তন কী সেবা॥

(১৭)

(সখি) সাজায়ে রাখলো পুষ্পবাসর এমনি করিয়া তোরা
কে জানে কখন আসিবে ফিরিয়া গোপিনীর মনচোরা॥
সে কি ভুলিয়া থাকিতে পারে (তার চিরদাসী রাধিকরে)
কত ঝড় ঝঞ্ঝায় বাদল নিশীথে এসেছে সে অভিসারে
মধুবন হতে (চেয়ে) আন আধফোটা বনফুল
পাপিয়ারে বল গান গাহিতে অনুকুল
চাঁপার কলিকা এনে নূপুর গেঁথে রাখ
তেমনি তমাল ডালে ঝুলনা বাঁধা থাক
দেহের ডালায় রূপ অঞ্জলি করিয়া
রাস মণ্ডলে চল বেশভূষা পরিয়া
(সখি আমি) যোগিনীর বেশ ছাড়িয়া আবার পরিব সাধের নীলাম্বরী
ওগো, মথুরা ত্যজিয়া এ ব্রজে ফিরিয়া আসিবে কিশোর হরি
হরি ফিরিয়া আসিবে। এ ব্রজধামে হরি ফিরিয়া আসিবে
আনন্দে ভাসিবে, নিরানন্দ ব্রজধাম আনন্দে ভাসিবে
আনন্দ ব্রজধামে হরি ফিরিয়া আসিবে॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১৮)

হরিবোল হরি চল যাই বাড়ী
বেলা গেল সন্ধ্যা হল।
ফুরাল বেলা ভাঙ্গিল মেলা
আর কেন বিলম্ব বল ?
বিদেশে প্রবাসে ভব পান্থাবাসে
কিছুই আর লাগেনা ভাল।
বাড়ীপানে মন ছুটেছে এখন
মা মা বলে ঘরে চল।
মায়ের আনন করি দরশন
তাপিত প্রাণ হবে শীতল ;
আছেন জননী দিবস রজনী
আশাপথ চেয়ে কেবল।
মায়ের প্রাণ টানে সন্তানের পানে
ভাবিলে নয়নে ঝরে জল
আহা মা আমার স্নেহের আধার
(মা আমার শান্তিদায়িনী প্রেমরূপিনী)
আপন প্রেমে আপনি বিহ্বল ॥

(১৯)

আমি অকৃতি অধম বলেও তো
কিছু কম করে মোরে দাওনি
যা দিয়েছ তার অযোগ্য বলিয়া
কেড়েও তো কিছু নাওনি ॥
তব আশীষ কুসুম ধরি নাই শিরে
পায়ে দলে গেছি চাহি নাই ফিরে
তবু দয়া করে কেবলি দিয়েছ
প্রতিদান কিছু চাওনি ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমি ছুটিয়া বেড়াই জানিনা কি আশে
সুধা পান করি মরিগো তিয়াসে
তবু যাহা চাই সকলি পেয়েছি
তুমি তো কিছু পাওনি ॥
(আমায়) রাখিতে চাহগো বাঁধনে বাঁধিয়া
আমি শতবার যাই বাঁধন কাটিয়া
ভাবি চলে গেছ নাথ
ফিরে চেয়ে দেখি এক পাও ছেড়ে যাওনি ॥

(২০)

আমি আমি করি বুঝিতে না পারি কে আমি
আমার আছে কোন জন।
কার শক্তি বলে বেড়াই চলে বলে কার অভাবে
দেহ হয় অচেতন ॥
দেহ মাঝে আছে প্রাণের সঞ্চার, তাহাতেই বলি
আমি বা আমার
প্রাণ চলে গেলে হবে শবাকার কেবা কার
কোথা রবে ধনজন ॥
মনেরি চাঞ্চল্যে জীবভাব ঘটে চঞ্চলতা গেলে
সকল অভাব মেটে
স্থির হলে পরে দেখি চিত্ত হৃদিপটে আঁকা
আছে বাঁকা মদন মোহন ॥
অপরূপ সেই রূপের মাধুরী, দৃষ্টিমাত্র
করে মনপ্রাণ চুরি
অপূর্ব্ব মহিমা বুঝিতে না পারি
সকলি পাশরি হেরি নবঘন ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(২১)

আর কিছু তো জানিনে মা ঐ চরণে শরণ দেমা
আমি জানি শুধু তুই মা আমার (জানি জানি)
আপনজনে না চায় কে মা ॥
রজনী আঁধার হলে রাখিস্ মা তোর আঁচল তলে
দেখিস্ যেন অবোধ শিশু (মা) বেঘোরে পথ না ভুলে ॥
জানি না তোর সাধন ভজন পূজা বিধির উপচারে
(কিবা জানি সাধন ভজন কিবা জানি ভজন পূজন)
কিবা জানি মন্ত্রতন্ত্র, আমি শুধু মা তোরেই জানি
জানি শুধু তোরেই ডাকি (মা) ছায়ায় আলোয় বারে বারে
সারা দিনের খেলার শেষে (মা তারা)
ফিরবো যখন কেঁদে হেসে
আদর করে কোলে নিতে (মা) তুই বিনা বল (আর) কে আছে মা
কোলে তুই নে মা আমায় চরণে ঠাঁই দে মা
ওমা আমার জীবন মেলায় তুই বিনা বল আপন (আর)
কে আছে মা ॥

(২২)

অভয়পদে প্রাণ সঁপেছি (আমি) আর কি যমের ভয় রেখেছি
কালীনাম কল্পতরু হৃদয়ে রোপণ করেছি
আমি দেহ বেচে ভবের হাটে দুর্গানাম কিনে এনেছি ॥
দেহের মধ্যে সুজন যেজন তার ঘরেতে ঘর করেছি
এবার শমন এলে হৃদয় খুলে দেখাব ভেবে রেখেছি
সারাৎসার তারা নাম আপন শিখাগ্রে বেঁধেছি
রামপ্রসাদ বলে দুর্গা বলে যাত্রা করে বসে আছি ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(২৩)

আমি তো তোমারে চাহিনি জীবনে
তুমি অভাগারে চেয়েছ।
আমি না ডাকিতে হৃদয় মাঝারে
নিজে এসে দেখা দিয়েছ।
চির আদরের বিনিময়ে সখা
চির অবহেলা পেয়েছ
(আমি) দূরে ছুটে যেতে দু'হাত পসারি
ধরে টেনে কোলে নিয়েছ।
'ওপথে যেও না' ফিরে এস বলে কানে কানে কত কয়েছ
আমি তবু চলে গেছি ফিরায়ে আনিতে
পাছে পাছে ছুটে গিয়েছ।
(এই) চির অপরাধী পাতকীর বোঝা
হাসিমুখে তুমি বয়েছ
আমার নিজ হাতে গড়া বিপদের মাঝে
বুকে করে নিয়ে রয়েছ
(কেঁদে কেঁদে তুমি রয়েছ) ॥

(২৪)

আমি ভাই ক্ষ্যাপা বাউল আমার দেউল
আমারি এই আপন দেহ।
আমার এই প্রাণের ঠাকুর নহে সুদূর
অন্তরে মন্দির গেহ ॥
সে থাকে সকল সুখে সকল দুখে আমার বুকে অহরহ
কভু তারে প্রণাম করি বক্ষে ধরি
কভু তারে বিলাই স্নেহ ॥
ভুলায়ে নাই আমার একুল, ভুলেছে সেও যে কুল
ভুলি বৃন্দাবন গোকুল মোর সাথে মিলন বিরহ ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

লয়ে মোর ভিক্ষার ঝুলি কাঁধে তুলি
চলে ছুলি মলিন পথে
নাচে গায় আমার সাথে একতারাতে
কেউ বুঝে বুঝে না কেহ ॥

(২৫)

এস হে গৌরাঙ্গ আমার হৃদয় মাঝারে
(এস নিত্যানন্দ সঙ্গে করে হেরব দু'নয়ন ভরে)
তুমি অধম তারণ পতিত পাবন তাই তো ডাকি তোমারে
আমি ভক্তিশূন্য, আমি শক্তিশূন্য, আমি ভক্তিশূন্য
আমি শক্তিশূন্য কি সে পাব তোমারে ॥
আমি সাধনশূন্য আমি ভজনশূন্য আমি সাধনশূন্য
আমি ভজনশূন্য কি সে রাখব তোমারে ॥
(হরি হে কাঙালের হরি) আমি সাধনশূন্য
আমি ভজনশূন্য, আমি সাধনশূন্য ভজনশূন্য
কি সে রাখব জোর করে ॥

(২৬)

এখনো তেমনি বহে সে যমুনা উঠে তার তীরে মুরলীতান
যে শোনে সে শোনে যে মানে সে মানে যে শোনে মানে
মজেরে প্রাণ
হৃদয়ে হৃদয়ে কাঁদে বিরহিনী সে রাধাশ্যাম প্রেম বিলাসিনী
আশাপথ চেয়ে দিবস যামিনী অশ্রুসলিলে ভাসে বয়ান।
যে ভাবে সে ভাবে যে বুঝে সে বুঝে যে ভাবে বুঝে মজেরে প্রাণ ॥
কতনা বেদনা কতনা ভাবনা কত সাধাসাধি কত আরাধনা
কতনা করে সে সোহাগ সাধনা
কতনা করে সে মান অভিমান

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আসিবে বলিয়া সে প্রাণরমণ
কতনা অর্ঘ্য করে বিরচন
কতনা কুসুম করে সে চয়ন
চরণে তাঁহার করিতে দান।
যে ভাবে সে ভাবে যে বুঝে সে বুঝে যে বুঝে ভাবে মজেরে প্রাণ ॥
এখনো যে গোপী যায় অভিসারে
বিজন বিপিনে নিবিড় আঁধারে
বেণুরবে ঘরে রহিতে না পারে
বিস্মরে লাজ মান অভিমান।
অনাদিকালের বেদনা বহিয়া
বাজিছে বাঁশরী কাঁদিয়া কাঁদিয়া
সদাই ডাকিছে এস গো বলিয়া
সে শোনে যার আছে গো কান।
যে ভাবে সে ভাবে যে বুঝে সে বুঝে যে ভাবে বুঝে মজেরে প্রাণ ॥
আর কতকাল রবে এ বিরহ
কাঁদিব কাঁদাব নাথে অহরহ
কবে মিলাইব সে নাথের সহ
সকলি আমার করিব দান
কবে দেখিব শুনিব ভাবিব বুঝিব
প্রেম অমিয় করিব পান ॥

(২৭)

গাও হে তাঁহার নাম, রচিত যাঁর বিশ্বধাম
দয়ার যাঁর নাহি বিরাম ঝরে অবিরত ধারে।
জ্যোতি যার গগনে গগনে কীর্তি ভাতি অতুল ভুবনে
প্রীতি যার পুষ্পিত বনে কুসুমিত নব রাগে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যাঁর নাম পরশ রতন, পাপী হৃদয় তাপহরণ
প্রসাদ যাঁর শান্তিরূপ ভকত হৃদয়ে জাগে
অন্তহীন নির্ব্বিকার মহিমা যাঁর হয় অপার
যাঁর শক্তি বর্ণিবারে বুদ্ধি বচন হারে॥

(২৮)

চিতচোর গৌর মোর প্রেমে মত্ত মগন ভোর
অকিঞ্চন জন করত ক্রোড় পতিত পাবন বঁধুয়া
ভুবন তারণ কারণ নাম জীব লাগিয়া ত্যজল ধাম
প্রকট হইলা নদীয়া নগরে যৈছে শারদ ইন্দুয়া॥
অসীম মহিমা কো করু ওর যুবতী ধরম করত চোর
বিধি নিরমিলা কি দিয়ে গৌর বড়ই রসের সিন্ধুয়া
দেখিতে দেখিতে নাগর রূপ ঘুচিল সকল মনের দুখ
বাসু ঘোষ কহে কিবা সে রূপ দেখি চিত্ত আনন্দিয়া॥

(২৯)

তুমি হে আমার প্রাণের ঠাকুর প্রাণারাম অন্তরযামী।
আমার প্রাণ যাহা চায় তোমাতেই পায় তাই হে তোমার আমি॥
আমার তুমি যেমন আর কে আছে তেমন, নইলে এত অধিকার
কোথা পাব আর বলহে জীবন স্বামী
প্রাণের প্রাণ হয়ে আছ লুকাইয়ে (ওহে আমার প্রাণের ঠাকুর)
আমার নিঃশ্বাসে প্রশ্বাসে মধুর পরশে জাগিছ দিবসযামী
অনিমেষ আঁখি এমন কার বা আছে ? (ওহে আমার প্রাণের ঠাকুর)
আমার সুখে কিম্বা দুঃখে সম্পদে বিপাকে প্রহরী দিবা রজনী॥
তোমার প্রেমের ভার বইতে পারিনে আর (ওহে আমার প্রাণের ঠাকুর
তোমার প্রেমের তুলনা জগতে মিলে না অতুলন এক তুমি॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৩০)

তুমি মধু, তুমি মধু, তুমি মধু মধু মধু
(কিবা) মধুর সায়র মধুর নিঝর তুমি আমার পরাণ বঁধু

আমার সকলি তুমি (বঁধুহে)

আমি যা কিছু চাই এ সংসারে, বঁধুহে আমার সকলি তুমি
আমার ধর্ম্ম অর্থ কাম মোক্ষ „ „ „ „
আমার সাধন তুমি ভজন তুমি „ „ „ „
আমার তন্ত্র তুমি মন্ত্র তুমি „ „ „ „
আমার ইহ পরকাল তুমি „ „ „ „
যেন তোমার ধ্যানে ডুবে থাকি „ „ „ „
(কিবা) মধুর মূরতি মধুর কীরিতি মধুর মধুর ভাব
(কিবা) মধুর চলনি মধুর দোলনি মধুর মধুর হাস
রূপের কি মাধুরী মরি মরি রূপের বালাই লয়ে
মরে যাইহে, জগতে তুলনা নাই, মরি মরি........
কিবা মধুর সাজনি মধুর চাহনি মধুর রূপের লেখা
কিবা মধুর মধুর মধুর মহেন্দ্রক্ষণের দখা
কি ক্ষণে দেখা হয়েছিল বঁধু (সেই শুভক্ষণের কথা)
আর ভুলব না হে (ক্ষণের কথা) ইহপরকালের কথা
কিবা মধুর রূপের মধুর কাহিনী, মধুর কণ্ঠে গায়
(ঐ নাম আর) শুনিতে শুনিতে গলিতে গলিতে প্রাণ মধু হয়ে যায়।

বিশ্ব হয় মধুময় (এই বিশ্ব)

তোমার রূপে নয়ন দিলে বিশ্ব হয় মধুময়।
তখন সকলি মধু
বাক্য মধু শ্রুতি মধু দৃষ্টি মধু সৃষ্টি মধু
তখন যা দেখি তার সকলি মধু

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তখন যা বলি শুনি তার সকলি মধু
তখন তুমিও মধু আমিও মধু বিশ্ব মধুময় হয়ে যায় ॥
তখন অনল অনিলে জলে মধু প্রবাহিনী চলে
মেদিনী হয় মধুময়
মধুবাতা ঋতায়তে (মধু বায়ু যে বহে গো)
মধু ক্ষরন্তি সিন্ধবঃ (শত সিন্ধু উথলে গো)
মধুমৎ পার্থিবং রজঃ (তখন মধুকণা ধূলি রেণু)
তখন প্রকৃতি মোহিনী সাজে হৃদয়ে মৃদঙ্গ বাজে
মধুর মধুর ধ্বনি হয়। বাজে মধুরং মধুরং
অনাহত ধ্বনি বাজে মধুরং মধুরং ওঁ
বাজে মঙ্গলং মঙ্গলং
বাজে সত্যং শিবম্ সুন্দরম্।
যে রূপ ভাতে যেখানে যে কথা পশে গো কানে
স্তুতি নিন্দা সকলি মধুর।
তখন কটু কথাও মিঠা লাগে গালিও যে সুধা ঢালে
ভালমন্দ থাকে না যে।
বজ্রনাদ কুহুধ্বনি গুরু সোম রাহু শনি.
মধুরসে সকলি ভরপুর।
বিশ্ব মধুময় হয়ে যায়
তোমার ঐ রূপে নয়ন দিলে বিশ্ব মধুময় হয়ে যায়
মধুরসে সকলি ভরপুর হয়গো
মধুরসে সকলি ভরপুর ॥

(৩১)

তোর পূজা তুই শিখিয়ে দে মা শিখিয়ে দে তোর আরাধনা।
তুই আমারে যা শিখাবি সহজ হবে সেই সাধনা ॥
যেমন বনের জবা আপনি ফুটে তোর চরণে পড়ে লুটে (মাগো)
তেমনি করে অঞ্জলি হউক আমার প্রাণের সব কামনা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তেমনি করে অঞ্জলি ধর আমার মনের সব বাসনা।
মন্ত্র আমার নাই মা জানা জানি না তোর সাধন গীতি
আমি শুধু কেঁদে কেঁদে মা বলে যে ডাকি নিতি
(আমি শুধু মা মা বলে শিখেছি যে ডাকতে নিতি)
ডাকার মত ডাকলে পরে পাষাণেরও অশ্রু ঝরে
আমার চেয়ে বেশী বাজে মায়ের বুকে মোর বেদনা॥

(৩২)

দীনবন্ধু কৃপাসিন্ধু করুণাবিন্দু বিতর
(আমার) হৃদি বৃন্দাবনে কমল আসনে মনপ্রাণ সনে বিহর
নয়ন মুদি বা চাহিয়া থাকি
অথবা যেদিকে ফিরাই আঁখি
ভিতরে বাহিরে যেন হে দেখি তব রূপ মনোহর॥
এই কর হরি দীনদয়াময়
তোমায় আমায় যেন দুটি নাহি রয়
জলেরি তরঙ্গ জলে কর লয় চিদ্‌ঘন শ্যামসুন্দর।
এই কর পরিব্রাজকের গতি
যেন ভাগীরথী সাগর সংহতি
জীব শিব দোঁহে অভেদ মুরতি জীব নদীশিব সাগর॥

(৩৩)

নামে কত সুধা কত মধু কতই আরাম
আছে যার নামে ভক্তি সে জানে নামের শক্তি
ভক্তি ভরে নিলে নাম করে কারে বাম।
কার দুঃখ যায়নি ঘুচে কার অশ্রু যায়নি মুছে
কার মনে যায়নি থেমে পাপের সংগ্রাম ?
বড় যে জন শ্রান্ত ক্লান্ত যার হৃদয় অশান্ত
(সে) বলুক দেখি পায়নি সেকি নামেতে বিশ্রাম ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নামের গুণ শুধাও তারে যে ভাসছে নয়ন ধারে
(বলুক) কেন তার অশ্রুধার বহে অবিরাম
এত সাধ ছিল যার সে সব কোথা গেল তার
কি অমৃত সুধা পেয়ে, (সে) পূর্ণমনস্কাম
নামের সুধা যে খেয়েছে সেকি ভুলতে পেরেছে
(হায়) এ সুধা সাগরে যদি ডুবতে পারিতাম
যদি জন্মের মত নীরব হয়ে যদি নামের মালা গলায় পরে ॥

(৩৪)

প্রাণারাম, প্রাণারাম, প্রাণারাম
কি যেন লুকান নামে (তাই) মিষ্ট এত তব নাম
নামরসে ডুবে থাকি, ব্রহ্মাণ্ড সুন্দর দেখি
বিশ্বে বহে প্রেমনদী তাই সুধাধারা অবিরাম
নামে ভুলায়েছ যারে সে কি যেতে পারে দূরে
(প্রভু তোমার) নাম রসে যে মজেছে সে বুঝেছে কি আরাম ।
আমারে ভুলায়ে রেখো, হৃদি আলো করে থেকো
জীবনে মরণে মম তুমি চির সুখধাম ॥

(৩৫)

ভবনদীর তীরে কে যাবিরে আয় না
বড় দয়ার আধার সে কর্ণধার পারের করি চায় না ॥
ভাবনায় আকুল ক্ষুধায় ব্যাকুল সুধা তুলে কেউ খায় না
মনের আগুন নিভাতে সন্ধ্যা প্রভাতে হরি গুণ কেউ গায় না ॥
(ভাইরে) করে হেলা গেল বেলা কেউ তো ফিরে চায় না
(তবু) ডাকছে নেয়ে আয়না ধেয়ে পার হতে কেউ চায় না ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৩৬)

আমি চল্লেমরে ভাই সেই আনন্দ কাননে।
সংসারের লোকে যারে শ্মশান বলে ভয় পায় মনে ॥
ভূতের বোঝা আজকে ভূতে মিলাইবার শুভদিন
ঘটাকাশ আজকে আমার মহাকাশে হবে লীন
জল যাবে সে জলাধারে তেজযাবে সেই বৈশ্বানরে
রন্ধ্রাগত বায়ু আমার মিশবে মহা সমীরণে ॥
শির লুণ্ঠন ছলে মায়ের কাছে মাথা নেড়ে ভাই
আর হবে না বলে আমি কৃত পাপের ক্ষমা চাই
তোমরা বলছ মৃত্যুকাল তাই মৃত্তিকায় শুয়েছি আমি
আমি তো ভাই চারিদিকে হেরিতেছি স্বর্গভূমি
বৈতরণীর নয় তপ্তজল আনন্দ উছলে কেবল
আনন্দময় হংস তাই পার হচ্ছে সন্তরণে ॥
শয্যাকণ্টক ছলেরে ভাই করছি আমি এপাশ ও পাশ
ফিরে দেখছিরে ভাই আমার ছিড়ল কিনা মায়া পাশ ॥
অন্তিম সময় দেখে তোরা মুখে বলছিস হরিবোল
আমিতো ভাই স্থির নয়নে হেরি মা শান্তিময়ীর কোল ॥
(ঐ দেখ) মা আমার সদয়া হয়ে দুটি বাহু প্রসারিয়ে
ডাকছে আমায় কোলে আয় বাছা ভয় কি দুরন্ত শমনে ॥
তোমরা বলছ বিকার দারুন অতি বিভীষিকার ভয়ে
করছি আমি নানারূপ বিকট ভঙ্গি ভীত হয়ে
ভাই বন্ধু দারা সুত তারাই তো এ ঘোর কারাগারে
দারুণ মায়া শৃঙ্খলে ভাই বেঁধে রেখেছিল মোরে
তাইতে এরা এলে কাছে ভয় পাই আবার বাঁধে পাছে
তাইতে এদিক ওদিক চাই ভাই বিকট আকৃতি বদনে
আনন্দ তরুতে পাখী আনন্দ সঙ্গীত গায়
আনন্দময় ফল ফুলে দুলিছে আনন্দ বায়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নিত্যানন্দ ধাম সে যে কিছু নাই আনন্দ বই
পিতা মোর সদানন্দ মাতা যে আনন্দময়ী
যদি কারোও লাগে ক্ষুধা খেতে দেন আনন্দসুধা
এ দীন কাঙালের আজ এত আনন্দ মরণে ॥

(৩৬)

মা আছে আর আমি আছি ভাবনা কি আর আছে আমার
(আমি) মায়ের হাতে খাই পরি মা নিয়েছেন আমার ভার ॥
পড়ে সংসার পাকে ঘোর বিপাকে যখন দেখি অন্ধকার
সেই ঘোর আঁধারে মা আমারে বাণী শুনায় বারে বার ॥
এসে ছয়জনাতে একই সাথে পথ ভুলায় যে বারে বার
সে বিপথ হতে ধরে হাতে মা যে করিছেন উদ্ধার ॥
আমি ভুলেও থাকি তবুও দেখি ভোলে না মা একটি বার
এমন স্নেহের আধার কে আছে আর মা যে আমার আমি মার
(বড় স্নেহের আধার মা যে আমার আমি মায়ের মা আমার) ॥

(৩৭)

জীবনবল্লভ তুমি, দীনশরণ
প্রাণের প্রাণ তুমি, প্রাণরমণ।
সদানন্দ শিব তুমি শঙ্কর শোভন
সুন্দর যোগিজন-চিত-বিমোহন।
ভবার্ণবপার-হেতু তুমি হে কাণ্ডারী
দুর্দম-পাপ-তাপ-শোক-ভয়হারী।
তুমি নাথ প্রাণ মোর তুমি আমার প্রাণ
তুমি হে দয়ার ঠাকুর, করুণানিধান।
তোমার প্রসাদে প্রভো, এ জীবন ধরি
জয় জয় কৃপাময়, মহিমা তোমারি ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৩৮)

আহা, কী করুণা তোমার, মা বলে যে চিনেছি গো
'মা আমার' বলিবার অধিকার চমৎকার।
বিপদ দুঃখ মাঝারে প্রলোভন আঁধারে,
কোলে মুখ ঢাকিবার অধিকার চমৎকার।
পরাজয় পতনে, অনুতাপ-যাতনে
চরণে কাঁদিবার অধিকার চমৎকার।
তোমারি এ আলয়ে তোমার কাছে রয়ে
বাঁচিবার খাটিবার অধিকার চমৎকার।
তোমারি হইবার অধিকার চমৎকার।

(৩৯)

ওঁ সংগচ্ছধ্বং সংবদধ্বং সং বো মনাংসি জানতাম্।
দেবাভাগং যথাপূর্বে সং জানানা উপাসতে ॥
সমানো মন্ত্রঃ সমিতিঃ সমানী
সমানং মনঃ সহ চিত্ত মেষাম্ ॥
সমানী বঃ আকূতি সমানা হৃদয়ানি বঃ
সমানমস্তু বো মনো যথা বঃ সুসহামতি ॥

(৪০)

তোমার অসীমে প্রাণমন লয়ে যত দূরে আমি ধাই—
কোথাও দুঃখ, কোথাও মৃত্যু, কোথা বিচ্ছেদ নাই ॥
মৃত্যু সে ধরে মৃত্যুর রূপ, দুঃখ হয় হে দুঃখের কূপ,
তোমা হতে যবে হইয়ে বিমুখ আপনার পানে চাই ॥
হে পূর্ণ, তব চরণের কাছে যাহা কিছু সব আছে আছে আছে:
নাই নাই ভয়, সে শুধু আমারই, নিশিদিন কাঁদি তাই।
অন্তরগ্লানি সংসারভার পলক ফেলিতে কোথা একাকার
জীবনের মাঝে স্বরূপ তোমার রাখিবারে যদি পাই ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৪১)

তুমি এবার আমায় লহো হে নাথ লহো।
এবার তুমি ফিরো না হে—হৃদয় কেড়ে নিয়ে রহো॥
যে দিন গেছে তোমা বিনা তারে আর ফিরে চাহিনা থাক সে ধূলাতে
এখন তোমার আলোয় জীবন মেলে যেন জাগি অহরহ।
কী আবেশে কিসের কথায় ফিরেছি হে যথায় তথায় পথে প্রান্তরে
এবার বুকের কাছে ও মুখ রেখে তোমার আপন বাণী কহো।
কত কলুষ কত ফাঁকি এখনো যে আছে বাকি মনের গোপনে।
আমায় তার লাগি আর ফিরায়ো না—তারে আগুন দিয়ে দহো॥

(৪২)

আজু রজনী হাম ভাগে পোহায়নু
পেখনু পিয়া মুখ চন্দা।
জীবন যৌবন সফল করি মাননু
দশদিশ ভেল নিরদ্বন্দা॥
আজু মঝু গেহ গেহ বলি মাননুঁ
আজু মঝু দেহ ভেল দেহা
আজু বিধি মোহে অনুকূল হোয়ল
টুটল সবহু সন্দেহা।
সো হি কোকিল অব লাখ ডাকউ
লাখ উদয় করু চন্দা
পাঁচবাণ অব লাখ বাণ হউ
মলয় পবন বহ মন্দা।
অব্ মঝ যবহুঁ মোহে পরিজোয়ত
তবহুঁ মানব নিজা দেহা
বিদ্যাপতি কহে অল্পভাগী নহ
ধনি ধনি তুয়া নব লেহা॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৪৩)

পাদপ্রান্তে রাখ' সেবকে
শান্তিসদন সাধনধন দেবদেব হে ॥
সর্বলোকপরমশরণ, সকল মোহকলুষহরণ
দুঃখতাপবিঘ্নতরণ শোকশান্তস্নিগ্ধচরণ
সত্যরূপ প্রেমরূপ হে,
দেবমনুজবন্দিতপদ বিশ্বভূপ হে ॥
হৃদয়ানন্দ পূর্ণ ইন্দু, তুমি অপার প্রেমসিন্ধু।
যাচে তৃষিত অমিয়বিন্দু, করুণালয় ভক্তবন্ধু
প্রেমনেত্রে চাহ সেবকে,
বিকশিতদল চিত্তকমল হৃদয়দেব হে ॥
পুণ্যজ্যোতিপূর্ণ গগন, মধুর হেরি সকল ভুবন,
সুধাগন্ধমুদিত পবন, ধ্বনিতগীত হৃদয়ভবন।
এস এস শূন্য জীবনে,
মিটাও আশ সব তিয়াষ অমৃতপ্লাবনে ॥
দেহ জ্ঞান, প্রেম দেহ, শুষ্ক চিত্তে বরিষ স্নেহ
ধন্য হোক হৃদয় দেহ, পুণ্য হোক সকল গেহ।
পাদপ্রান্তে রাখ সেবকে
শান্তিসদন সাধনধন দেবদেব হে ॥

শিবপূজা

—মানকুমারী বসু

[ন]মো দেব মহাদেব, নমো রাঙা পায়।
পোড়া হাড় ভস্ম ছাই
ও চরণে পায় ঠাঁই,
আকন্দ ধুতুরা ফুল গরবে দাঁড়ায়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভকতবৎসল হর
ভকতে দিলেন বর,
মরতে শিবত্ব মিলে শিব সাধনায়।
এমন দেবতা আর কে আছে কোথায়?
দেখিনি কে কৃত্তিবাস,
শ্মশানে সুখের বাস,
ভূত পিশাচেরে পালে প্রীতি মমতায়।
কার বুকে এত স্নেহ,
প্রণয়িনী শবদেহ
হৃদয়ে তুলিয়া মাতে মহাতপস্যায়।
সদানন্দ ভোলানাথ আমি ভালবাসি—
অনাসক্ত অনুরাগী,
সংসারী সংসারত্যাগী,
শ্মশানে সুখের বাস, নিত্য স্বর্গবাসী।
অনাথ অধম-পাতা,
সিদ্ধেশ্বর সিদ্ধিদাতা,
রাজরাজেশ্বর তবু ভিখারী উদাসী।
জ্ঞান কর্ম প্রেম ভক্তি
মিশামিশি শিবশক্তি,
উন্নতি মঙ্গল তাহে নিত্য পাশাপাশি।
প্রেমময় মৃত্যুঞ্জয় আমি ভালবাসি।

আমি কি চাই

—মানকুমারী বসু

আমি চাই শিশু হেন উলঙ্গ পরাণ।
মুখে মাখা সরলতা,
কয় না সাজানো কথা,
জানে না জোগাতে মন, করি নানা ভান।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রাণ খোলা, মন খোলা,
আপনি আপন ভোলা,
তার স্নেহ-প্রীতি সবই হৃদয়েরি টান।
আমি চাই স্বরগের উলঙ্গ পরাণ ॥
আমি চাই মনোহর সুন্দর পরাণ।
পবিত্র উষার রবি,
কোমল ফুলের ছবি,
মধুর বসন্ত বায়ু, পাপিয়ার গান।
আনন্দে শারদ ইন্দু,
গাম্ভীর্যে অতল সিন্ধু,
পূর্ণ বরষার বিল ভরা কানে কান।
আমি চাই মনোহর সুন্দর পরাণ ॥
আমি চাই বীরত্বের তেজস্বী পরাণ,
পায়ে ঠেলে তোষামোদ,
নীচতার অনুরোধ,
তার ব্রত সত্যরক্ষা সত্যানুসন্ধান।
চাহে না নিজের ইষ্ট,
অতুল কর্তব্যনিষ্ঠ,
ধরা প্রতিকূল হলে নহে কম্পমান।
জীবনসংগ্রামে নিত্য
বিজয়ী তাহার চিত্ত,
অনন্তে উড়িছে তাহার বিজয় নিশান।
আমি চাই বীরত্বের তেজস্বী পরাণ ॥
আমি চাই জিতেন্দ্রিয় বিশ্বাসী পরাণ,
ছিঁড়িয়াছে মোহপাশ,
ছয় রিপু চিরদাস,
নরনারী ভাইবোন,—অন্য নাহি জ্ঞান।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ন্যায় তরে প্রিয়ত্যাগী,
প্রীতিতে পরানুরাগী,
সমাদরে রাখে জ্ঞানীগুণীর সম্মান।
আমি চাই জিতেন্দ্রিয় বিশ্বাসী পরাণ॥
আমি চাই প্রেমিকের উদার পরাণ।
পরে সদা ভালবাসে,
পরের সুখের আশে
চির আত্মবিসর্জন চির আত্মদান।
অভেদ খ্রীষ্টান হিন্দু,
দ্বেষ নাই এক বিন্দু,
নিরখে জগতে ভরা এক ভগবান।
জ্ঞান সত্য নীতি পূজে,
দলাদলি নাহি বুঝে,
সে জানে সকলি এক মায়েরি সন্তান।
মরতে সে দেবোপম,
উপাস্য নমস্য মম,
বসুধা কৃতার্থ তারে কোলে দিয়া স্থান।
আমি সাধি সাধনা,—সে দেবতার প্রাণ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্তবস্তোত্র

গণপতি প্রণাম :

একদন্তং মহাকায়ং লম্বোদরং গজাননং।
বিঘ্ননাশকরংদেবং হেরম্বং প্রণমাম্যহম্ ॥

সূর্যার্ঘ্য :

ওঁ নমো বিবস্বতে ব্রহ্মন
ভাস্বতে বিষ্ণু তেজস।
জগৎ সবিত্রে শুচয়ে
সবিত্রে কর্মদায়িনে
ইদমর্ঘ্যং শ্রীসূর্য্যায় নমঃ,
এহি সূর্য্য সহস্রাংশঃ তেজোরাশে জগৎপতে।
অনুকম্পয় মাং ভক্তং গৃহানর্ঘ্যং দিবাকর ॥
ওঁ জবাকুসুমসঙ্কাশং কাশ্যপেয়ং মহাদ্যুতিম্
ধান্তারীং সর্বপাপঘ্নং প্রণতোঽস্মি দিবাকরম্ ॥

গুরুধ্যানম :

ব্রহ্মানন্দং পরমসুখদং কেবলং জ্ঞানমূর্তিং
দ্বন্দ্বাতীতং গগনসদৃশং তত্ত্বমস্যাদিলক্ষ্যম্।
একং নিত্যং বিমলমচলং সর্বধীসাক্ষীভূতং
ভাবাতীতং ত্রিগুণরহিতং সদগুরুং তং নমামি ॥

গুরু গায়ত্রী :

ওঁ ঐং সদগুরুদেবায় বিদ্মহে, পরতত্ত্বায় ধীমহি।
তন্নো গুরুঃ প্রচোদয়াৎ ওঁ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুরু প্রণাম ঃ

অজ্ঞানতিমিরান্ধস্য জ্ঞানাঞ্জনশলাকয়া
চক্ষুরুন্মীলিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ ॥

শ্রীগুরুশরণম্ ঃ

স্বামিন্নমস্তে নতলোকবন্ধো !
কারুণ্যসিন্ধো ! পতিতং ভবাব্ধৌ।
মামুদ্ধরামোঘকটাক্ষদৃষ্ট্যা,
ঋজ্বাতিকারুণ্যসুধাভিবৃষ্ট্যা ॥
দুর্বার সংসারদাবাগ্নিতপ্তং
দোধূয়মানং দুরদৃষ্টবাতৈঃ।
ভীতং প্রপন্নং পরিপাহি মৃত্যোঃ
শরণ্যমন্যদ্ যদহং ন জানে ॥
কথং তরেয়ং ভবসিন্ধুমেতম্ কা বা গতির্মে কতমোহস্ত্যুপায়ঃ।
জানে ন কিঞ্চিৎ কৃপয়াব মাং ভোঃ সংসারদুঃখক্ষতিমাতনষ্ব ॥

শিবধ্যানম্ ঃ

ওঁ ধ্যায়েন্নিত্যং মহেশং রজতগিরিনিভং চারুচন্দ্রাবতংসং
রত্নাকল্পোজ্জ্বলাঙ্গং পরশুমৃগবরাভীতিহস্তং প্রসন্নং
পদ্মাসীনং সমন্তাৎ স্তুতমমরগণৈর্ব্যাঘ্রকৃত্তিং বসানং
বিশ্বাদ্যং বিশ্ববীজং নিখিলভয়হরং পঞ্চবক্ত্রং ত্রিনেত্রম্ ॥

শিবপ্রণাম ঃ

ওঁ নমঃ সম্ভবায় ময়োভবায় চ
নমঃ শংকরায় চ ময়স্করায় চ
নমঃ শিবায় চ শিবতরায় চ ॥
নমঃ শিবায় শান্তায় কারণত্রয় হেতবে।
নিবেদয়ামি চাত্মানং গতিস্ত্বং পরমেশ্বর ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মহামৃত্যুঞ্জয় মন্ত্র :

ওঁ ত্র্যম্বকং যজামহে সুগন্ধিং পুষ্টিবর্ধনম্
উর্বারুকমিব বন্ধনান্ মৃত্যোর্মুক্ষীয় মামৃতাৎ ॥
ওঁ হূং জুং সঃ ওঁ নমঃ শিবায় স্বাহা ॥

শিবাষ্টকস্তোত্রম :

প্রভু মীশমনীশমশেষগুণং গুণহীনমহীশগরাভরণম্।
রণনির্জিত দুর্জয় দৈত্যপুরং, প্রণমামি শিবং শিবকল্পতরুম্ ॥১
গিরিরাজসুতান্বিত বামতনুং তনুনিন্দিত রাজিতকোটিবিধুম্।
বিধিবিষ্ণুশিরোধৃতপাদযুগং, প্রণমামি শিবং শিব কল্পতরুম্ ॥২
শশলাঞ্ছিতরঞ্জিত সম্মুকুটং, কটিলম্বিতসুন্দরকৃত্তিপটম্।
সুরশৈবলিনীকৃতপূতজটং প্রণমামি শিবং শিবকল্পতরুম্ ॥৩
নয়নত্রয়ভূষিত চারুমুখং মুখপদ্ম বিরাজিত কোটি বিধুম্।
বিধুখণ্ডবিমণ্ডিত ভালতটং, প্রণমামি শিবং শিব কল্পতরুম্ ॥৪
বৃষরাজনিকেতনমাদিগুরুং, গরলাশনমাজিবিষাণধরম্।
প্রমথাধিপসেবকরঞ্জনকং প্রণমামি শিবং শিবকল্পতরুম্ ॥৫
মকরধ্বজমত্তমাতঙ্গহরং, করিচর্মগনাগবিরোধকরম্।
বরমার্গণশূলবিষাণধরং, প্রণমামি শিবং শিবকল্পতরুম ॥৬
জগদুদ্ভবপালননাশকরং, ত্রিদিবেশশিরোমণিঘৃষ্টপদম্।
প্রিয়মানবসাধুজনৈকগতিং, প্রণমামি শিবং শিবকল্পতরুম্ ॥৭
অনাথং সুদীনং বিভো বিশ্বনাথ পুনর্জন্মদুঃখাৎ পরিত্রাহি শম্ভো।
ভজতোঽখিলদুঃখসমূহহরং, প্রণমামি শিব শিবকল্পতরুম্ ॥৮

ত্রয়ী সাংখ্যং যোগঃ পশুপতিমতং বৈষ্ণবমিতি
প্রভিন্নে প্রস্থানে পরমিদমদঃ পথ্যমিতি চ।
রুচীনাং বৈচিত্র্যাদৃজুকুটিলনানাপথজুষাং
নৃণামেকো গম্যস্ত্বমসি পয়সামর্ণব ইব ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নমো নেদিষ্ঠায় প্রিয়দব দবিষ্ঠায় চ নমো
নমঃ ক্ষোদিষ্ঠায় স্মরহর মহিষ্ঠায় চ নমঃ।
নমো বর্ষিষ্ঠায় ত্রিনয়ন যবিষ্ঠায় চ নমো
নমঃ সর্বস্মৈ তে তদিদমিতি সর্বায় চ নমঃ॥

বহুলরজসে বিশ্বোৎপত্তৌ ভবায় নমো নমঃ
প্রবলতমসে তৎসংহারে হরায় নমো নমঃ
জনসুখকৃতে সত্ত্বোদ্রিক্তৌ মৃড়ায় নমো নমঃ
প্রমহসি পদে নিস্ত্রৈগুণ্যে শিবায় নমো নমঃ॥

অসিতগিরিসমং স্যাৎ কজ্জলং সিন্ধুপাত্রে
সুরতরুবরশাখা লেখনী পত্রমুর্বী।
লিখতি যদি গৃহীত্বা সারদা সর্বকালং
তদপি তব গুণানামীশ পারং ন যাতি।

কর্পূরগৌরং করুণাবতারম্
সংসারসারং ভুজগেন্দ্র হারম্
সদাবসন্তং হৃদয়ারবিন্দে
ভবং ভবানী সহিতং নমামি॥

করচরণকৃতং বাক্কায়জং কর্মজং বা
শ্রবণনয়নজং বা মানসং বাঽপরাধং।
বিহিতমবিহিতং বা সর্বমেতৎ ক্ষমস্ব
জয় জয় করুণাব্ধে শ্রীমহাদেব শম্ভো॥

নমস্তে নমস্তে বিভো বিশ্বমূর্ত্তে
নমস্তে নমস্তে হরেঽচিন্ত্যশক্তে।
নমস্তে নমস্তে ঽখিলাশ্চর্য্যসিন্ধো
মহাদেব শম্ভো নমস্তে নমস্তে॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সম্পূর্ণং জগদেব নন্দনবনং সর্বেঽপি কল্পদ্রুমাঃ।
গাঙ্গং বারি সমস্তবারিনিবহাঃ পুণ্যাঃ সমস্তাঃ ক্রিয়াঃ।
বাচঃ প্রাকৃতসংস্কৃতাঃ শ্রুতিগিরো বারাণসী মেদিনী
সর্বৈব স্থিতিরস্য মুক্তিপদবী দৃষ্টে পরে ব্রহ্মণি॥
আত্মা ত্বং গিরিজা মতিঃ সহচরাঃ প্রাণাঃ শরীরং গৃহং
পূজা তে বিষয়োপভোগরচনা নিদ্রা সমাধিস্থিতিঃ
সঞ্চারঃ পদয়োঃ প্রদক্ষিণবিধিঃ স্তোত্রাণি সর্বা গিরো
যদ্‌যৎ কর্ম করোমি তত্তদখিলং শম্ভোত বারাধনম্॥

আদ্যামাতৃস্তোত্রম্

ওঁ নমঃ আদ্যায়ৈ। ব্রহ্মোবাচ
শৃণু বৎস প্রবক্ষ্যামি আদ্যাস্তোত্রং মহাফলম্।
যঃ পঠেৎ সততং ভক্ত্যা স এব বিষ্ণুবল্লভঃ॥
মৃত্যুব্যাধিভয়ং তস্য নাস্তি কিঞ্চিৎ কলৌযুগে।
অপুত্রো লভতে পুত্রং ত্রিপক্ষং শৃণুয়াদ্ যদি॥
দ্বৌমাসৌ বন্ধনান্মুক্তি বিপ্রবক্ত্রাৎ শ্রুতং যদি।
মৃতবৎসা জীববৎসা ষণ্মাসং শ্রবণং যদি॥
নৌকায়াং সঙ্কটে যুদ্ধে পঠনাজ্জয়মাপ্নুয়াৎ।
লিখিত্বা স্থাপয়েৎ গেহে নাগ্নিচৌরভয়ং ক্বচিৎ॥
রাজস্থানে জয়ী নিত্যং প্রসন্নাঃ সর্বদেবতাঃ।
ওঁ হ্রীং ব্রহ্মাণী ব্রহ্মলোকে চ বৈকুণ্ঠে সর্বমঙ্গলা॥
ইন্দ্রাণী অমরাবত্যামম্বিকা বরুণালয়ে।
যমালয়ে কালরূপা কুবেরভবনে শুভা॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মহানন্দাগ্নিকোণে চ বায়ব্যাং মৃগবাহিনী।
নৈর্ঋত্যাং রক্তদন্তা চ ঐশান্যাং শূলধারিণী ॥
পাতালে বৈষ্ণবীরূপা সিংহলে দেবমোহিনী।
সুরসা চ মণিদ্বীপে লঙ্কায়াং ভদ্রকালিকা ॥
রামেশ্বরী সেতুবন্ধে বিমলা পুরুষোত্তমে।
বিরজা ঔড্রদেশে চ কামাখ্যা নীলপর্বতে ॥
কালিকা বঙ্গদেশে চ অযোধ্যায়াং মহেশ্বরী।
বারাণস্যামন্নপূর্ণা গয়াক্ষেত্রে গয়েশ্বরী ॥
কুরুক্ষেত্রে ভদ্রকালী ব্রজে কাত্যায়নী পরা।
দ্বারকায়াং মহামায়া মথুরায়াং মাহেশ্বরী ॥
ক্ষুধা ত্বং সর্বভূতানাং বেলা ত্বং সাগরস্য চ।
নবমী শুক্লপক্ষস্য কৃষ্ণস্যৈকাদশী পরা ॥
দক্ষস্য দুহিতা দেবী দক্ষযজ্ঞবিনাশিনী।
রামস্য জানকী ত্বং হি রাবণধ্বংসকারিণী ॥
চণ্ডমুণ্ডবধে দেবী রক্তবীজবিনাশিনী।
নিশুম্ভ-শুম্ভমথনী মধুকৈটভঘাতিনী ॥
বিষ্ণুভক্তিপ্রদা দুর্গা সুখদা মোক্ষদা সদা।
আদ্যাস্তবমিদং পুণ্যং যঃ পঠেৎ সততং নরঃ ॥
সর্বজ্বরভয়ং ন স্যাৎ সর্বব্যাধি বিনাশনম্।
কোটিতীর্থং ফলং তস্য লভতে নাত্র সংশয়ঃ ॥
জয়া মে চাগ্রতঃ পাতু বিজয়া পাতু পৃষ্ঠতঃ।
নারায়ণী শীর্ষদেশে সর্বাঙ্গে সিংহবাহিনী ॥
শিবদূতী উগ্রচণ্ডা প্রত্যঙ্গে পরমেশ্বরী।
বিশালাক্ষী মহামায়া কৌমারী শঙ্খিনী শিবা ॥
চক্রিণী জয়দাত্রী চ রণমত্তা রণপ্রিয়া।
দুর্গা জয়ন্তী কালী চ ভদ্রকালী মহোদরী ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নারসিংহী চ বারাহী সিদ্ধিদাত্রী সুখপ্রদা।
ভয়ঙ্করী মহারৌদ্রী মহাভয়বিনাশিনী ॥

—ইতি ব্রহ্মযামলে আদ্যাস্তোত্রম্।

———

বিবাদে বিষাদে প্রমাদে প্রবাসে
জলে চানলে পর্বতে শত্রুমধ্যে।
অরণ্যে শরণ্যে সদা মাং প্রপাহি
গতিস্ত্বং গতিস্ত্বংত্বমেকা ভবানি ॥

আধারভূতা জগতস্ত্বমেকা, মহীস্বরূপেণ যতঃ স্থিতাঽসি।
অপাং স্বরূপস্থিতয়া ত্বয়ৈতদাপ্যায্যতে কৃৎস্নমলঙ্ঘ্যবীর্য্যে ॥
ত্বং বৈষ্ণবীশক্তিরনন্তবীর্য্যা, বিশ্বস্য বীজং পরমাঽসি মায়া।
সম্মোহিতং দেবি সমস্তমেতৎ ত্বং বৈ প্রসন্না ভুবি মুক্তিহেতুঃ ॥
বিদ্যাঃসমস্তাস্তব দেবি ভেদাঃ স্ত্রিয়ঃ সমস্তাঃ সকলা জগৎসু।
ত্বয়ৈকয়া পূরিতমম্বয়ৈতৎ, কা তে স্তুতিঃ স্তব্যপরাঽপরোক্তিঃ ॥

* * *

বিশ্বেশ্বরী ত্বং পরিপাসি বিশ্বম্
বিশ্বাত্মিকা ধারয়সীতি বিশ্বম্।
বিশ্বেশবন্দ্যা ভবতী ভবন্তি
বিশ্বাশ্রয়া যে ত্বয়ি ভক্তিনম্রাঃ ॥
দেবি! প্রসীদ পরিপালয় নোঽরিভীতেঃ
নিত্যং যথাসুরবধাদধুনৈব সদ্যঃ।
পাপানি সর্বজগতাঞ্চ শমং নয়াশু,
উৎপাতপাকজনিতাংশ্চ মহোপসর্গান্ ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রণতানাং প্রসীদ ত্বং দেবি ! বিশ্বার্ত্তিহারিণি।
ত্রৈলোক্যবাসিনামীড্যে লোকানাং বরদা ভব ॥

* * *

সর্বমঙ্গলমঙ্গল্যে শিবে সর্বার্থসাধিকে।
শরণ্যে ত্র্যম্বকে গৌরি নারায়ণি নমোঽস্তুতে ॥

শ্রীদুর্গাস্তবরাজঃ

নমস্তে শরণ্যে শিবে সানুকম্পে
নমস্তে জগদ্ব্যাপিকে বিশ্বরূপে।
নমস্তে জগদ্বন্দ্যপদরবিন্দে
নমস্তে জগত্তারিণি ত্রাহি দুর্গে
নমস্তে জগচ্চিন্ত্যমানস্বরূপে
নমস্তে মহাযোগিনি জ্ঞানরূপে।
নমস্তে সদানন্দনন্দস্বরূপে
নমস্তে জগত্তারিণি ত্রাহি দুর্গে ॥
অনাথস্য দীনস্য তৃষ্ণাতুরস্য
ক্ষুধার্তস্য ভীতস্য বদ্ধস্য দন্তোঃ।
ত্বমেকা গতির্দেবি নিস্তারকর্ত্রী,
নমস্তে জগত্তারিণি ত্রাহি দুর্গে ॥
অরণ্যে রণে দারুণে শত্রুমধ্যে
অনলে সাগরে প্রান্তরে রাজগেহে।
ত্বমেকা গতির্দেবি নিস্তারহেতু
র্নমস্তে জগত্তারিণি ত্রাহি দুর্গে ॥
অপারে মহাদুস্তরেঽত্যন্তঘোরে
বিপৎসাগরে মজ্জতাং দেহভাজাম্
ত্বমেকা গতির্দেবি নিস্তার নৌকা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নমস্তে জগত্তারিণি ত্রাহি দুর্গে ॥
নমশ্চণ্ডিকে চণ্ডদোর্দণ্ডলীলা-
সমুৎখণ্ডিতাখণ্ডলাশেষভীতে।
ত্বমেকা গতির্বিঘ্নসন্দোহহন্ত্রী
নমস্তে জগত্তারিনি ত্রাহি দুর্গে ॥
ত্বমেকাজিতারাধিতা সত্যবাদি
ন্যমেয়াজিতাহক্রোধনা ক্রোধনিষ্ঠা।
ইড়া পিঙ্গলা ত্বং সুষুম্না চ নাড়ী,
নমস্তে জগত্তারিনি ত্রাহি দুর্গে ॥
নমো দেবী দুর্গে শিবে ভীমনাদে
সরস্বত্যরুন্ধত্যমোঘ স্বরূপে ।
বিভূতি ঃ শচী কালরাত্রি ঃ সতী ত্বং
নমস্তে জগত্তারিনি ত্রাহি দুর্গে ॥
শরণমসি সুরাণাং সিদ্ধবিদ্যাধরাণাং
মুনিদনুজনরাণাং ব্যাধিভিঃ পীড়িতাণাং।
নৃপতি গৃহগতানাং দস্যুভিরাবৃতাণাং
ত্বমসি শরণমেকা দেবি দুর্গে প্রসীদ ॥

নামকীর্ত্তন

হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে।
হরে রাম হরে রাম রাম রাম হরে হরে
হরে মুরারে মধুকৈটভারে
গোপাল গোবিন্দ মুকুন্দ শৌরে
যজ্ঞেশ নারায়ণ কৃষ্ণ বিষ্ণো
নিরাশ্রয়ং মাং জগদীশ রক্ষ ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হে গোবিন্দ হে গোপাল কেশব মাধব দীনদয়াল।
দীনদয়াল হরি দীনদয়াল
দীনদয়াল হরি দীনদয়াল
পার কর ভবসিন্ধু ভীষণ ভয়াল॥

অচ্যুতং কেশবং বিষ্ণুং হরিং সত্যং জনার্দ্দনম্।
হংসং নারায়ণং চৈব এতন্নামাষ্টকং শুভম্
ওঁ রামং বিদ্ধি পরং ব্রহ্ম সচ্চিদানন্দ মদ্বয়ম্
সর্বোপাধি বিনির্মুক্তং 'সত্তামাত্রমগোচরম্।
আনন্দং নির্মলং শান্তং নির্বিকারং নিরঞ্জনম্।
সর্বব্যাপিনমাত্মানং স্বপ্রকাশমকল্মষম্॥
(ওঁ রাম) শ্রীরাম জয় রাম জয় জয় রাম॥

লীলাষ্টক

জয় শ্রীপদবাঞ্ছিত কৌস্তুভলাঞ্ছিত
চন্দনচর্চ্চিত দেহি পদম্॥ ১
জয় মুরলীধারণ কেলিপরায়ণ
নাগর মোহন দেহি পদম্॥ ২
জয় গোপ গোপালক মোহবিনাশক
দৈত্যারিশাসক দেহি পদম্॥ ৩
জয় কূট গোবর্ধন লীলয়া ধারণ
কৈটভমর্দ্দন দেহি পদম্॥ ৪
জয় রাসরসেশ্বর পুরুষ ভাস্বর
গোপীচীরহর দেহি পদম্॥ ৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জয় মোচনবন্ধন মানসরঞ্জন
ভক্তজনাশ্রয় দেহি পদম্ ॥ ৬
জয় ঘোর নিশামিত শান্ত সমাহিত
যোগিপদাশ্রিত দেহি পদম্ ॥ ৭
জয় রঞ্জন রাঘব মন্থন মাধব
কংসারি কেশব দেহি পদম্ ॥ ৮
হরি দেহি পদম্ হরি দেহি পদম্
হরি দেহি পদম্ হরি দেহি পদম্ ॥ ৯

সরস্বতীস্তোত্রম্

যা কুন্দেন্দুতুষারহারধবলা যা শুভ্রবস্ত্রাবৃতা।
যা বীণাবরদণ্ডমণ্ডিত করা যা শ্বেতপদ্মাসনা ॥
যা ব্রহ্মাচ্যুতশংকর প্রভৃতিভি দেবৈঃ সদা বন্দিতা।
সা মাং পাতু সরস্বতী ভগবতী নিঃশেষ জাড্যাপহা ॥

সরস্বতী প্রণামমন্ত্র ঃ

ভদ্রকাল্যৈ নমো নিত্যং সরস্বত্যৈ নমো নমঃ।
বেদবেদাঙ্গ বেদান্ত বিদ্যা স্থানেভ্য এব চ ॥
জয় জয় দেবী চরাচরসারে কুচযুগ শোভিত মক্তাহারে।
বীণাপুস্তকরঞ্জিতহস্তে ভগবতি ভারতী দেবী নমস্তে ॥
সরস্বতি মহাভাগে বিদ্যে কমললোচনে।
বিশ্বরূপে বিশালাক্ষি বিদ্যাং দেহি নমোঽস্তুতে ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গীতায় সাধনশ্লোক

দ্বিতীয়োঽধ্যায়ঃ

শ্রীভগবানুবাচ

প্রজহাতি যদা কামান্ সর্ব্বান্ পার্থ মনোগতান্।
আত্মন্যেবাত্মনা তুষ্টঃ স্থিতপ্রজ্ঞস্তদোচ্যতে॥
দুঃখেষ্বনুদ্বিগ্নমনাঃ সুখেষু বিগতস্পৃহঃ।
বীতরাগ ভয়ক্রোধঃ স্থিতধীর্ম্মুনিরুচ্যতে॥
যঃ সর্ব্বত্রানভি স্নেহস্তত্তৎ প্রাপ্য শুভাশুভম্।
নাভিনন্দতি ন দ্বেষ্টি তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা॥
যদা সংহরতে চায়ং কুর্ম্মোঽঙ্গানীব সর্ব্বশঃ।
ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থেভ্যস্তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা॥
বিষয়া বিনিবর্ত্তন্তে নিরাহারস্য দেহিনঃ।
রসবর্জং রসোঽপ্যস্য পরং দৃষ্ট্বা নিবর্ত্ততে॥
যততো হ্যপি কৌন্তেয় পুরুষস্য বিপশ্চিতঃ।
ইন্দ্রিয়াণি প্রমাথীনি হরন্তি প্রসভং মনঃ॥
তানি সর্ব্বাণি সংযম্য যুক্ত আসীত মৎপরঃ।
বশে হি যস্যেন্দ্রিয়াণি তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা॥
ধ্যায়তো বিষয়ান্ পুংসঃ সঙ্গস্তেষুপজায়তে।
সঙ্গাৎ সংজায়তে কামঃ কামাৎ ক্রোধোঽভিজায়তে॥
ক্রোধাদ্ভবতি সম্মোহঃ সম্মোহাৎ স্মৃতিবিভ্রমঃ।
স্মৃতিভ্রংশাদ্ বুদ্ধিনাশো বুদ্ধিনাশাৎ প্রণশ্যতি॥
রাগদ্বেষবিমুক্তৈস্তু বিষয়ানিন্দ্রিয়ৈশ্চরন্।
আত্মবশ্যৈর্বিধেয়াত্মা প্রসাদমধিগচ্ছতি॥
প্রসাদে সর্ব্বদুঃখানাং হানিরস্যোপজায়তে।
প্রসন্ন চেতসো হ্যাশু বুদ্ধিঃ পর্য্যবতিষ্ঠতে॥
নাস্তি বুদ্ধিরযুক্তস্য ন চাযুক্তস্য ভাবনা।
ন চাভাবয়তঃ শান্তিরশান্তস্য কুতঃ সুখম্॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ইন্দ্রিয়াণাং হি চরতাং যন্মনোঽনুবিধীয়তে।
তদস্য হরতি প্রজ্ঞাং বায়ুর্নাবমিবাম্ভসি ॥
তস্মাদ্ যস্য মহাবাহো নিগৃহীতানি সর্ব্বশঃ।
ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থেভ্যস্তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা ॥
যা নিশা সর্ব্বভূতানাং তস্যাং জাগর্ত্তি সংযমী।
যস্যাং জাগ্রতি ভূতানি সা নিশা পশ্যতো মুনেঃ ॥
আপূর্য্যমানমচল প্রতিষ্ঠং
সমুদ্রমাপঃ প্রবিশন্তি যদ্বৎ।
তদ্বৎ কামা যং প্রবিশন্তি সর্ব্বে
স শান্তিমাপ্নোতি ন কামকামী ॥
বিহায় কামান্ যঃ সর্ব্বান্ পুমাংশ্চরতি নিঃস্পৃহঃ।
নির্ম্মমো নিরহঙ্কারঃ স শান্তিমধিগচ্ছতি ॥
এষা ব্রাহ্মী স্থিতিঃ পার্থ নৈনাং প্রাপ্য বিমুহ্যতি।
স্থিত্বাস্যামন্তকালেঽপি ব্রহ্মনির্ব্বাণমৃচ্ছতি ॥

দ্বাদশোঽধ্যায়

শ্রীভগবানুবাচ

অদ্বেষ্টা সর্ব্বভূতানাং মৈত্রঃ করুণ এব চ।
নির্ম্মমো নিরহঙ্কারঃ সমদুঃখসুখঃ ক্ষমী ॥
সন্তুষ্টঃ সততং যোগী যতাত্মা দৃঢ়নিশ্চয়ঃ।
ময্যর্পিতমনোবুদ্ধির্যো মদ্ভক্তঃ স মে প্রিয়ঃ ॥
যস্মান্নোদ্বিজতে লোকো লোকান্নোদ্বিজতে চ যঃ।
হর্ষামর্ষভয়োদ্বেগৈর্মুক্তো যঃ স চ মে প্রিয়ঃ ॥
অনপেক্ষঃ শুচির্দক্ষ উদাসীনো গতব্যথঃ।
সর্ব্বারম্ভ পরিত্যাগী যো মদ্ভক্তঃ স মে প্রিয়ঃ ॥
যো ন হৃষ্যতি ন দ্বেষ্টি ন শোচতি ন কাঙ্ক্ষতি।
শুভাশুভ পরিত্যাগী ভক্তিমান্ যঃ স মে প্রিয়ঃ ॥
সমঃ শত্রৌ চ মিত্রে চ তথা মানাপমানয়োঃ।
শীতোষ্ণসুখদুঃখেষু সমঃ সঙ্গ বিবর্জিতঃ ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তুল্যনিন্দাস্তুতির্মৌনী সন্তুষ্টো যেন কেনচিৎ।
অনিকেতঃ স্থির মতির্ভক্তিমান মে প্রিয়ো নরঃ ॥
যে তু ধর্ম্মামৃতমিদং যথোক্তং পর্য্যুপাসতে।
শ্রদ্দধানা মৎপরমা ভক্তাস্তেঽতীব মে প্রিয়াঃ ॥

চতুর্দ্দশোঽধ্যায়ঃ
শ্রীভগবানুবাচ

প্রকাশঞ্চ প্রবৃত্তিঞ্চ মোহমেব চ পাণ্ডব।
ন দ্বেষ্টি সংপ্রবৃত্তানি ন নিবৃত্তানি কাঙ্খতি ॥
উদাসীনবদাসীনো গুণৈর্যো ন বিচাল্যতে।
গুণা বর্ত্তন্ত ইত্যেব যোঽবতিষ্ঠতি নেঙ্গতে ॥
সমদুঃখসুখঃ স্বস্থঃ সমলোষ্ট্রাশ্ম কাঞ্চনঃ।
তুল্য প্রিয়াপ্রিয়োধীরস্তুল্য নিন্দাত্মসংস্তুতিঃ ॥
মানাপমানয়োস্তুল্যস্তুল্যো মিত্রারিপক্ষয়োঃ।
সর্ব্বারম্ভপরিত্যাগী গুণাতীতঃ স উচ্যতে ॥
মাঞ্চ যোঽব্যভিচারেণ ভক্তিযোগেন সেবতে।
স গুণান্ সমতীত্যৈতান্ ব্রহ্মভূয়ায় কল্পতে ॥
ব্রহ্মণো হি প্রতিষ্ঠাহমমৃতস্যাব্যয়স্য চ।
শাশ্বতস্য চ ধর্ম্মস্য সুখস্যৈকান্তিকস্য চ ॥

অষ্টাদশোঽধ্যায়ঃ
শ্রী ভগবানুবাচ

ভক্ত্যা মামভিজানাতি যাবান্ যশ্চাস্মি তত্ত্বতঃ।
ততো মাং তত্ত্বতো জ্ঞাত্বা বিশতে তদনন্তরম্ ॥
সর্ব্ব কর্ম্মাণ্যপি সদা কুর্ব্বাণো মদ্ব্যপাশ্রয়ঃ।
মৎপ্রসাদাদবাপ্নোতি শাশ্বতং পদমব্যয়ম্ ॥
চেতসা সর্ব্বকর্ম্মাণি ময়ি সংন্যস্য মৎপরঃ।
বুদ্ধিযোগমুপাশ্রিত্য মচ্চিত্তঃ সততং ভব ॥
মচ্চিত্তঃ সর্ব্বদুর্গাণি মৎপ্রসাদাৎ তরিষ্যসি।
অথ চেৎ ত্বমহঙ্কারান্ন শ্রোষ্যসি বিনঙ্ক্ষসি ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যদহঙ্কারমাশ্রিত্য ন যোৎস্য ইতি মন্যসে।
মিথ্যৈব ব্যবসায়স্তে প্রকৃতিস্ত্বাং নিযোক্ষ্যতি ॥
স্বভাবজেন কৌন্তেয় নিবদ্ধঃ স্বেন কর্ম্মণা।
কর্ত্তুং নেচ্ছসি যন্মোহাৎ করিষ্যস্যবশোঽপিতৎ ॥
ঈশ্বরঃ সর্ব্বভূতানাং হৃদ্দেশেঽর্জ্জুন তিষ্ঠতি।
ভ্রাময়ন্ সর্ব্বভূতানি যন্ত্রারূঢ়ানি মায়য়া ॥
তমেব শরণং গচ্ছ সর্ব্বভাবেন ভারত।
তৎপ্রসাদৎ পরাং শান্তিং স্থানং প্রাপ্স্যসি শাশ্বতম্ ॥
ইতি তে জ্ঞানমাখ্যাতং গুহ্যাদ গুহ্যতরং ময়া।
বিমৃশ্যৈতদশেষেণ যথেচ্ছাসি তথা কুরু ॥
সর্ব্বগুহ্যতমং ভূয়ঃ শৃণু মে পরমং বচঃ।
ইষ্টোঽসি মে দৃঢ়মিতি ততো বক্ষ্যামি তে হিতম্ ॥
মন্মনা ভব মদ্ভক্তো মদ্‌যাজী মাং নমস্কুরু।
মামেবৈষ্যসি সত্যং তে প্রতিজানে প্রিয়োঽসি মে ॥
সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ।
অহং ত্বাং সর্ব্বপাপেভ্যো মোক্ষয়িষ্যামি মা শুচঃ ॥

সব কাজে পূজা

জগতের সব কাজ শ্রীভগবানের সান্নিধ্যে তাঁহার শক্তিতে সাধিত হইতেছে। জীবের অহংকার—জীবের ও ভগবানের মাঝখানে দাঁড়াইয়া তাঁহাকে দেখিতে দেয় না। ভগবান ও জীবের ভিতরকার এই কল্পিত আবরণটা অপসারিত হইয়া যাহাতে স্বপ্রকাশ ভগবান অবাধিতভাবে প্রকাশিত অনুভূত হন, তাঁহার ইচ্ছা যাহাতে আমাদের জীবনে পূর্ণ সফলতা লাভ করে তাহাই পূজার সাধনভজনের উদ্দেশ্য। আমাদের কর্ম জ্ঞান ও ভক্তির সাহায্যে পূর্ণতালাভের চেষ্টাই ভগবদ্ উপাসনা—ইহাই জীবনের সর্বশ্রেষ্ঠ কর্তব্য সাধন।

এইজন্য ঋষিগণ সর্বত্র ভগবদ্দর্শন, সব জীবজগতের ভিতর দিয়া

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভগবদধ্যান এবং সর্বজীবের সেবাকেই প্রধান কর্তব্য বলিয়া মনে করিয়া গিয়াছেন।

আত্মা ত্বং গিরিজা মতিঃ সহচরাঃ প্রাণাঃ শরীরং গেহং
পূজা তে বিষয়োপভোগরচনা নিদ্রা সমাধিস্থিতিঃ ॥
সঞ্চারঃপদয়োঃ প্রদক্ষিণবিধিঃ স্তোত্রাণি সর্বাগিরঃ
যদ্যৎ কর্ম করোমি তত্তদখিলং শম্ভো তবারাধনা ॥

ইন্দ্রিয়দ্বারা এমনভাবে বিষয় গ্রহণ করিতে হইবে যাহাতে বিষয় গ্রহণের ভিতর দিয়া আমরা বিষয় সমূহের অন্তরাত্মা বিষয়ীকে প্রাপ্ত হইয়া বিষয়গ্রহণকে পূজায় পরিণত করিতে পারি। ইহার ফলে আমাদের নিদ্রা সমাধিতে, ভ্রমণ ভগবৎ প্রদক্ষিণে, উচ্চারিত বাক্যগুলি ভগবানের স্তোত্রে, আহার করা ভগবানকে আহুতি দেওয়ায় এমন কি সমস্ত কার্যই পূজায় পরিণত হইবার সুযোগ লাভ করে।

আমাদের সব কাজ পূজায় পরিণত করিতে হইলে সর্ব প্রথমে ভগবানকে (বিধাতাকে) এবং বিধানের ভিতর দিয়া তাঁহার আত্মপ্রকাশ তত্ত্বকে সুন্দরভাবে হৃদয়ঙ্গম করিতে হইবে। বিধাতার উপরে প্রেম ও তাঁহার প্রিয় কার্য সাধনই যে জীবনের মুখ্য উদ্দেশ্য তাহা ভাল করিয়া বুঝিয়া লইতে হইবে। 'তস্মিন প্রীতিস্তস্য প্রিয়কার্য সাধনঞ্চ তদুপাসনা।' এইজন্য চাই সর্বত্র তাঁহার আবাহনধ্যান—সকলের সেবার মধ্য দিয়া তাঁহার পূজা করা। বেড়াইবার সময় বন্ধুদের ভিতর দিয়া চারিদিকের সব দৃশ্যের ভিতর দিয়া তাঁহার সত্তা উপলব্ধি করিতে চেষ্টা করিবে। স্নান আহারাদির সময় ভিতরে কে বসিয়া আছেন কে স্নানাহার করিতেছেন অনুভব করিতে চেষ্টা করিও। সব রূপরসশব্দস্পর্শ গন্ধের মধ্য দিয়া তিনিই যে আমার নিকট আসিয়াছেন তাহা অনুভব করিতে হইবে। মনে করিতে হইবে, সব বিচিত্র ভাব সব বিচিত্র কাজ আমারই অধিকার অনুসারে, আমারই ন্যায্য প্রাপ্যরূপে, আমারই গ্রহণ যোগ্যরূপে তাঁহারই আগমন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রত্যুষে বিছানায় বসিয়া প্রার্থনা—

প্রভাতে যঃ স্মরেন্নিত্যং দুর্গাদুর্গাক্ষরদ্বয়ম্।
আপদস্তস্য নশ্যতি তমঃ সূর্যোদয়ে যথা॥
গুরুর্মধ্যে স্থিতা মাতা মাতৃমধ্যে স্থিতো গুরুঃ।
গুরুর্মাতা নমস্তেঽস্তু মাতৃগুরুর্নমাম্যহম্॥
চণ্ডিকাং হৃদয়ে না পি যঃ স্মরেৎ সততং নরঃ।
হৃষ্টং কামমবাপ্নোতি হৃদি দেবী সদা বসেৎ॥
প্রাতঃ প্রভৃতি সায়াহ্নং সায়াহ্নাৎ প্রাতরন্ততঃ।
যৎ করোমি জগন্মাত তদস্তু তব পূজনম্॥

'ওঁপ্রিয়দত্তায়ৈ ভূবে নমঃ' বলিয়া পৃথিবীকে প্রণাম করিবে।

ভ্রমণের সময় পূজা—

যো মাং পশ্যতি সর্বত্র সর্বং চ ময়ি পশ্যতি।
তস্যাহং ন প্রণশ্যামি স চ ন মে প্রণশ্যতি॥
সর্বভূতস্থিতং যো মাং ভজত্যেকত্বমাস্থিতঃ।
সর্বথা বর্তমানোঽপি স যোগী ময়ি বর্ত্ততে॥
বাসুদেবঃ সর্বমিতি যঃ পশ্যতি স পশ্যতি।

অনেক সাধক ভ্রমণের সময় শ্বাস প্রশ্বাসের তালে তালে মেরুদণ্ডের ভিতর দিয়া মনউঠানামার সঙ্গে সঙ্গে নাম জপেরও বিধান দিয়া থাকেন।

স্নানের সময় পূজা

আত্মেন্দ্রিয় সমাযুক্তঃ দেহং শ্রীহরিমন্দিরম্।
স্নানেন শোধনং তস্য বিধেহি কৃপয়া তব॥
অদ্ভিঃ গাত্রাণি শুধ্যন্তু মনঃ সত্যেন শুধ্যতু।
বিদ্যাতপোভ্যাং ভূতাত্মা বুদ্ধি জ্ঞানেন শুধ্যতু॥

তর্পন

ওঁ আব্রহ্মভুবনল্লোকা দেবর্ষি পিতৃমানবাঃ।
তৃপ্যন্তু পিতরঃ সর্বে মাতৃমাতামহাদয়ঃ॥
অতীত কুলকোটীনাং সপ্তদ্বীপ নিবাসিনাং।
ময়া দত্তেন তোয়েন তৃপ্যন্তু ভুবনত্রয়ম্॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রার্থনা—

ওঁ অসতো মা সদ্গময়, তমসো মা জ্যোতির্গময়
মৃত্যোর্মামৃতং গময়। আবিরাবীর্ম এধি।
রুদ্র যত্তে দক্ষিণং মুখম্ তেন মাং পাহি নিত্যম্॥
ভদ্রং কর্ণেভিঃ শৃণুয়াম ভদ্রং চক্ষুভিরবলোকয়াম।
ভদ্রং মনোভিশ্চিন্তয়াম ভদ্রং বাহুভিঃ সাধয়াম॥
সর্বেঽত্র সুখিনঃ সন্তু সর্বে সন্তু নিরাময়াঃ।
সর্বে ভদ্রানি পশ্যন্তু মা কশ্চিদ্দুঃখমাপ্নুয়াৎ॥

আহারে পূজা—

অন্নশোধন

এতদন্নাদিকং সর্বং ওঁ ব্রহ্মার্পণমস্তু।
ব্রহ্মার্পণং ব্রহ্মহবিঃ ব্রহ্মাগ্নৌ ব্রহ্মণা হুতম্।
ব্রহ্মৈব তেন গন্তব্যং ব্রহ্ম কর্ম সমাধিনা॥

ভোজন

ওঁ প্রাণায় স্বাহা, অপানায় স্বাহা, সমানায় স্বাহা, উদানায় স্বাহা, ব্যানায় স্বাহা। খাইতে বসিয়া অনুভব করিবে কে তোমার ভিতরে বসিয়া খাইতেছেন। তখন দেখিবে তোমার খাওয়া ভগবদ্ আহারে গিয়া পর্যবসিত হইয়াছে।

প্রণাম

যোঽয়ং দেবোঽন্তরে তিষ্ঠন্ পচত্যন্নং চতুর্বিধম্।
যেন দত্তমিদং সর্বং তস্মৈ পরাত্মনে নমঃ॥

কার্যক্ষেত্রে পূজা

কোনো কাজ করিতে যাইবার পূর্বে মনে মনে প্রার্থনা।

যদযৎ কৃতং হৃষীকেশ তৎসর্বঞ্চ ত্বয়া কৃতম্।
নিমিত্তমাত্রং লোকোঽয়ম্ ইতি মে নিশ্চলা মতিঃ॥
কায়েন বাচা মনসেন্দ্রিয়ৈর্বা বুদ্ধ্যাত্মনাবানুসৃতেঃ স্বভাবাৎ।
করোমি যদ্যৎ সকলং পরস্মৈ নারায়ণায়ৈব সমর্পয়ামি॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শয়নে পূজা

"শয়নে প্রণাম জ্ঞান নিদ্রায় কর মাকে ধ্যান" সাধকগণ পূর্ণ আত্ম নিবেদন করিয়া মায়ের অভয় ক্রোড়ে পূর্ণভাবে বিশ্রাম লাভ করিতে চেষ্টা করেন। শয়নের সময় বিছানার ভিতরে মায়ের কোমল কোলের চিন্তা করিয়া অনুভব করিবে কাহার স্নেহ শীতল স্পর্শে তোমার দেহমনের সব অবসাদ ও গ্লানি দূর হইয়া যাইতেছে। এই অনুভূতির ফলে তোমার নিদ্রা গিয়া সমাধিতে পর্যবসিত হইবে।

পূজা প্রণালী

স্মরণ—পূজায় (আসনে) বসিবার পূর্বে গুরু ইষ্ট জগদম্বাকে, মূলে এক হইলেও, পৃথক পৃথক ভাবে প্রণাম করিবে। পূজার প্রতি কর্মের অবসানেও তাঁহাদিগকে স্মরণ করিয়া প্রণাম করিবে।

ভাব—ভাবই সাধনার প্রাণ। উপলব্ধি করা চাই যেন শিশু হয়ে মায়ের কোলে বসে আছ, তিনি তোমার সব অভাব সব প্রার্থনা জানেন।

কাজ—শ্বাস প্রশ্বাসের দিকে লক্ষ্য রাখিবে, কোথা হতে উঠছে, কোথায় লীন হচ্ছে, দেখতে দেখতে মন সংযত হইবে মনাতীত জগতের স্ফুরণ হইবে।

কাল—ঠিক নির্দিষ্ট সময় সন্ধ্যোপাসনা করা চাই। কালের মধ্যে ক্ষণটি ধরা পড়িবে। অসমর্থে প্রায়শ্চিত্ত (জপসংখ্যা বৃদ্ধি) বিধেয়।

১। দিনে একবার, রাত্রে একবার নির্দিষ্ট সময় আত্মচিন্তা করিবে। কাল সংখ্যা ক্রমে বাড়াইবে।

২। নির্দিষ্ট আসনে বসিবে—পৃথিবীর (মায়ের) সঙ্গে যোগ অনুভব করা চাই—যোগসূত্রে লক্ষ্যের ফলে শূন্যে যাওয়া সহজ হইবে।

৩। যেখানে যেভাবে দৃষ্টি পড়িবে সেই স্থানের সেই ভাবের ভিতর দিয়া ব্রহ্ম পর্যন্ত পৌঁছিতে চেষ্টা করিবে আস্তে আস্তে প্রপঞ্চ মুছে যাইবে ব্রহ্ম স্ফুরিত হইবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪। নিজকে মনের বৃত্তিসকলের সাক্ষীরূপে রাখিতে চেষ্টা করিবে, যেন মনের সহিত তাদাত্ম ভাব না থাকে। অনন্ত ভাব রাশি এবং সু কু চিন্তা রাশি বাহির হইতে চিত্তে প্রবেশ করিয়া চিত্তকে বিচলিত করিতে চেষ্টা করে তাদাত্ম ভাবের অভাবে নিজে সাক্ষীভাবে থাকিতে পারিলে উহারা শুধু দৃশ্যরূপে পরিণত হইয়া চলিয়া যাইবে। চিত্তে বিকার জন্মিবেনা। নির্ব্বিকার অবস্থা লাভের ইহাই প্রথম সোপান। সাধু অসাধু কাহারও উপর বিচার ভাব মনে আসিবে না। শুধু দ্রষ্টা ভাবটাই থাকিবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সাধন সংকেত

**সকলে মিলিয়া শান্তভাবে পূজা করিলে অনুভূতিটা সহজে খুলিয়া যায়। সকলে মিলিয়া একটু নিয়মমত পূজা করিতে চেষ্টা করিও। সপ্তাহে একদিন যেন মিলিত ভাবে পূজা হয়। রাধাভাব—সমষ্টি ভাব—সর্বোৎকৃষ্ট ভাব কেন না নিজ সুখস্পৃহা নাই—সকলের সুখেই সুখী। স্বার্থের ভাব—সুখস্পৃহা ভক্তের থাকিতে পারে না—অপরের সুখে সে সুখী হয় অপরের আনন্দে সে আনন্দিত হয়। কর্মমাত্রকে পূজায় পরিণত করিতে হইবে। অলসতা আরাম প্রিয়তা নিজ সুখস্পৃহা ত্যাগ করিতে হইবে।

**ধর্মকে ধর্মবিশ্বাসকে জীয়ন্ত করিতে হইলে, যাহা ভাল বলিয়া, সত্য বলিয়া, কর্তব্য বলিয়া একবার অন্ততঃ অবধারণ করিয়াছে, বাহিরে কাজের ভিতর দিয়া তাহাকে মূর্তিমান জীয়ন্ত সত্যরূপে প্রতীয়মান করিতে চেষ্টা করিবে, সংস্কার কামনা বাসনা স্বার্থপরতা যেন তোমার এ স্বাধীনতায় বাধা জন্মাইতে না পারে।

**যে মন্ত্র নিজের ভিতর যাইতে যাইতে অবশেষে আত্মায় গিয়া প্রতিষ্ঠা লাভ করে, সে মন্ত্র প্রণবধ্বনির ন্যায় অন্যের ভিতর গিয়া তাহার আত্মা পর্যন্ত স্পর্শ করিতে কানের ভিতর দিয়া মরমে প্রবেশ করিতে সক্ষম হয়।

**যাহাতে মুখে শাস্ত্রমন্ত্র উচ্চারণের সঙ্গে সঙ্গে মনটাকে সেই মন্ত্রের অর্থচিন্তায় বিভোর রাখা যায়, যাহাতে প্রতীক মূর্তির পূজার সঙ্গে সঙ্গে ভিতর হইতে আসলতত্ত্ব সেই অমূর্ত্ত ব্রহ্মতত্ত্ব ফুটিয়া বাহির হইবার সুযোগ পায় সেইদিকে বিশেষ দৃষ্টি রাখিতে হইবে।

**কথা ভাব ও কাজের মধ্য দিয়া তৎচিন্তনং তৎকথনং অন্যোন্যং তৎপ্রবোধনং এতদেক পরত্বঞ্চ, এই ভাবে অভ্যাসযোগ সাধন করা আবশ্যক।

**ভগবান বা কোনো মহাপুরুষকে অনেকে পাইতে ইচ্ছা করেন অথচ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমরা ভাবিয়া দেখি না তাঁহাদের কিভাবে কতটা পাওয়া যায়। প্রথমত বুঝিতে হইবে যাহা পাইতে চাই তাহা কি পদার্থ—স্থূল সূক্ষ্ম কারণ কি গুণাতীত। স্থূলদেহাদি আত্মার প্রকাশ বা প্রকাশের যন্ত্র। যন্ত্রকে ধরার দরকার যন্ত্রীকে পাওয়ার জন্য। যন্ত্র আদরের তাহা যন্ত্রীর জিনিস বলিয়া। তাঁহাকে যে পাইতে চায় তাহার বুঝিতে হইবে তিনি কি? তাঁহার শরীরে অত্যাবশ্যক প্রয়োজন সাধন করিয়া দেখিতে হইবে তাহার মনটা কি রকম, তিনি কি চান, তিনি কিরূপ হইতে আবার কিরূপ হওয়াইতে চান এবং তাঁহার চিত্তে কিরূপ আদর্শ পোষণ করেন। সেইটি জানিয়া সেই আদর্শে জীবন গঠন করিতে হইবে। আমার ভিতরটা যত সেই ভাবে ভাবিত হইবে ততই তাঁহার সান্নিধ্য লাভ করিবে। তখন আর দূরে দূরে থাকিতে হইবে না এমন কি মৃত্যুও ব্যবচ্ছেদ ঘটাইতে পারিবেনা। ওয়া মানে হওয়া, জানিয়া বুঝিয়া সাধন করিয়া তন্ময়তা লাভ করা, তিনি হইয়া যাওয়া।

মানসপূজা—আরাধ্য দেবতাকে মূলাধার হইতে অনাহতে (হৃদয়ে) লইয়া গিয়া সোমধারায় (সহস্রার বিগলিত) অভিষেক করিয়া পঞ্চবিংশতি তত্ত্বরূপে গন্ধ, অহিংসা, ক্ষমা আদি দ্বাদশ পুষ্প (অহিংসা পরমং পুষ্পং পুষ্পমিন্দ্রিয়নিগ্রহঃ দয়া পুষ্পং ক্ষমা (পুষ্পং জ্ঞান পুষ্পঞ্চ পঞ্চকং) দ্বারা ভূষিত করিয়া, তেজোরূপ দীপ, বায়ুরূপ ধূপ, সূর্যরূপ দর্পণ, চন্দ্ররূপ ছত্র, পদ্মরূপ মেখলা, আনন্দরূপ উত্তম হার, অনাহত ধ্বনিরূপ ঘণ্টা, সুধা-রসময় অমৃতরূপ পায়স নিবেদন করিবে। সব তত্ত্ব সব সৌন্দর্য মাধুর্য জ্ঞান আনন্দ যে মা হইতে আগত তাহা উপলব্ধি করিবে। সব তত্ত্ব সব অমৃত মায়েরই প্রসাদ মায়েরই কৃপা প্রসূত। সব মায়ের রূপে ভাবে যে পরিপূর্ণ তাহা অনুভব করিবে। মনের সব বৃত্তি, চিত্তের সব ভাব সমস্ত সত্তা চৈতন্য আনন্দ যে মায়েরই কৃপার দান এ তত্ত্ব উপলব্ধি করিবে। পরে বাহ্যিক গন্ধ পুষ্পাদিও যে এসব ভাবের প্রতীক তাহা উপলব্ধি করিয়া মাতৃময় হইয়া যাইতে চেষ্টা করিবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

**সব হাসিমুখে সহ্য করা চাই। নিন্দা, দুঃখ অসুখাদির যদি প্রকৃত পক্ষে কোন কারণ থাকে তাহা দূর করার চেষ্টা করা উচিত কিংবা মনে করিবে প্রাক্তনে ছিল তাই ভোগ হয়ে যাচ্ছে—এই ভাবটা নিয়া আনন্দে থাকা চাই। যারা ভগবানের সঙ্গে যুক্ত তাহাদের মনে অশান্তি দুর্ভাবনা আসিতেই পারে না। চিন্তা ভাবনা মন খারাপ করা অবিশ্বাসী নাস্তিকের লক্ষণ।

**দীক্ষা মানে গোপ্তৃত্বে বরণং তথা, তিনি আছেন তিনি আমার রক্ষার পালনের পোষণের ভার নিয়েছেন, আমি নিশ্চিন্ত তাঁর কৃপায় আমার সব হবে, এইরূপ আশাযুক্ত হয়ে থাকা। সাধন ভজন নাস্তিকের জন্য নয়। প্রথমেই চাই আস্তিক্য বুদ্ধি। তিনি আছেন আমার যাহাতে ভাল হয় তাহাই তিনি করিতেছেন করিবেন। এই দৃঢ় বিশ্বাস থাকিলে তাহার কখনো হতাশার ভাব আসিতে পারে না। সাধনভজনের গোড়ার কথাই বিশ্বাস। ইহা না হইলে তাহার পরের কথা বলা যায় না। স্বেচ্ছাপ্রণোদিত হইয়া গুরু, শাস্ত্র, বিবেকের নির্দেশে চলিলে পরে ভগবৎ ইচ্ছা বুঝা যায় তাহার পূর্বে নয়। এই বিশ্বাস পাকা হইলে সন্তুষ্টম্ সততম্ যোগী হওয়া যায়।

**ভিতরে যে সমস্ত ময়লা আছে দূর করিবার সময় তাহা বিশেষ রূপে প্রকাশ পায়। অশান্তি আদিরও উদয় হয়। সে সময় ঘাবড়াইতে নাই। আমার ভগবান আছেন তিনি মঙ্গলময় এই বিশ্বাসে দৃঢ় প্রতিষ্ঠ থাকা চাই।

**ঘোর আসক্ত ব্যক্তি যে ভাবে প্রিয়জনের প্রিয়বস্তুগুলির যত্ন করেন পূর্ণ অনাসক্ত হইয়া ঠিক সেই ভাবে সকল জিনিসকে সকল জীবকে ভালবাসিতে হইবে—যত্নে রাখিতে হইবে। সক্তাঃ কর্মন্যবিদ্বাংসো যথা কুর্বন্তি ভারত। কুর্য্যাদ্বিদ্বা স্তথাসক্তশ্চিকীর্ষুর্লোকসংগ্রহম্। হৃদয়হীন হইয়া সংসার হইতে দূরে থাকা—সাংসারিক সুখদুঃখ সম্বন্ধে উদাসীন থাকা সহজ কথা। কিন্তু সাবধান—এই অবস্থায়ও যদি নিজের দুঃখে বিচলিত হও নিজের প্রিয়জনদের প্রিয়বস্তুর বা আপন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দেহাদির জন্য সচেষ্ট থাক তবে জানিও তোমার অবস্থা পাথর হইতেও তমোভাবাপন্ন। আসক্তি হইতেও হৃদয়হীনতা অমার্জনীয়। সকলকে এমন পবিত্র ভাবে ভালবাসিতে হইবে যেরূপ ভালবাসা তাহারা মা বাবা পুত্রকন্যা স্বামীস্ত্রী হইতেও আশা করিতে পারে না। কিন্তু কোথাও আসক্তি থাকিলে চলিবে না।

**সমস্ত জীবন ভরিয়া শুধু একটি তত্ত্ব শিক্ষা করিয়াছি। সেইটি এই —নির্ম্মম নিরহঙ্কার প্রতিষ্ঠার মোহ বর্জিত না হইলে ভগবত্তত্ত্ব বুঝিতে পারা যায় না। ভগবানকে পাওয়া যায় না।

**সংস্কার বর্জিত আসক্তিশূন্য হইয়া যাহা দেখিবে তাহার মধ্যে ভগবৎদর্শন যাহা শুনিবে তাহার মধ্যে ভগবৎবাণী শ্রবণ যাহা মনে আসিবে তাহার মধ্যে ভগবৎ ইচ্ছার আভাস অনুভব করিতে পারিবে। তখন যাহা করিবে তাহাই যজ্ঞ। যাহা বলিবে তাহাই বেদ। যাহা ভাবিবে তাহাই আরাধনা।

**অপরের নিকট হইতে যে কথা শুনিলে যে কাজ দেখিলে যে ভাব পাইলে তোমার ভাল লাগে না অপরের সম্বন্ধে কি সম্মুখে সেরূপ কথা বলিতে কি কাজ করিতে যাইও না। অপরের যে দোষ তোমার নজরে পড়ে নিজের ভিতরকার সেই দোষ কখনও ক্ষমা করিও না। দোষ খুঁজিবে নিজের ভিতরে, সর্বদা গুণ খুঁজিবে অপরের ভিতরে।

**যাহাকে ভাল লাগিবে না তাহার নিন্দা না করিয়া তাহা হইতে সর্বদা দূরে থাকিবে। যে দোষ দেখাইয়া দিবে তাহার উপর হইবে সন্তুষ্ট।

**খারাপ কাজ, খারাপ লোক দেখিয়া বিচলিত হইও না। পাপী-তাপীর মধ্যেও তিনি আছেন। তাহাদের ভিতরে থাকিয়া তিনি কি ভাবে তোমাকে কুকাজের পরিণাম দেখাইয়া দিয়া কুপথ হইতে রক্ষা করিতেছেন তাহা স্মরণ করিয়া গুরুজ্ঞানে তাহাদিগকে প্রণাম করিবে। তাহারা নিজের জীবন দিয়া পাপের ভীষণ পরিণাম না দেখাইয়া দিলে কখনও সৎপথে চলিতে প্রবৃত্তি জাগিত না। চাই সর্বত্র নতি। মাথাটা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উঁচুতে থাকিতে চায়। অহঙ্কার বাড়াইয়া তুলিতে চেষ্টা করে। ইহাকে নত রাখা দরকার। মনে করিও না কুলোক শয়তানের সৃষ্ট, কুকাজ শয়তান কর্তৃক চালিত। যে সাধু সে সর্বত্র ভগবানের লীলা দর্শন করে। সব কাজের ভিতরে ভগবানের মঙ্গলময় হস্ত দেখিতে পায়।

সাধনের অধিকারী

১) ভগবদ্ বিশ্বাসী—তিনি আছেন তিনি মঙ্গলময়, পরম আপনার জন—কল্যাণ সাধনে রত। সকলই তাঁর কৃপার নিদর্শন। যখন এত করিয়াছেন ও করিতেছেন তখন আমার আর চিন্তা কি? সতত সন্তুষ্ট, নির্ভরশীল, ভয় ও চিন্তা রহিত। গোপ্তৃত্বে (রক্ষাকর্ত্তা রূপে) বরণ করিতে প্রস্তুত।

২) পিপাসী—যাহা আছে তাহাতে অতৃপ্ত, ভগবদ্লাভের জন্য তীব্র আকাঙ্ক্ষা। তাঁহাকে পাওয়ার জন্য সব স্বার্থত্যাগে (ধন জন জীবন যৌবন ত্রিবিধ ইচ্ছা) প্রস্তুত।

৩) গুরুভক্ত—শাস্ত্রে সজ্জনে ও গুরুতে ভক্তিযুক্ত।

৪) শীলগ্রহণে প্রস্তুত—সংযমী, কামনা বাসনা (আসক্তি পেটুকতা বর্জ্জন, সংযত বাক্ ব্রহ্মচারী ব্রতে স্থিত) ত্যাগে তৎপর। বিনয়ী নির্মমো নিরহংকার।

৫) নিজের ভিতরে দোষ—অপর সকলের ভিতরে গুণ অন্বেষী।

৬) সর্বভূত হিতে রত, "কায়েন মনসা বাচা ন কুর্য্যাৎ প্রাণিপীড়ণম্"

৭) যুক্ত বৈরাগ্যবান, যুক্তাহারবিহারাদি সম্পন্ন। অনাবশ্যক দ্রব্য ও চিন্তা দ্বারা অপীড়িত।

৮) অনাসক্ত অনুরাগী—সকলকে প্রাণ ভরিয়া ভাল বাসিবে অথচ কোথাও মোহ প্রাপ্ত হইবেনা।

৯) বিধাতায় ভক্তিযুক্ত ও বিধান পালনে সচেষ্ট।

১০) পরনিন্দা পরচর্চ্চা হইতে রে অবস্থিত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১১) নিষ্ঠাযুক্ত, নিয়মমতন সদগ্রন্থপাঠ সাধনা সৎচিন্তা সেবারত নিয়মানুবর্তিতা (সকালে শয়ন উত্থান ভ্রমণ রত)

১২) স্বাবলম্বী—অপরিগ্রহ।

১৩) কাম্য নিষিদ্ধ বর্জ্জন, নিত্য নৈমিত্তিক উপাসনা রত। শমদম তিতিক্ষা উপরতি সমাধান মুমুক্ষু যুক্ত।

১৪) সতত সন্তুষ্ট বর্তমানে রত।

আনুকূলস্য সঙ্কল্পঃ প্রাতিকূলস্য বর্জনম্
রক্ষিষ্যতীতি বিশ্বাসো গোপ্তৃত্বে বরণং তথা।
আত্মনিক্ষেপকার্পণ্যে ষড়্‌বিধা শরণাগতিঃ।

(১) আনুকূলস্য সঙ্কল্প :—অনুকূল বিষয়ের সঙ্কল্প
(২) প্রাতিকূলস্য বর্জনম্—প্রতিকূল বিষয় বর্জন
(৩) রক্ষিষ্যতীতি বিশ্বাসঃ—তিনি রক্ষা করিবেন এই বিশ্বাস
(৪) গোপ্তৃত্বে বরণং তথা—রক্ষকত্বে বরণ করা
(৫) আত্মনিক্ষেপ—তাঁহাকেই আত্মসমর্পণ
(৬) কার্পণ্যং—তাঁহার চরণে আর্তিজ্ঞাপন
(৭) ষড়বিধা শরণাগতিঃ—এই ছয়টি শরণাগতির কারণ

সাধকের ভক্তিবিকাশের ক্রম—

আদৌ শ্রদ্ধা ততঃ সাধু সঙ্গোহথ ভজনক্রিয়া।
ততোহনর্থ নিবৃত্তিঃ স্যাৎ ততো নিষ্ঠা রুচিস্ততঃ॥
অথাসক্তিস্ততো ভাব স্ততঃ প্রেমাভ্যুদঞ্চতি।
সাধকানাময়ং প্রেম্নঃ প্রাদুর্ভাভবেৎ ক্রমঃ॥
ক্ষান্তিরব্যর্থকালোত্বং বিরক্তির্মানশূন্যতা।
আশাবন্ধঃ সমুৎকণ্ঠা নাম গানে সদারুচিঃ॥

কোনো ভাগ্যে কোনো জীবের শ্রদ্ধা যদি হয়।
তবে সেই জীব সাধুসঙ্গ যে করয়॥
সাধুসঙ্গ হৈতে হয় শ্রবণ ও কীর্তন।
সাধন ভক্ত্যে হয় সর্বানর্থ নিবর্তন॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনর্থ নিবৃত্তি হৈতে ভক্ত্যে নিষ্ঠা হয়।
নিষ্ঠা হৈতে শ্রবণাদ্যে রুচি উপজায়॥
রুচি হৈতে হয় তবে আসক্তি প্রচুর।
আসক্তি হৈতে চিত্তে জন্মে কৃষ্ণ প্রীত্যঙ্কুর॥
সেই ভাব গাঢ় হৈলে ধরে প্রেম নাম।
সেই প্রেম প্রয়োজন সর্বানন্দ ধাম॥
এই নবপ্রীত্যঙ্কুর যার চিত্তে হয়।
প্রাকৃত ক্ষোভেতে তার ক্ষোভ নাহি হয়॥
কৃষ্ণ সম্বন্ধ বিনা ব্যর্থ কাল নাহি যায়।
ভুক্তি সিদ্ধি ইন্দ্রিয়ার্থ তারে নাহি ভায়॥
সর্বোত্তম আপনাকে হীন করি জানে।
কৃষ্ণ কৃপা করিবেন দৃঢ় করি মানে॥
সমুৎকণ্ঠা হয় সদা লালসা প্রধান।
নামগানে সদারুচি লয় কৃষ্ণ নাম॥
কৃষ্ণগুণাখ্যানে হয় সর্বদা আসক্তি।
কৃষ্ণ লীলাস্থানে করে সর্বদা বসতি॥

শ্রীচৈতন্য চরিতামৃতের ভাষায়

সংকীর্ত্তন যজ্ঞে করে কৃষ্ণ আরাধন।
সেই ত সুমেধা পায় কৃষ্ণের চরণ॥
নামসংকীর্ত্তন্ হৈতে সর্বানর্থনাশ
সর্ব শুভোদয় কৃষ্ণ প্রেমের উল্লাস॥

শিক্ষাষ্টকং

চেতোদর্পণমার্জ্জনং ভবমহাদাবাগ্নি নির্বাপণম্
শ্রেয়ঃ কৈরবচন্দ্রিকা বিতরণম্ বিদ্যাবধূজীবনম্।
আনন্দাম্বুধিবর্দ্ধনং প্রতিপদং পূর্ণামৃতাস্বাদনং
সর্বাত্মস্নপনং পরং বিজয়তে শ্রীকৃষ্ণ সংকীর্ত্তনম্॥ ১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীকৃষ্ণসংকীর্তন জীবের

(ক) চিত্তরূপ দর্পণকে মার্জনা করে

(খ) সংসাররূপ মহাদাবানলকে নির্বাপিত করে

(গ) জীবের মঙ্গলরূপ কৌমুদীতে জ্যোৎস্না বিতরণ করে

(ঘ) ইহা বিদ্যাবধূর জীবন সদৃশ

(ঙ) ইহা আনন্দরূপ সমুদ্রকে বর্দ্ধিত (উচ্ছলিত) করে

(চ) ইহা প্রতি পদেই পূর্ণামৃত আস্বাদন করে

(ছ) ইহা মন আদি সমস্ত ইন্দ্রিয়বর্গের তৃপ্তি দায়ক

যাহা চিত্তদর্পণকে নির্মল করে, সংসাররূপ মহাদাবাগ্নিকে নির্বাপিত করে ও মুক্তিরূপ শ্বেতপদ্মের উপর জ্যোৎস্না বর্ষণকরে, যাহা পরাবিদ্যারূপ বধূর জীবনস্বরূপ আনন্দ সাগরের স্ফীতি সম্পাদক, প্রতিপদে পূর্ণামৃত আস্বাদক এবং সকল আত্মার অবগাহন স্নানসম্পাদক সেই শ্রীকৃষ্ণ, সংকীর্তন বিশেষ জয়যুক্ত হয়।

নাম্নামকারি বহুধা নিজসর্বশক্তিস্তত্রার্পিতা নিয়মিতঃ স্মরণেন কালঃ।

এতাদৃশী তব কৃপা ভগবন্ মমাপি দুর্দৈবমীদৃশমিহাজনি নানুরাগঃ ॥২

তোমার নামাবলী বহু প্রকারে প্রকাশিত হইয়াছে। তাহাতে তোমার সকল শক্তি অর্পিত হইয়াছে, নাম স্মরণ বিষয়ে কোনও সময়ের বিধিও নাই। হে ভগবান! তোমার এমনই করুণা কিন্তু আমার এমনই দুঃখ যে এইজন্মে অনুরাগ জন্মিল না ॥ ২

তৃণাদপি সুনীচেন তরোরিব সহিষ্ণুনা। অমানিনা মানদেন কীর্তনীয়ঃ সদা হরিঃ ॥৩

তৃণ হইতেও অবনত, এবং বৃক্ষ হইতেও সহিষ্ণু হইয়া, নিজ অভিমান ত্যাগ করিয়া এবং অপরকে সম্মান প্রদর্শন করিয়া সর্বদা শ্রীহরির কীর্তন করা উচিত। ৩

ন ধনং ন জনং ন সুন্দরীং কবিতাং বা জগদীশ কাময়ে।
মম জন্মনি জন্মনীশ্বরে ভবতাদ্ভক্তিরহৈতুকী ত্বয়ি ॥ ৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হে জগদীশ! আমি ধন জন সুন্দরী বা সর্বজ্ঞত্ব কামনা করি না; হে ভগবান্! তোমাতে যেন জন্মে জন্মে আমার অহৈতুকী ভক্তি হয়। ৪

অয়ি নন্দতনূজ কিঙ্করং পতিতং মাং বিষমে ভবাম্বুধৌ।
কৃপয়া তব পাদপঙ্কজস্থিত ধূলিসদৃশনং বিচিন্তেয় ॥ ৫

হে নন্দসুত দুস্পার ভবসিন্ধুতে পতিত দাস আমাকে কৃপাপূর্বক তোমার চরণকমলের ধূলির সমান মনে কর। ৫

নয়নং গলদশ্রুধারয়া বদনং গদ্গদরুদ্ধয়া গিরা।
পুলকৈর্নিচিতং বপুঃ কদা তব নাম গ্রহণে ভবিষ্যতি ॥ ৬

তোমার নামগ্রহণে কখন আমার নয়ন গলদশ্রুধারায়, বদন বাষ্পরুদ্ধ বাক্যে এবং শরীর রোমাঞ্চে পূর্ণ হইবে। ৬

যুগায়িতং নিমেষেণ চক্ষুষা প্রাবৃষায়িতম্।
শূন্যায়িতং জগৎসর্বং গোবিন্দবিরহেণ মে॥ ৭

গোবিন্দের বিরহে আমার সকাশে নিমেষ যুগযুগান্তরের ন্যায় মনে হয়, নয়নে বর্ষার ধারার ন্যায় অশ্রুর সমাগম হয়, এবং নিখিল বিশ্ব শূন্যে মিলাইয়া যায়। ৭

আশ্লিষ্য বা পাদরতাং পিনষ্টু মাম্ অদর্শনাৎ, মর্মাহতাং করোতু বা।
যথা তথা বা বিদধাতু লম্পটো মৎপ্রাণনাথস্তু সএব না পরঃ ॥৮

সেই রসরাজ পদানুরক্ত আমাকে আলিঙ্গনপূর্বক পেষিতই করুন, অথবা দর্শন না দিয়া মর্মে বিদ্ধই করুন, কিংবা আমায় যথেচ্ছ ব্যবহার করুন, তথাপি তিনিই আমার প্রাণনাথ, অপর কেহ নহে। ৮

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শুদ্ধিপত্র

পৃষ্ঠা	লাইন	অশুদ্ধ	শুদ্ধ
IV	২	অনিসন্ধিৎসু	অনুসন্ধিৎসু
২১	১৯	পৃঃ ৫২	পৃঃ ৫৫
২৮	১৩	অনাদি কারণ	অনাদি কারণের কারণ
৩৫	১২	হোমাদি	সব ক্রিয়াতে
৩৯	১৫	সচ্চিদানন্দধারী	সচ্চিদানন্দরূপধারী
৩৯	১৬	বৈদ্য	বেদ্য
৪০	৭৭	—	(৩ বার)
৪৫	১	সন্নাসী	সন্ন্যাসী
৪৫	১৭	প্রতিষ্টার	প্রতিষ্ঠার
৪৯	২৪	প্রেমাভিরাম্য	প্রেমাভিরামং
৫০	৫	কঙ্কালমালাবহুলেহতিরৌদ্রে	কঙ্কালমালাবহুলেঽতিরৌদ্রে
৫০	২৬	মমুব্রতানাং	মধুব্রতানাং
৫১	২২	কেহস্মীতি	কোঽস্মীতি
৬৫	৪	আকুল	অকুল
৭৩	৪	বণিবারে	বর্ণিবারে
৭৭	৭	গলায় পরে	গলায় পরে ডুবতে পারিতাম
৭৭	১৭	করি	কড়ি
৮১	১৭	ভাকউ	ডাকউ
৮৬	৬	তেজস	তেজসে
৮৬	১৩	ধান্তারীং	ধ্বান্তারীং
৮৭	৩	চক্ষুরুস্মীলিতং	চক্ষুরুন্মীলিতং
৮৭	৬	ভবাব্ধো	ভবাব্ধৌ
৮৮	১৬	বিরোধকরম্	বিবোধকরম্
৮৮	২১	শিব	শিবম্
৮৯	৮	প্রমহস	প্রমহসি
৯০	৩	শ্রুতিগিরো	শ্রুতিশিরো
৯২	১২	বিদ্যাঃ সমস্তাস্তব	বিদ্যাঃ সমস্তাস্তব
৯২	১৪	বিশ্বেশ্বরী	বিশ্বেশ্বরি
৯৩	৬	সানুকল্পে	সানুকম্পে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পৃষ্ঠা	লাইন	অশুদ্ধ	শুদ্ধ
৯৩	৮	পদরবিন্দে	পদারবিন্দে
৯৩	১৫	দন্তোঃ	জন্তোঃ
৯৪	৮	সুষুন্মা	সুষুম্না
৯৪	১৩	দেবী	দেবি
৯৬	১২	দেবৈঃ	দৈবৈঃ
৯৬	১।	মক্তাহারে	মুক্তাহারে
৯৬	১৮	ভারতী দেবী	ভারতি দেবি
৯৮	২৫	কাঙ্খতি	কাঙ্ক্ষতি
৯৯	৮	কাঙ্খতি	কাঙ্ক্ষতি
১০০	৮	তৎপ্রসাদৎ	তৎপ্রসাদাৎ
১০১	৬	তত্তখিলং	তত্তদখিলং
১০৬	১০	করিয়াছে	করিয়াছ
১০৭	১১	ওয়া	পাওয়া
১০৭	১৬	পুষ্পমিন্ত্রিয়	পুষ্পমিন্দ্রিয়
১১০	১১, ১২	তাঁহাকে .. প্রস্তুত।	তাঁহাকে পাওয়ার জন্য ধনজনজীবন যৌবন ত্রিবি ইচ্ছা সব স্বার্থত্যাগেধ প্রস্তুত।
১১০	২৪	রে	দূরে
১১১	১৬	কারণ	লক্ষণ
১১১	২১	প্রাত্বর্ভাভবেৎ	প্রাতুর্ভাবভবেৎ
১১১	২২	ক্ষান্তিরব্যর্থকালোত্বং	ক্ষান্তিরব্যর্থকালত্বং
১১১	২৩, ২৪	— আসক্তি স্তদ্‌গুণাখ্যানে প্রীতিস্তদ্বসতিস্থলে / ইত্যাদয়োঽনুভাবাঃ স্যুর্জাত ভাবাঙ্কুরে জনে ।।	
১১৩	২০	দুঃখ	দুর্দ্দৈব
১১৩	২১	সুনচেন	সুনীচেন
১১৪	৫	ধূলিসদৃশনং	ধূলিসদৃশং

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

HINDI AND ENGLISH BOOKS PUBLISHED BY SRIKRISHNA SANGHA

([illegible] Commission for Members only)

Puja-Tatta 4·00
Tatta-Katha 0·75
Sadhana Aur Mukti 5·00
Yajna-Tatta 2·00
Swamijiko Jibani Ebang Patrabali 6·00
Grihasta Ashram Me Bhagabat Sadhana 1·50

Puja Tatta (English) Rs. [illegible]
Lord as I Saw Him Rs. [illegible]
Swami Premananda Tirtha—Life [illegible] & Letters Rs. [illegible]

শ্রীকৃষ্ণসংঘ কর্তৃক প্রকাশিত বাংলা বই

(* তারকা চিহ্ন ব্যতীত অন্যান্য [illegible] গ্রাহকের জন্য অর্দ্ধমূল্য)

*১) পূজা	৬-০০	[illegible]	
২) পূজা-[illegible]	৪-০০	১৩) শোধন ও আত্মনিবেদন	৪-০০
৩) [illegible]	৪-৫০	১৪) [illegible]গীতা	৫-০০
৪) লীলা ও [illegible]	[illegible]	১৫) ঠাকুরের জীবনী ১ম	৬-০০
*৫) শ্রীকৃষ্ণ [illegible]	[illegible]	১৬) ঠাকুরের জীবনী ২য়	৭-০০
৬) জন্ম মৃত্যু	[illegible]	১৭) ঠাকুরের জীবনী ৩য়	৭-০০
৭) সাধনা ও মুক্তি ১ম	১০-০০	১৮) ঠাকুরের জীবনী ৪র্থ	৭-০০
৮) সাধনা ও মুক্তি ২য়	১০-০০	১৯) আনন্দ সাধনা	২-০০
৯) ভালবাসা ও সেবা	৪-০০	২০) দেবতাতত্ত্ব (১ম খণ্ড)	৫-০০
১০) হওয়া ও পাওয়া	১-৫০	২১) দেবতাতত্ত্ব (২য় খণ্ড)	৪-০০
১১) যজ্ঞতত্ত্ব	৮-০০		

বর্ত্তমানে ছাপা নাই :—

২২) [illegible]া, ২৩) আধ্যাত্মিক, ২৪) মর্ম্মকথা, ২৫) তত্ত্বকথা, ২৬) পুনর্জ্জন্ম ২৬) ঠাকুরের চিঠি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi